বিজ্ঞাপন।

বালিকা বান্ধবের প্রথম ভাগ মুদ্রিত ও প্রচারিত হইল। ইতি মধ্যেই বালকগণের প্রথম পাঠোপযোগী অনেক পুস্তক প্রচারিত হইয়াছে কিন্তু বালিকাগণের ব্যবহারোপ-যোগী পুস্তক প্রায়ই দৃষ্টি গোচর হয় না। এই নিমিত্ত আমি উদ্বাহু বামনের ন্যায় দীর্ঘ আশায় প্রলোভিত হইয়া উক্ত অসদ্ভাব পুরণার্থে কেবল বালিকা দিগের ব্যবহারার্থেই এই পুস্তক প্রণয়ন করিলাম। কেবল বালিকা-গণের অসংযুক্ত বর্ণ পরিচয় ও জিহ্বার জড়তা দূর করাই যে বালি-কা বান্ধবের উদ্দেশ্য এমন নাই। যাহাতে সুকুমার মতি বালিকা-গণের চিত্ত ক্ষেত্রে প্রথমবস্থা হইতেই ধর্ম্মের বীজ রোপিত, পরম পিতা পরমেশ্বরের প্রতি শ্রদ্ধা ভক্তি উদ্দীপিত এবং তাহাদের চিরপরিচিত কুসংস্কার সকল নিরাকৃত হয় তাহা ও ইহার এক প্রধান লক্ষ্য।

বহু কালাবধি বর্ণমালায় ষোলটি স্বর ও চৌত্রিশটি ব্যঞ্জন এই প-ঞ্চাশ অক্ষরে পরিগণিত ছিল। কিন্তু সম্প্রতি কোন২ মহাশয় সুবি-বেচনা পূর্ব্বক তাহার ব্যতিক্রম করিয়া ড়, ঢ়, য় ৺ প্রভৃতি কয়েকটী অক্ষরকে স্বতন্ত্র রূপে গণ্য করিয়াছেন, এই বিবেচনায় আমিও সেই কয়টী বর্ণ ও ৎ কে ও স্বতন্ত্র বর্ণ রূপে নির্দ্দিষ্ট করিয়াছি। এতদ্ভিন্ন আমি ইহাতে আর কয়েকটী নূতন নিয়ম প্রবর্ত্তিত করিয়াছি; বোধ করি তাহাতে বিদ্যার্থিনীবৃন্দের অপকার না হইয়া বরং যথেষ্ট উপকারই দর্শিবেক।

বিজ্ঞাপন।

যদি শিক্ষকগণ এতৎপ্রণালীর সমস্ত ধারাবলম্বন পূর্ব্বক শিক্ষা প্রদানে ক্রটি না, করেন তবে কেবল বালিকা বালকের এই প্রথম ভাগ খানি পাঠ করিয়াই যে বালিকাগণ অল্প আয়াসে অনেক প্রয়োজনীয় বিষয়ের জ্ঞান-লাভ করিবেক তাহাতে সন্দেহ নাই।

বালক বালিকাগণ পুস্তক মধ্যে পরিচিত পদার্থ সকলের নামই পাঠ করিলে যে রূপ আনন্দ বোধ করে ও তৎসমুদায় যে রূপ সাহার্য্য স্মৃতি-শৃঙ্খলে বদ্ধ রাখিতে পারে এমন আর কিছুই নাই এই বিবেচনায় বর্ণ বিন্যাস উদাহরণ স্থলে যাহাদের পরিচিত দ্রব্যাদির নাম সকল লিখিতে বিস্তর প্রয়াস পাওয়া গিয়াছে।

বালিকা বান্ধব।

প্রথমভাগ।

বর্ণমালা।

স্বর-বর্ণ।

অ	ই	উ	ঋ	ঌ
আ	ঈ	ঊ	ৠ	—
	এ	ও		
	ঐ	ঔ		

ব্যঞ্জন-বর্ণ।

ক খ গ ঘ ঙ। চ

ছ জ ঝ ঞ। ট ঠ ড

ঢ ণ। ত থ দ ধ ন।

প ফ ব ভ ম। য র

ল ব, শ ষ স হ,

ড় ঢ় ৎ য় ং ঃ ঁ

স্বর ও ব্যঞ্জন উভয়েরই পরিচয় হইলে শিক্ষক ছাত্রীদিগকে বুঝাইয়া দিবেন যে, উক্ত দ্বিবিধ ব্যতীত বর্ণমালায় আর বর্ণ নাই।

অক্ষর পরিচয় হইয়াছে কি না, জানিবার নিমিত্ত এক একটী করিয়া প্রস্তর অথবা কাষ্ঠের ফলকে, অক্ষর লিখাইয়া দেখিবেন।

স্বর সকলের রূপান্তর।

অ,	—	যথা ক, গ	ঋ, ৃ	যথা	কৃ, দৃ
আ,	া	" কা, গা	ৠ, ৄ	,,	মৄ, তৄ
ই,	ি	" কি, লি	এ, ে	,,	খে, লে
ঈ,	ী	" কী, নী	ঐ, ৈ	,,	খৈ, দৈ
উ,	ু	" কু, গু	ও, ো	,,	কো, নো
ঊ,	ূ	" কূ, মূ	ঔ, ৌ	,,	গৌ, নৌ

এস্থলে, শিক্ষক ছাত্রীদিগকে কেবল স্বরের প্রতিরূপ গুলিই শিখাইবেন। তাহার বানান অর্থাৎ তাহাদের যোগে ব্যঞ্জনের কি রূপ উচ্চারণ পরিবর্ত্ত হয় তাহা শিখাইতে হইবে না। তাহাতে ছাত্রীদিগের সুবিধা না হইয়া বরং অসুবিধাই হইবে।

অচ	আজ	ইহ	ঋক	ওজ
অজ	আট	ইট	ঋণ	ওঘ
অথ	আন	ঈশ	এক	বংশ
অর	আম	উর	হংস	বন
অংশ	আঁস	ঊন	ওক	সব

ং ঃ ঁ প্রভৃতি কয়েক বর্ণের উচ্চারণ শিক্ষার নিমিত্ত স্বতন্ত্র স্থল নির্দ্দিষ্ট হয় নাই। শিক্ষকগণ তদ্বিষয়ক বাচনিক উপদেশ দিবেন।

অমল	আসন	কারণ	দংশন
অসহ	আতর	কমল	কবচ
অলস	আপন	গরল	লবণ
অধর	আদর	গমন	চরণ
অপর	আসর	তসর	গগণ

বসন্ত	ভরত	জনক	আসল
খড়ম	গরম	আতর	তনয়
শরৎ	সহজ	ভবন	নয়ন
নরম	ধবল	গহন	সরস

জল-চর	হল-ধর	বৎসর
জল-ধর	উভ-চর	আ-ভরণ
অ-সময়	বন-চর	পর-বশ
আ-চরণ	দশ-রথ	বৎসল

প্রথম পাঠ।

বই পড়	আট জন	আম ফল
কল ধর	ইট আন	অংশ কর
মল পরু	এক জন	আতর আন

সদাশয়	আমাশয়	জাগরণ
অনায়াস	মহাশয়	অকারণ
সদাগর	পরামর	সনাতন

দ্বিতীয় পাঠ।

মহামায়া বড় খারাপ। আমার দাদার নাম রাখাল দাস। আমার কলম নাই। কাগজও নাই। সরকার আমায় কাগজ কলম

বাবা আমায় একটা আনারস দাও।

ও দিদা, ওই কালাপানা বই খানা কার গা?

আমার বড় দাদার বই। ইহার নাম মহাভারত।

ভাত খাও। কাপড় পর। পাঠ কর।

বড় বকা অনুচিত

অলস হওয়া ভাল নয়। সদা কাজ কর। আমড়া বড় টক। মাকাল ফল। বড় পাতলা কাপড় পরা ভাল নয়। এস গান গাই।

উপাসনা কর তাঁর, নাই যাঁর কায়।
দয়াকর নাম যাঁর, সদা জপ তায়।
যাঁহার দয়ায় নর, পায় পদ কর,
সব ছাড় আর যত, তাঁর নাম কর।

গানগুলি ছাত্রীরা যেন সকলে সমস্বরে গাহিতে শিখে।

ই = ি   ক + ই = কি ।

আমি	বিধি	মিসি	তিল
কালি	ছাতি	বিবি	গিরি
খানি	লাঠি	পিতা	দিন
গালি	মাটি	তিসি	মেথি
গদি	চিঠি	খিলি	নিশা

এসিয়া	[illegible]	আবির	গাভিন
বিজয়া	সিঁদুর	বিলাত	জিলিপি
সিংহল	বালিকা	বিমলা	তাবিজ
দাড়িম	সাটিন	মরিচ	বিবাহ
ছাতিম	সবিতা	চিরতা	সরিষা

অতিশয়	নিধিরাম	ইতিহাস	মানিলাম
অতিসার	মতিলাল	অবিদিত	জানিলাম
অভিসার	দিননাথ	অবিকল	মারিয়াছি
অবিনাশ	অভিনব	পরিবার	রামমণি
হরিদাস	অধিবাস	পিতামহ	বারিনিধি

অধিকরণ	অপরিচিত	অনধিকার
অনতিশয়	অভিলষিত	বিচারালয়

ঈ = ী   ক + ঈ = কী

কালী   বলী   মীন   নদী
মালী   নলী   সারী   পীড়া
শালী   মামী   নানী   নীতি
আলী   দাসী   ফণী   মসী
রাণী   মানী   ধনী   নারী

কামিনী   সুশীলা   জাহ্নবী   ভবানী
দামিনী   যামিনী   জানকী   নবীন
ভাবিনী   তামসী   অলীক   মালিনী
জননী   সারসী   কিরীট   তারিণী
রজনী   সরসী   একাকী   জীবন

কালীঘাট   মহারাণী   রমণীয়   দিনহীন
বিধায়িনী   সমীরণ   মায়াবিনী   দীননাথ
বিভাবরী   বিকীরণ   পাগলিনী   মীনদল
সহচরী   বিদীরণ   হরিতকী   হীনবল
পঠনীয়   আমলকী   বিপরীত   বীতরাগ

বংশীবদন পরিশীলন। অংশীকরণ
হংসীশাবক সমীচীনতা দংশনকারী

ছাত্রীরা যাহাতে হ্রস্ব ও দীর্ঘ স্বরের প্রকৃত উচ্চারণ বুঝিতে ও করিতে পারে, শিক্ষক তদ্বিষয়ে শিক্ষা দিবেন।

চতুর্থ পাঠ

রমণীয় ঘাট। মায়াবিনী রমণী। বিপরীত আচরণ। রজনী র অবসান হইল।

শীতল সমীরণ বহিল। নলিনী দল বিকশিত হইল।

মায়াবিনী মিছা কথা কয় না। তার ভগিনী তারিণী ও বড় ভাল। আমি তায় বড় ভাল বাসি।

ভাই ভগিনী গুলির সহিত ঝকড়া করিওনা। কামিনীর কাপড় নাই। ভানিনীর বই নাই।

ু = গ + ু = গু

গুণ	তুল	মধু	গুরু	গরু
মুনি	চুণ	সাধু	রুচি	হুল
চুল	দুঃখ	বিধু	চাকু	পুরু
ফুল	কুলা	তুলা	রুটি	মুচী
কুল	চুপ	সাগু	খুঁটি	দুধ

বিমুখ	মাদুর	দুঃশীল	ভুবন
তুলনা	মাদুলী	বাতুল	দুঃখিত

কুকুর	মানুষ	সুতালি	তালুকা
পুতুল	ঝিনুক	কুড়ালি	ভালুক
পুরাণ	পুকুর	চিকুর	সুপাক

অংশুমান	সুমধুর	অনুমান	হনুমান
গুণবান্	সমুদায়	মুনিসুত	সুসময়
সাধুবাদ	জামরুল	সুবচনী	কুবচন
অনুবাদ	কাপুরুষ	পুনরায়	দুঃসাহস
নিঃসংশয়	আমরুল	অভিবাদ	সাধুজন

অনুগমন	বাদানুবাদ	অনুশীলন
সমুপাগত	তদনুযায়ী	রাজকুমার

পঞ্চম পাঠ।

অলস হওয়া অনুচিত।

বিনয় জগত বশ করে।

কটু কথা কহা ভাল নয়।

কামিনী কটু কথা কয় না। সে আমার মামাত ভগিনী হয়।

জগৎপিতার দয়ার পার নাই। তিনি নিরাকার। তাঁহার মহিমার সীমা নাই। তাঁহার উপাসনা ও আরাধনা করা অতীব উচিত।

আমার মামার বাড়ী শাম পুকুর। আমার বড় মামার একটা শাদা বিলাতি কুকুর ছিল। আমি তাহায় বড় ভাল বাসিতাম। তাহার গায়ে কখন আঘাত করিতাম না।

ঊ = ক + ঊ = কূ

কূট	মূল	চমূ	ভূপ
কূপ	শূল	বধূ	ভূমি
কূল	সূত	দূতী	মূঢ়
ধূলি	ধূম	চূড়া	তূণ

নূতন	ভূধর	সূদন	বিধুর
ভূতল	ভূপাল	পূজন	মসুর
ময়ূর	দূরিত	ভূভার	ধূসর
বীরসূ	ভূষণ	দূরতঃ	ধূমল
মনোভূ	কূজিত	পূরণ	ভূপতি

দূরীভূত	বিভূষিত	রাজদূত	চমূপতি
মূলীভূত	নদীকূল	ভূত নাথ	দূরবাসী
ভূপবর	কমলভূ	পূজনীয়	চূড়ামণি
ভূরিবসু	নববধূ	কূপজল	দূরগত

ষষ্ঠ পাঠ।

নূতন পাতা। ময়ূর ডাকিল।

ধূমল বরণ। ভূষণ পরিল। কূপ জল পান কর। পরম পিতার পূজা কর। ধূলা ঝাড়। ভূত নাই।

ভুবন মাসি, তুমি বড় খারাপ বালিকা। তুমি বড় দুপ দুপ করিয়া লাফাও। আমার থাক পিসী এমন বিহাঙ্গা নন। তিনি বড় ভাল। আমিও তাঁহার মত ভাল হইব।

প্র—। ছাত্রীরা যাহাতে শিষ্ট ও শান্ত হয়, তাহাতে শিক্ষক বিশেষ যত্ন করিবেন। এমন অনেক বালিকা আছে, যাহারা বড় দুরন্ত; বিদ্যালয়ে কেবল চেঁচামেচি ও দৌড়াদৌড়ি করিয়া বেড়ায়। যাহাতে তাহাদের সেই কুস্বভাব দূর হয়, তদ্বিষয়ে যত্ন করা শিক্ষকের সর্ব্বাগ্রে কর্ত্তব্য। যে বিদ্যা শিক্ষা দ্বারা শিক্ষিতের বিনয়শিষ্টতা, সভ্যতা, প্রভৃতি সদগুণের উন্নতি না হয়, তাহাতে কোন উপকারই নাই। বরং তাহাতে সমূহ অপকার সম্ভাবনা। সে রূপ শিক্ষায় দীক্ষা লাভ করা অপেক্ষা মূর্খ থাকা শ্রেয়ঃকল্প। অতএব এমন কি, কি রূপে বস্ত্র পরিধান করিবে, কি রূপে ধীরে ধীরে পদ বিক্ষেপ করিবে, কি রূপে ভদ্রতা সহকারে মিষ্ট বচনে সর্ব্ব সাধারণের সহিত কথোপকথন করিবে, গুরুজন ও অপরের সহিতই বা কি রূপ ব্যবহার করিবে ইত্যাদি সকল সমূহ-হিতকর ও অত্যাবশ্যক বিষয়ের উপদেশ শিক্ষকের নিয়ত দেওয়া কর্ত্তব্য। কিন্তু এই সকল বিষয় শিক্ষা দিতে হইলে অগ্রে শিক্ষকের সেই সকল গুণবিশিষ্ট হওয়া উচিত।

সিংহ।

সিংহ সকল পশুর রাজা। বনই তাহার আবাস। তাহার চারি পা। তাহার আর হাত নাই। তাহার পায় বড় বড় নখর। সিংহ বড় ভয়ানক পশু। ছাগল গরু মানুষ ধরিয়া খায়। ফল মূল খায়না। বাঘ আর সিংহ এই দুই পশুই সমান রূপ ভয়ানক।

প্র—। এস্থলে ছাত্রীদিগকে সিংহের ছবি আনিয়া দেখান কর্ত্তব্য।

এ = ে র + এ = রে

কেন	কেলি	মেলা	বেণী
কেহ	খেলা	হেলা	চেলী
কেশ	ছেলে	বেশ	ভেলা
কেবা	বেড়ী	শেষ	বেণু
কেনা	লেখা	বেল	দেরি

কুবের	নিষেধ	তেমন	বেদনা
ধনেশ	আবেশ	সুরেশ	দেশীয়
ভবেশ	কেবল	উমেশ	সুবেশা
বিশেষ	কেমন	কেতকী	দেবর
সেবক	যেরূপ	নেসাতি	খেলানা

বিশেষণ	পরিশেষ	বিবেচনা	উপমেয়
নিবেদণ	অবশেষ	নিবেশিত	নচিকেতা
নিবেদন	অভিষেক	পরিণেতা	সুসেবক
বিরেচন	উপদেশ	পরিমাণ	অনাবেশ
বিবেচক	বিলেপন	লঘুচেতা	সবিশেষ

সপ্তম পাঠ।

সিংহ যেমন পশুদের রাজা। মানুষেরা তেমনি সকল জীবের রাজা। মানুষ সিংহ দিগেরও রাজা।

পরম পিতা যে কি রূপ দয়াবান, তাহা মনেতেও ভাবা যায় না। তিনি আমাদের কি না করিয়াছেন? যে পিতা মাতা বালক কাল অবধি আমাদিগকে খাওয়াইয়া পরাইয়া মানুষ করিয়াছেন, যাঁহার দয়া বিনা আমাদের বাঁচিবার আর উপায় ছিলনা। সে পিতা মাতাও তিনি আমাদিগকে দিয়াছেন। পরম পিতা আমাদের পিতা মাতা ও আমাদের পিতা মাতারও পিতা মাতা। ধন, মান, জীবন, আমাদের যাহা কিছু আছে, সকলই তাঁহার দান। আমরা যাহা যাহা আহার করি ও যাহা যাহা পরিধান করি তাহাও তাঁহার। আমাদের এমন কোন জিনিষই নাই যাহা তিনি না দিয়াছেন।

প্র——। বাল্যাবধিই যাহাতে বালিকারা এক মাত্র পরমেশ্বরের অপার করুণা প্রভৃতির পরিচয় পাইতে পারে ও পাইয়া তাঁহাকে মনের সহিত ভক্তি ও প্রীতি করে, শিক্ষক প্রাণপণে তাহার বিধান করিবেন। তাহাই এই পুস্তকের এক প্রধানতম উদ্দেশ্য।

ঐ =	ৈ	ত + ঐ	তৈ
তৈল	শৈব	পৈতা	পৈঠা
শৈল	বৈর	মৈ	দৈ
বৈধ	জৈন	তৈলী	খৈ

কৈরব	নৈষধ	তৈজস	বৈরাগী
ভৈরব	বৈকাল	নৈঋত	বৈশাখ
শৈশব	তৈত্তিল	বৈদেহী	তৈলিক
কৈলাস	বৈভব	মৈনাক	দৈহিক

আশৈশব	বৈভীষণ	বৈদেশিক	বৈবাহিক
নৈদাঘিক	বৈকালিক	শৈলরাজ	দৈববাণী
বৈতালিক	বৈখানস	তিল-তৈল	অসৈরণ

অষ্টম পাঠ।

সরিষা, মসিনা, তিল, বাদাম, জলপাই, জয়পাল, নারিকেল, এবং আর আর কতগুলি ফলে তৈল আছে। আমার বাবা বলিয়াছেন যে, এক দেশে মাটী হইতে এক রকম তৈল পাওয়া যায়। তাহার নাম মেটে তৈল। আমরা যে তৈল মাথায় দিই তাহাকে নারিকেল তৈল কহে। তাহা নারিকেল হইতে হয়।

হিমালয়ের নিকট কৈলাস গিরি।

ভব দিদি! তুমি কালি বৈকালে পড়িতে এস নাই কেন? গুরু মহাশয় রাগ করিয়াছেন।

রাত্রির অবসান হইল। পাখিগণ গাছের ডালে বসিয়া গান করিতেছে। বাগানে কত ফুল ফুটিয়াছে। মধুকরেরা মধুপান করিতে গুণ গুণ করিয়া ছুটিতেছে। রাখালেরা হৈ হৈ করিয়া গরুর পাল লইয়া মাঠের দিকে যাইতেছে। আমি আর শুইয়া থাকিব না।

ও = ো ক + ও = কো

কোপ	খোলা	লোক	সোণা
কোল	খোড়া	শোক	ভোঁতা
কোণ	গোরা	ছোলা	গোঁজা
চোর	গোলা	ঝোলা	ছোরা

কোদাল	কোপনা	বিয়োগ	বিরোধ
কোমল	কপোল	নীরোগ	কোমর
সংযোগ	লোচন	কিশোর	ক্রোড়ন
মোহিনী	ভোজন	তোমার	ছোবড়া

যামঘোষ	পরিতোষ	বিয়োজন	সংশোধন
বিনোদন	নিয়োজিত	সুলোচনা	অবিরোধী
সংশোষণ	বিলোকন	বিমোহিত	বিমোচন

নবম পাঠ।

হোলো নিশা অবসান রাত্তি আর নাই।
চল ভাই পড়িবারে পাঠশালে যাই।
কুহু কুহু করে পিক তরুর উপরে।
শীতল বাতাস বয় মন্দ মন্দ করে।

ওই দেখ উঠে রবি গগণ উপরে।
আগুণের থালা যেন আকাশে বিহরে।
বেলা হোলো আর ভাই কায নাই শুয়ে।
চল ভাই পড়িবারে মুখ হাত ধুয়ে।

প্র——। নিরন্তর পড়া শুনা করিলে বড় বিরক্তি জন্মে। এই নিমিত্ত এই পুস্তকের মধ্যে মধ্যে দুই একটী পদ্য লিখিত হইল, যখন বালিকারা বিরক্ত হইয়াছে এমন বোধ করিবেন, শিক্ষক মহাশয় তখনই সেই গুলি গানের ন্যায় করিয়া তাহাদিগকে সুমিষ্টস্বরে গাওয়াইবেন ইহাতে যে কেবল বিরক্তিভাবই দূরগত হইবে এমন নহে, কিন্তু তাহারা নবোৎসাহসহকারে আপন আপন পাঠাভ্যাস করিতে আরও সক্ষম হইবে।

ঘোড়া।

ঘোড়ার পায়ে নখর নাই; খুর আছে। গরু, ছাগল এবং ভেড়ার খুর যেমন দুই ভাগে কাটা ঘোড়ার তেমন নয়। তাহার খুর যোড়া।

যাহাদের চারি পা এবং গায় লোম আছে তাহারাই পশু। ঘোড়া, ছাগল, সিংহ ও বাঘ ইহারা সকলেই পশু: কারণ ইহাদের সকলেরই চারি পা, ও গায় লোম আছে।

প্র——। এখানে শিক্ষক মহাশয় ছাত্রী দিগকে ঘোড়া, ছাগল প্রভৃতি পশুদিগের ছবি আনাইয়া দেখাইবেন ও তাহাদের স্থূল স্থূল বিবরণ কিছু কিছু বলিয়া দিবেন।

পড়িবার সময় গোল করিওনা।

বিনোদিনী পড়িবার সময় বড় গোলমাল করে, তাই গুরু মহাশয় তাহাকে ভাল বাসেন না। সে বাড়ী গিয়া ভাই ভগিনী গুলিকে মারে ও তাহাদের সহিত ঝগড়া করে। বিরাজ তুমি কদাচ বিনোদিনীর মত হইবে না।

সুশীলাকে সকলে ভাল বাসে।

বামুনদের সুশীলা বড় ভাল মেয়ে। তার লেখা পড়ায় বড় আটা। আমি যখনই তাহাদের বাড়ী যাই, তখনই দেখি সে বই পড়িতেছে। সে ভাই ভগিনী গুলিকে বড় ভাল বাসে। সে লেখা পড়ার সময় লেখা পড়া, কাযের সময় কায ও খেলার সময় খেলা করে।

সে এমন মেয়ে যে, একবছরেই আমাদের পাঠশালার সকলের চেয়ে অধিক লেখা পড়া শিখিয়াছে। তোমরা যদি সুশীলার মত হইতে চাও, তবে লেখা পড়ার সময় কখন গোল করিওনা। পড়িবার কালে গুরু মহাশয় যাহা বলেন, দুই হাঁটুর উপর দুই খানি হাত রাখিয়া মন দিয়া শুনিবে।

ঔ = ৌ ক + ঔ = কৌ

গৌর	মৌন	লৌহ	গৌণ
পৌর	তৌল	চৌকি	পৌন
পৌষ	সৌধ	চৌরী	দৌত
সৌর	রৌদ	মৌনী	নৌকা

কৌশল গৌরব যৌতুক সৌরভ
কৌরব গৌরব কৌতুক কৌণপ
শৌরুষ কৌপীন কৌষেয় জলৌক
রৌরব যৌবন মৌলিক মৌচাক

পৌত্তলিক সৌদামিনী পৌরজন
লৌহময় মহৌষধি চৌকিদার

দশম পাঠ।

বাগানে চাঁপা ফুল ফুটিয়াছে। বড় সৌরভ আসিতেছে। মৌমাছিদিগের কৌতুক বাড়িয়াছে।

লোকের নিকটে আপনার গৌরব জানান উচিত নয়। সকল সময় মৌনী ভাবে থাকিওনা। তাহাতে মন বড় খারাপ হয়।

আমার বাম হাতে এক খানি যৌতুক আছে। আমি গুরুমহাশয়ের মুখে শুনিয়াছি, যাহারা লেখা পড়া না জানে তাহারা বলে, যে মেয়ে মানুষের বাঁদিকে যৌতুক থাকিলে সুখী হয়। আমি আপনিই দেখিয়াছি ও-পাড়ার পদী পাগলীর বাম পিঠে যৌতুক আছে; তবে সে সুখী হইল না কেন? যাহা হৌক ও সব পাগলের কথা। কদাচ সুবোধের কথা নয়।

কোন জীবকে যাতনা দেওয়া উচিত নয়।

সারদা দিদি; তুমি ভেক্‌টীকে মারিতেছ কেন? তুমি কি শুন নাই যে, গুরু মহাশয় বলিয়াছেন, জীবগণকে মারিয়া ফেলা বা যাতনা দেওয়া বড় পাপ। আমাদের গায় যেমন বেদনা লাগে, উহাদের গায়েও তেমনই লাগে। তাঁহাদের শরীর ও আর লোকের শরীর নয়।

বর্ণ-বিন্যাসের বিবিধ উদাহরণ।

হরি	কপি	নিশা	পোকা	বেণী
বিষ	শিরা	সেনা	পোত	গীত
বিংশ	ভরি	নাসা	বধূ	হোরা
অতি	পরি	সেবা	বেধ	রাহু

বিলাতি	রসিকা	শমন	পূরবী
শীতল	ভামিনী	মেনকা	কুরূপা
ভারবী	ঔরস	কেদার	পৌলব
কিরীট	কপোল	বিবিধ	ভৌমিক

সহোদর	বিরেচক	সুলোচন
সংদমন	বিনোদিনী	সংজীবনী

অতঃপর	পরমেশ	আলোচনা
পুরঃসর	ভূয়োভূয়ঃ	মহাদেব

অধিকরণ	পুরুষ-সিংহ	পেশী
বৈয়াকরণ	বিবেচকতা	শিরঃ
অভিনিবেস	বিলম্বনীয়	দাসী
উপনিবেশী	সমবেদনা	মসী

বিবিধ বিষয়ক পদ্যপাঠ।

দিনশেষ হোলো ভাই রজনী আইল;
শাখিপরে পাখিগণ গানেতে মাতিল।
বায়ু বহে মনু মনু, শরীর সিহরে;
ফুলবাসে চারিদিক আমোদিত করে।
এমন সময় মিছে কেন যায় ভাই;
মন খুলি হাত তুলি বিভু গুণ গাই।

জগদীশ! এক বার দাও দরশন।
তোমা বিনা, নাথ! মম বিফল জীবন।
তোমার কাছেতে আর কিছু নাহি চাই;
নিয়ত তোমারে যেন দেখিবারে পাই।

নাহি কয় মিছা কথা, সদা খুসী মন।
সকলে ভাবয়ে যেন ভগিনী আপন।
অহংকার করে নাক, নাহি হিংসা রাগ।
পিতা মাতা গুরুজনে করে অনুরাগ।
নহে লাজ হীন, কভু মলিন বসনা।
সদা রত করিবারে বিভু উপাসনা।
নাহি জানে পতি বিনা, পতি মতি গতি।
তারে ভালবাসে সবে, সেই হয় সতী।

এক	দুই	তিন	চারি	পাঁচ	ছয়	সাত	আট	নয়	শূন্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	.

দ্র——: এই সময় হইতে শিক্ষক ছাত্রীদিগকে পাটীগণিত শিখা-ইতে আরম্ভ করিবেন।

নীতি-মালা।

কদাপি মিছা কথা কহিবে না।
পিতা মাতা গুরুজনের কথা শুনিবে।
সকল মানুষের চেয়ে পরম পিতাকে অধিক ভক্তি করিবে।
কাহারেও গালাগালি দিবেনা।
চেচিয়া কথা কহা অনুচিত।
অহংকার করা উচিত নয়।

কটুভাষী হওয়া বড় দোষ কটুভাষীকে কেহই ভাল বাসেনা।

যে রূপ কাপড় পরিলে তাহার ভিতর দিয়া সকল শরিরই দেখা যাইতে পারে কদাপি সেরূপ কাপড় পরিবেনা।

কখন রূপের, ধনের, বা গুণের অহংকার করিবেনা। কারণ কিছুই চিরকাল থাকে না।

সকলকে আপনার মত দেখিবে।

অলস হওয়া উচিত্ত নয়। অলসা নারীরাই অসতী হয়।

কদাপি ঘরের পাইটে অবহেলা করিবেনা।

পাপীর দুঃখের পার নাই।

রোজ নিদান দুইবার করিয়া পরমপিতার উপাসনা করিবে।

কুকাযের ভাবনা মনেও করিবেনা।

কাপড় দিয়া সকল শরীর ঢাকিয়া রাখিবে কখন গা আলগা করিবে না।

পতিই নারিদিগের এক গুরু। পতি বিনা আর কাহারেও জানিবেনা যে নিজ পতি বই কাহারেও জানেনা ও ভাবেনা; এ সংসারে সে বড় সুখী। তাহার যশেরও সীমা থাকে না।

লেখা পড়ায় অবহেলা করা, আর সুখের মাথায় লাতি মারা, সমান।

যে নিজে জুজু সেই জুজুর ভয় করে। যেমন ঘোড়ার ডিম কথার কথা, তেমনই ডাইন ভূত পেত্নিনীও কথার কথা।

কেহ কেহ বলে ডুমুরের ফুল ও সাপের পা দেখিলে রাজা হয়। সে মিথ্যাকথা। ফলতঃ ডুমুরের ফুল নাই ও সাপের পা নাই।

বিভুর দয়ার সীমা নাই।

হি হি করিয়া হাসা বড় অনুচিত।

হাঁটিবার সময় নীচের দিকে মুখ করিয়া ধীরে ধীরে পা ফেলিবে।
দুপ-দুপ করিয়া বড় ভাল নয়।

[illegible] বালিকাকে কেহই দেখিতে পারেনা, কাহারও সহিত
ঝকড়া করিবে না।

পড়িবার সময় গোল করা অনুচিত, কখন খারাপ বই পড়িবে না;
খারাপ লোকের সহিত যেখানে দূরে থাক, কথাও কহিবে না।

কখন কাহাকেও খারাপ তামাসা করিবে না। কাহারও বিয়ের
বাসর জাগিতে কাহারও সহিত যাইবে না। পর পুরুষকে তামাসা
করা বেশ্যাদের খারাপ কথা মুখেও আনিবে না। হিংসা করা
বড় দোষ।

(প্র।) এই উপরোক্ত নীতি গুলির মধ্যে এমন অনেক নীতি
আছে যাহা কিঞ্চিৎ অধিক বয়স্কা বিবাহিতা দিগেরই অধিক
তর উপযোগী। কিন্তু তজ্জন্য যে তৎ সমুদায় অল্প বয়স্কা বা-
লিকা দিগের নিতান্ত অনাবশ্য এমন নয় যাহা হউক শিক্ষক মহাশয়
সমধিক যত্ন-সহকারে তৎসমুদায়ের ভাবার্থ ও ইতি কর্ত্তব্যতা যা-
হাতে ছাত্রীগণের হৃদয়ে প্রবেশ করিতে পারে তাহার চেষ্টা করি-
বেন। এও প্রয়াস পাইবেন যাহাতে ছাত্রীরা নীতি গুলি অবিকল
মুখস্থ রাখিতে পারে। যখন দেখিবেন যে বালিকারা নিরবচ্ছিন্ন
পড়া শুনা করিয়া বিরক্ত হইয়াছে তখন তাহাদিগকে ইহার এক
একটা নীতি মধুস্বরে উচ্চারিত করাইতে শিক্ষাইবেন। ইহা দ্বারা
বিদ্যার্থিনী বৃন্দের অনেক বিষয়ে উন্নতি হওয়া সম্ভব।

ঈশ্বরের নিকট বালিকার প্রার্থনা

পিতঃ পরমেশ ! তুমি আমারদের জীবনের জীবন ও চিরকালের সহায়। আমরা কেবল তোমারই অপার করুণাতে ধন মান জীবন যাহা কিছু তাহা সকলি পাইয়াছি। তুমি আমারদের পিতামাতার ও পিতা হায়, আমরা কি পামর ! আমরা জানিয়া শুনিয়া তোমাকে একবার মনে করি না। পিতঃ আমরা তোমারই দুঃখিত হইয়া তোমারে ভুলিয়া রহিয়াছি, আমরা যে কত পাপ করিয়াছি তাহার সীমা নাই। তুমি আমাদিগকে সকল পাপ তাপ হইতে মোচন কর, পরমেশ ! যেন তোমারে মনে রাখিয়াই আমরা সকল কাজ করি, হায়, কবে সে শুভদিন আগত হইবে যে দিনে আমরা সকলে মিলিয়া কেবল করপুটে তোমারই উপাসনা করিতে পাইব। নাথ ! কবে তুমি আমাদের আশা পরিপূরণ করিবে।

সমাপ্ত।

১ পাঠ।

আ া

ম র ন ল

আম আর আন আল

মা রা না লা

আমা আরা আনা আলা

মাম রার নান লাল

মার রাম নাম লাম

মান রান নার লান

মাল রাল নাল লার

মামা মারা মানা মালা

রারা রামা রানা রালা

নানা নামা নারা নালা

লালা লামা লারা লানা।

আমার আম। আমার মা আর আমার মামা। আমার নাম রাম। আমার নানা মালা। আমার আরাম। আমার নানা লাল মালা। লাল লা। আমার নানা আম আর নানা আমলা।

২ পাঠ।

এ ই ঈ ও এই আঈ

ম	র	ন	ল
এম	এর	এন	এল
ইম	ইর	ইন	ইল
ঈম	ঈর	ঈন	ঈল
ওম	ওর	ওন	ওল
এমা	এরা	এনা	এলা
এমার	এরাল	এনাম	এলান
ইমান	ইরাল	ইনার	ইলাম
ঈমান	ঈরাল	ঈনার	ঈলাম
ওমা	ওরা	ওনা	ওলা
ওমার	ওরাম	ওনাল	ওলান

এই আমার আঈ। আমার আঈ নাই। এই আমার আম। এই আমার মা আর এই আমার মামা। আমার নাম রাম। আমার মাম নাই। আমার আরাম নাই আর আমার মামারও আরাম নাই। আমার নানা আম। এই আম নামাও। নামাইলাম। এই মালা লাল। লাল মালা আমার নাই। এই লা লাল। আমরা নামাইলাম। আমরা নামাই নাই। আমরা নাইলাম। আমরা নাই নাই।

৩ পাঠ।

ব	প	ক	গ
আব	আপ	আক	আগ
এব	এপ	এক	এগ
ইব	ইপ	ইক	ইগ
ঈব	ঈপ	ঈক	ঈগ
ওব	ওপ	ওক	ওগ
বা	পা	কা	গা
অবা	আপা	আকা	আগা
এবা	এপা	একা	এগা
ইবা	ইপা	ইকা	ইগা
ঈবা	ঈপা	ঈকা	ঈগা
ওবা	ওপা	ওকা	ওগা

বাব	গাপ	কাক	গাগ	বাপ
বাক	পাব	পাক	পাগ	কাব
কাপ	কাগ	গাব	গাপ	গাক
কাল	বার	বাম	পার	পান
কার	গাম	মাব	মাপ	রাগ
নাক	নাগ	লাব	লাপ	পাম

বাবা বাপা বাকা বাগা পাপা পাবা
পাকা পাগা কাকা কাবা কাপা কাগা
গাগা গাবা গাপা গাকা

আমার নাম বামা। আমার বাবার আবার নাই। মা ও বাপ মাবাপ। আমার পাপ। আমার পাপ আর নাই। আমরা পারা পাই, নাই আর মালাও পাই নাই। আমার বাবা এক আনাও পান নাই। এই বাবলা পালা আমার। আম পালা আমার নাই। এই পালাও আমরাও পালাই। আক আমার নাই। এই এক পাকা আম। এই আম পাকা। আমার মামা কামার আর আমার কাকা মালাকার। আমরা এক পাকা আম পাইলাম। আমার কাকার নাক নাই। গান গাও আর আমরা ও গান গাই; আমরা গাইলাম। এবার আমরা গাই নাই। এই আমার পাগ। এই এক নাগ। এই নাগ কালা। এই বাগান আমার ও আর এক বাগান আমার। আমার বাম গাল লাল আর এই গালা কালা। আমার রাগ নাই। এই নাগারও রাগ নাই।

৪ পাঠ।

আহ হা হাম হার হাল হান হাব হাপ হাক হাগ। হামা হারা হালা হানা হাবা হাপা হাকা হাগা।

আমার আর হাম নাই। ইহারও হাম নাই আর কাহার ও হাম নাই। হাহা আমার আরাম নাই। এই এক হাল আর এই এক হার। এই হার কাহার। এই হার আমার। এই হার হারাইও না। আমরা মালা হারাইলাম। ইহারা হাবা। হাকার। রাহাব। হানা। আহাব।

দ ত

আদ আত ইদ এত দা তা তাম দার হাদ বাদ নাত হাত।

আমার আর তার নাই। এই কাহার তার। এই তাহার তার। এই আর পাতা। এই আমার দাদা। আমার দাদা দাতা। এই ইহার তাত। এই এক দারা। আর তাপ নাই। আমার হাত কালা। এই তামা আর এই কাদা। এই এক মাতাল। তামাক আনাই। এই দামামা কাহার। এই আমার দামামা।

৫ পাঠ ।

ঈী ইি

ঈম ঈল ঈর ঈন ঈপ ঈগ
মী লী রী নী পী গী
ইম ইল ইর ইন ইপ ইগ
মি লি রি নি পি গি
মী লী বী কী রী গী
মি লি বি কি রি গি
রীম মির নীল লিন পীক কিপ তীর
বিত কীত হিত হিদ মীপ লিপ দীপ
তীর রিত হীম হিম হিক দীন হীন

আমার হাত কালা । এই এক বীর । এই এক মা... এই তিন দালিম কাহার । এই কি । এই তিল এই তিল কি ইহার পিতার । না আমার পিতার আর তিল নাই । এই তিলিরও তিল নাই । এই দীঘী কাহার । এই তাহার পিতার দীঘী । লাল দীঘী আমি কীল মারিলাম । আমি কীল মারি নাই কালি কালা আর নীলও কালা । এই তিন পী আমি দান পাইলাম । এই তিন পীল আমি দিলাম

কালী এক নারী। ঐই কাহার লিপি। এই আমার পিতার লিপি। এই নারী এই বালিকার আই। এই গাঙ্গ আমার দাদার। ইহারা পিতা মাতা হীন। আমি দাগ লাগাইলাম। এই কি রীতি। আমার রীতি আর আমার পিতার রীতি একই আর এই তিন বালিকার রীতি ও এক।

অ

আমি অতি দীনহীন পাপী। এই নারী ও দীনহীন পাপিনী আমার বিরাম নাই। আমি রাগাই নাই। তিন দিন আমি আহার পাই নাই। তিনি আর আমি গীত গাইলাম। আমার নিকী নাই। মাতি মিতি আর মাপ এই তিন এক।

ন ণ

আমি মানি নাই। এই বীণা কাহার। মাণিক কি। পাণি কি। হাত। এই নারীর নাম কামিনী। এই বালিকার নাম তারিণী। আমরা হার দিই না। ইহা বাদ দিও না। এই বালিকা অতি রাগিণী।

৬ পাঠ।

এ ে

এল	এম	এক	এর	এপ
লে	মে	কে	রে	পে
নে	বে	বে	দে	তে
নেপ	বেগ	গেন	দেব	তেল

এই বেলাকে তিনি আইলেন না। অনেক বেলা নাই এই বেলাতে আমারা গেলাম। এই বালিকারা আমাকে মানে না। এই বালিকারা আমার পানে তাকাই কাহার নাম নেপাল। তিনি আমাদিগকে অনেক দা দিলেন।

তিনি এক আনা নেপার পাইলেন। তিনি আইয়ে আমরা বেগে গেলাম। বাহিরে কে। আমি। আমি কে। নেপাল। রাম এক দেব আর কালী এক দেবী

৭ পাঠ।

স শ ষ

আস আশ আষ সা শা ষা
ইস ইশ ইষ সি শি ষি
ঈস ঈশ ঈষ সী শী ষী
এস এশ এষ সে শে ষে

শেষ বেশ বিষ কেশ সেই শিব বাস শাপ
সাত সিত ষাণ শিষ সার দেশ

তিনি আমাকে শাপ দিলেন। এই বালিকারা আমাকে মানে না ইহারা শাসিতা নাই। তিনি এই সাত বালিকাকে গালাগালি দিলেন মেম সাহেব এই তিন বালিকাকে মারিবেন। তিনি তিন সিকি বেপার পাইলেন। আমার পিতার অনেক মেষ। আমার কেশ শাদা। বাতাস পাইলে আমরা গেলাম। ইহার কেশবেশ বেশ। তিনি শিবের সেবাকারী আর এই বালিকা কালীর সেবাকারিণী। এই দেশে অনেক দেবদেবী, শিব এক দেব আর কালী এক দেবী। তাহারা বিশেষ এই দিনে আসিতেন। সাহেব তাহাদিগকে আসিতে দিলেন না। অনেক আশাতে সে নিরাশ। এই এক তেতালা শালা। এক নিমেষ ও আমরা তাহার পানে তাকাই নাই। এই ঘাসের পানে আমি তাকাইলাম। বেশ পাতাতে তাকাইও। আকাশে অনেক তারা।

৮ পাঠ।

ও ো

ওম ওয ওল ওক
মো যো লো কো
ওপ ওদ ওত ওগ
পো দো তো গো

লোম সোম গোল দোয কোম
কোণ তোল কোল পোল বোল

এই তোমাদের কি গোলমাল। শেষ সোমবা
আমরা হাতিশালাতে গেলাম। এই মেষের লোম শাদ
আমরা অতিদোষী। তিনি আমাদিগকে কোপে
মারিলেন। এই আমোদকারি লোকদের শোক না
ইহারা গানে মোহিত। এই কামরার অতি ওসার
এই সাহেব নানা লোকদের হিতকারী। এই কামরা
আলো নাই। এই আমার পিতার পোষা মেষপাল
তোমরা কি বোবা? না। তোমার কোপেতে আম
অবোল। এই নারী বোবা আর ইহার বালি
তোতলা।

৯ পাঠ ।

চ ছ্ ছ জ

আচ আছ আজ চা ছা জা
ইচ ইছ ইজ চি ছি জি
ঈচ ঈছ ঈজ চী ছী জী
এচ এছ এজ চে ছে জে
ওচ ওছ ওজ চো ছো জো

চাল ছাল জাল জালা চালা
ছোলা চোর চিল বাজার বেজার
চালাক চাষ জাতি ছাতী ছানা চিনী ।

এই চালার চালের ওসার নাই । এই গাছের ছাল লাল । জোনাক পোকার তেজ আছে । এই গাছ অতি সোজা । এই জালাতে ছোলা আছে । এই ছাতী আমি বাজারে কিনিলাম । চিন লোকেরা অতি চালাকি জানে । এই দেশে লোকেরা জাতি মানে । গোপ এক বিশেষ জাতি আছে । এই গোপেরা ছানা ছাকিতেছে । এই কামারার চারি কোণ আছে । এই দেশের চাষী লোকেরা চাষ বিনা অনেক জানে না । কারাগারে চোর লোক আছে । এই তালার চাবী নাই । সাহেব লোকেরা জাহাজে এই দেশে আইসে । আমি তোমাকে আর চিনিতে পারিলাম না । তোমাদের গোলমালেতে আমি অনেকবার জাগিলাম । আমাদের অনেক দোষ আছে ।

১০ পাঠ ।

ট ড ড়

আট আড আড় টা ডা ড়া
এট এড এড় টে ডে ড়ে
ইট ইড ইড় টি ডি ড়ি
ঈট ঈড ঈড় টী ডী ড়ী
ওট ওড ওড় টো ডো ড়ো

টাকা ডাকা কাটা নাড়া মাটী চাড়া নেকড়া
গাড়ী ডাল শাড়ী ডালি টীকা চামড়া ডেড়
তাড়াতাড়ি কিড়িমিড়ি বেড়া ডাব ডাক
পিড়ী পীড়িত ডাকাইতী ছাড়া পিপীড়া
আড়াই নাড়ি ।

আমরা মাটী কাটিতে পারি পাষাণ কাটিতে পারি না। মাটীতে পিপীড়া রাশিরাশি আছে। তিনি নিবিড়ে কি আড়াই টাকা তোমাকে দিলেন? না ডেড় টাকা দিলেন। এই আমড়া গাছকে নাড়া চাড়া দিও না। আমি অনেকবার পীড়িত ছিলাম আর অনেকবার আরামও পাইলাম। আমিও অনেকবার পীড়া পাই-লাম তাহাতে আমি অতি কাহিল আছি। এই বালিকার শাড়ী ছেঁড়া আছে আর অনেক দিন টিঁকিবে না। ওদিকে কে ডাকিতেছে? আমি শাড়া পাই না। আজি তোমরা অনেক ডালি পাইলা। এই সাঁপ আর কাহাকেও কামড়াইতে পারিবে না আমরা তাহাকে মাড়াইলাম। এই পাড়ার নাম কি? ইহার নাম কুমার পাড়া আর এই পাড়ার নাম ডোম পাড়া। এই ডোলিতে কে আছে? এক নারী। আমি গাড়ীতে আইলাম। আমার মাতাকে আমি ছাড়িতে পারি না।

১১ পাঠ।

আ া অ।

মা দা বা রা টা ড়া কা শা
ম। দ। ব। র। ট। ড। ক। শ।

মল সর নড় দত কর চল মর
নত সত বট কত তত নহ বহ

দেহ নহি মার দিব মরা ডাক নাড়
ছাড় নদী বটে ডগা ডলা জটা

মল্ সর্ কর্ লড়্ দল্ বল্ তক্
ডল্ কড়্ জড়্ গড়্ রস্ বশ্ জল্

মহান্ অবাক্ হড়্বড়ী চিম্টা চিম্ড়া
মট্কা কিচ্মিচ্ হড়্হড় কিট্কিট্ টিক্টিকী
টিক্লী টিট্কার।

আমার তাহার তোমার গমন চলন কারণ
রোদন মরণ অতএব আকার কাল দান।

এই বালিকারা কেন এত কিচ্‌মিচ করে? এই কিচ্‌মিচান আমি সহিতে পারি না। আমাদিগ্‌কে ও তোমাদিগকে তিনি দান দিলেন না কেবল এই তিন জনকে দিলেন। কি কারণ তোমরা পাইলা না? তোমরা কি কোন দোষ করিলা? । এই আট্‌চালার মট্‌কা পচিল এই কারণ অবিরত জল পড়িতেছে। আমাদিগকে টিট্‌কার দিও না। এই তোতলা বালককে এক টিকলী আক দেও। পাপ করিতে মানা আছে কারণ পাপ করত লোকেরা নাশ পাইতেছে। এই বালকেরা এত গোলমাল করে কেন? তাহাদিগ্‌কে নীরব হইতে বল। এক চিম্‌টা আন। দামোদর নামক এক নদ আছে। সে নদের জল আমরা পান করি। এই বালকের বড় বেদনা আছে অতএব সে অবিরত রোদন করিতেছে। একটি কলম দেও। মচ্‌কান কলম আমি চাহি না। আমি অবাক্ হইলাম। কতবার আমি এই বালকদিগকে কলরব করিতে বারণ করিলাম। তাহারা আরবার কলহ করিতেছে কোন রকমে আমার বারণ মানিল না। মাকড়সা এই কামরাতে অনেক জাল করিল।

১২ পাঠ।

ক ক খ খ গ গ ঘ ঘ

আক	আখ	আগ	আঘ
কা	খা	গা	ঘা
অক	অখ	অগ	অঘ
ক	খ	গ	ঘ
এক	এখ	এগ	এঘ
কে	খে	গে	ঘে
ইক	ইখ	ইগ	ইঘ
কি	খি	গি	ঘি
ঈক	ঈখ	ঈগ	ঈঘ
কী	খী	গী	ঘী
ওক	ওখ	ওগ	ওঘ
কো	খো	গো	ঘো

লেখা ঘাম মাঘ মেঘ খেলা খাতা ঘানি শাখা ঘোরতর ঘাট খেলা ঘোলা ঘট খাল ঘোড়া ঘর খাইব ঘোষণা খোপ পাখা ঘোটক পাখী সখা সখী।

এই গাছের শাখাতে পাখী বসিতেছে, ইহার শরীর শাদা ও পাখা লাল। সে দিবানিশি গান করে। এই খাতাতে কি কি লিখিত আছে তাহা পড়িতে পারি না কারণ ঘন ঘন লেখা আছে। এই পাখিরা সতত গাছের শাখাতে বসিয়া কিচ্মিচ করে। এই কালমেঘ সতত ঘোরতর হড়হড় করে এই কারণ আমরা আজি ঘাটে গেলাম না। ইহারা কি সমাচার ঘোষণা করে? পাঠশাল হইতে আইলে আমরা খেলা করিব। আমরা কি খাইব কি পরিব ইহা সদা মনে করিতে হইবে না। কারণ পরম ঈশ সকলকে পালন করেণ। পাখাতে বাতাস কর কারণ আজি অতি গরম আছে। হে সখে আমার ঘরে আইস ও চারিটি আহার কর খাইলে পর আরবার গমন কর। খাপ কি না অসি কোষ। ঘোলা জল আমি খাইব না। এই কপাট খোলা আছে। এই ঘোড়া অতি বেগবান আর এই ঘোটক পরিমিত গামী। এই সখীগণেরা ঘোম্টা টানে না কেন! ঘরামী এই চালের মট্কা সারিবে। এখানে কোন ঘরামী নাই। কেন তোমরা ঘরা ঘরি বিবাদ কর। ঘাইট মানিলে আমি তোমাকে সাজা দিব না। ঘড়ী দেখ কত বেলা আছে। এখানে আমরা কখন আসিব না। আজি এক ঘোরতর ঘটনা ঘটিল।

১৩ পাঠ।

য় ্য জ য

য়া য়ি য়ী য়ে য়ো
্যা ্যি ্যী ্যে ্যো
ব্য দ্য ক্য স্য ত্য জ্য খ্য ঘ্য

যা যি যী যে যো
যাহা যিনি যাপন যেন যোড়া য়োনা য়েশু

ব্য ব্যা ব্যে ব্যো ব্যি
দ্য দ্যা দ্যে দ্যো দ্যি
জ্য জ্যা জ্যে জ্যো জ্যি
ণ্য ণ্যা ণ্যে ণ্যো ণ্যী
স্য স্যা স্যে স্যো স্যি
হ্য হ্যা হ্যে হ্যো

যাহা মায়া যান জায়া যাপন ছায়া যামাই
য়াবাল যিনি য়িরেমিয়া যোড়া যোগ বিয়োগ
যেন মরিয়া করিয়া চলিয়া ছেলিয়া বিদায়

অতিশয় সময় মহাশয়ের ন্যায় দয়াময় শয়ন জলাশয় রামায়ণ নারায়ণ নয়ন ম্রিয়মান নিয়ত গায়ক তিন্ময় জিয়ল চয়ন ব্যাখ্যা ব্যাকরণ ইত্যাদি বিদ্যা ছেলে্যে বাক্যেতে ব্যোম জ্যোতিষ খ্যাত খাদ্য মান্য বাক্য বশ্য অবশ্য অমান্য। সদ্য সত্য কল্য স্যানা ব্যবহার ব্যবসায় ব্যয় রাজ্য বিখ্যাত বাহ্য সহ্য অসহ্য স্নেহ্য বাহে।

এই বালকেরা কেন মিছামিছি আপনাদের সময় যাপন করে? যে ছেলিয়ারা আলস্য করিয়া আপনাদের সময় যাপন করে তাহারা বিদ্যাহীন হইয়া সদা অমান্য হইবে। বালকদের বিশেষ ব্যাকরণ বেশ জানিতে হয়। আর বালিকাদের যদ্যপি অনেক বিদ্যা ও ব্যাকরণ অতিশয় আবশ্যক নয় তবে সামান্য লেখা পড়া অতিশয় আবশ্যক আছে। কেননা বিদ্যাবিহীনা হইলে তাহারাও সদা অমান্যা হইবে। যে বালক বালিকা আলস্য করে সে আহার পাইবার যোগ্য নহে ন্যায় ও অন্যায় কি তাহা ছোট ছেলেয়রাও জানিতে পারে। আমরা যে অন্যায় ও কদাচার করিয়াছি তাহার বিষয় বিচার

দিবসে আমাদের লেখাযোখা দিতে হইবে। হত্যাকারি লোকেরা বড় বিচার পাইবে নরকে তাহাদের শোক অসহ্য হইবে। এই বালকের কি ব্যামোহ আছে? না এই বালকের ব্যামোহ নাই। তবে কেন এখানে শয়নে আছে? সে কেবল আলস্য করিয়া শয়ন করে। নয়নে আমরা দেখিতে পাই। মনে যাহা তাহা আমরা দেখিতে পাই নাই কেবল বাহ্য বিষয় আমরা দেখিতে পাই। ব্যবহারেতে লোকদের মন জানা যায়। লোকেরা যেন দিব্য না করে। যাহারা সত্যবাদী তাহাদের দিব্য করিতে কদাপি আবশ্যক নাই। কেবল যাহারা ন্যায় ও সৎব্যবহার না করে তাহাদিগকে কখন২ দিব্য করায় কারণ তাহাদের বাক্য সদা টলে। পিতামাতাকে রোগের সময়ে ত্যাগ করিলে বড় পাপ হয়। পিতা মাতা হইতে আমরাও কখন ত্যাজ্য হই নাই। পিয়ান এক বাদ্য বিশেষ গাইতে২ গায়ক। বিদায় পাইলে আমরা বাড়ী চলিয়া যাইব। ইনি অতিশয় দয়াময় মহাশয় কারণ তিনি গরীব ও ব্যামোহ লোকদিগের জন্যে অনেক টাকা ব্যয় করিয়াছেন।

এই কারণে তিনি বড় বিখ্যাত হইয়াছেন। ব্যবসায় করিতে২ লোকেরা ব্যাপার পায়। কন্যাকার ঘটনার বিষয় তোমরা কি সমাচার পাও নাই। অন্যান্য বাক্য না বলিয়া কেবল সত্য বাক্য বল। জগদীশের নাম নিত্য২ লইতে হয়। এই বালিকা কি রাজ কন্যা?

১৪ পাঠ ।

ব ব্ব ভ প প্প ফ

আব আভ আপ আফ

বা ভা পা ফা

ইব ইভ ইপ ইফ

বি ভি পি ফি

এব এভ এপ এফ

বে ভে পে ফে

ওব ওভ ওপ ওফ

বো ভো পো ফো

ভাল ভাবা ফল ভিতর ফট্‌কিরী

ভাব্যভাবনা ফকীর ভয় ফাক লোভ

ফণী ফিরণ ভরসা ফিচাল ফোড়া

ভোর ফাকী ভোজন ভজনা ফাতা

ফড়িয়া ভেদ ভেক ফণা ।

যেন অন্যায় বাক্য বলিয়া পাপ না করে এই জন্যে ভাল লোকেরা বাক্য কহিবার আগে ভাব্যভাবনা করে। যে লোকেরা ভাল ব্যক্তিরেকে অন্যায় না করে তাহাদের লোকের কাছেও কোন ভয় নাই। লোভেতে পাপ পাপেতে মরণ। দেবগণের ভজনা করা বিফল ও পাপ কদাচার লোক মরণ সময়ে ভরসাহীন। এই জগতে

ভাষার অনেক ভেদ আছে। সে আমাদিগকে আপন বাড়ীর ভিতরে যাইতে দিল না অতএব আমরা ফিরিয়া আইলাম। এই জল অতি ময়লা আছে ফটকিরী দিলে বিমল হইবে। কল্য ভোরে আমরা এখান হইতে ফিরিয়া বাড়ীতে যাইব। এই বড় ফিচাল লোক কত ২ লোককে ফাকী দিয়াছে। লাফ দেও। আমি লাফ দিতে পারি না কারণ আমার এক বড় ফোড়া আছে। কে ওখানে লাফালাফি করে? এই ফকীর বিদেশি লোক কারণ আমাদের এই দেশীয় ভাষা বলিতে পারে না। কড়িয়া লোকেরা ব্যবসায় করিলেও বড় লাভ পায় না। এই ফণির ফণায় মণি নাই ভোজনের জন্যে সতত ভাবনা করা ভাল নয়। ফণী কখন ভেকের বাহন হইতে পারে না কারণ ফণী ভেকের নাশক।

১৫ পাঠ।

ম্ল শ্ল প্ল ক্ল গ্ল হ্ল ষ্ম ল্গ স্ল
শ্ন ত্ন প্ন প্ত গ্ন ঘ্ন ম্ন ন্দ স্ত
ন্ট ন্ড প্ত শ্ম ষ্ব ন্তু স্প ঙ্ক স্ক
স্প স্ফ ষ্ক স্ত ষ্ট শ্চ ক্ব ক্ষ।

ম্লা শ্লা প্লা ক্লি ক্লে গ্লো স্নে শ্নে
ক্ষা ক্ষে ক্ষো ক্ষি

ম্লান শ্লাঘা প্লাবন গ্লানি ক্লিশিত ক্ষান্ত স্তব ক্লেশ ক্ষমা ক্ষীণ নিক্ষেপ ক্ষোভ অল্প কল্প কল্পিত যত্ন রত্ন সপ্ত শপ্ত নিক্ষিপ্ত লগ্ন অগ্নি নিম্ন আনন্দ সন্দেহ আনন্দিত নিন্দা নিতান্ত শান্তি সন্তান ঘন্টা দণ্ড পিণ্ড খণ্ড২ জন্ম অম্বল কম্বল সম্বল সম্বাদ আরম্ভ আরম্ভিত রম্ভা সম্ভব কম্পন কম্পিত নমস্কার মনস্কাম ফোস্কা ভস্কা পরিষ্কার আবিষ্ট বিশিষ্ট স্পষ্ট স্ফটিক নষ্ট সমস্ত হস্ত কাস্তিয়া পশ্চাৎ নিশ্চয় নিশ্চিন্ত আহ্লাদ।

অল্পকাল ব্যামোহ হইলেও এই বালকের বদন কেমন ম্লান ও তাহার শরীর কেমন ক্ষীণ হইয়া গিয়াছে। বসন্ত কালের আরম্ভেতে টীকা দিতে না দিলে বসন্ত পাইয়া অনেক ছেলিয়ারা মরিবে। যাহারা ঈশ্বরকে ভয় না করে তাহারা পরকালে ঘোরতর দণ্ড পাইবে। বিদ্যালয়ে যাইবার আগে বদন ও হস্ত পরিষ্কার করিতে হয়। না করিলে শিক্ষক আনন্দিত হইবে না শিক্ষককে নমস্কার করিতে হয় আর শিক্ষক যেন সন্তোষ পায় এই জন্যে যত্ন করিয়া অভ্যাস করিতে হয় কারণ অমনোযোগী

হইয়া শিক্ষককে ক্লেশ দিলে নিশ্চয় পাপ হয়। কোন দোষ করিলে ঘাইট মানিতে হয় ও ক্ষমা চাহিতে হয় তাহা দেখিলে শিক্ষক আনন্দিত হইবে। কেবল মন্দ ছেলোরা ক্ষমা চাহে না। বিদায় পাইলে পর স্নান করিতে হয় ও ভোজনের সময়ে পরিমিত খাইতে হয় পাছে তোমরা পীড়িত হইয়া ক্লেশ পাও। আর ঘণ্টা বাজিলে যেন তোমরা অবিলম্বে গিয়া বিদ্যালয়ে বিদ্যমান হও। সপ্ত আছে সাত অহ্ আছে দিবস মিলন করিলে সপ্তাহ্। অম্বল রসের সহিত মিষ্ট মিশাইলে খাইতে বড় স্বাদ লাগে। নর লোক খড়্গেতে আপনা দিগকে পরস্পর নষ্ট করে। নোহের সময়ে লোকেরা জল প্লাবনে নষ্ট হইল আর সিদোমীয় ও অমোরীয় লোকেরা অগ্নিতে নষ্ট হইল। জল প্লাবনের সময়ে কেবল অষ্টজন রক্ষা পাইয়াছে। আর সিদোমে কেবল তিন জন রক্ষিত হইল। গরীব লোককে নিন্দা করিলে নিতান্তই পাপ হয়। মন্দ লোকেরা নরকের অগ্নিতে নিক্ষিপ্ত হইবে। বালক কালে মন ফিরাইতে আরম্ভ করিতে হয় বিলম্ব করিলে কি জানি সহসা মরিবা। পরকালে রক্ষা পাইবার অসম্ভাবনা হয়। অদ্য আমরা

ভাল সম্বাদ পাইয়াছি তাহাতে আনন্দ করিও না কারণ সে কেবল গল্প এমন সন্দেহ আমি করি। না২ সব সত্য আছে। কেন সমস্ত দিন মনস্তাপ করিতেছে আর তোমার সমস্ত শরীর কম্পন করিতেছে কেন? আনন্দিত হও। আমি আহ্লাদ করিতে পারি না কারণ আমার একটী সন্তান মরিয়াছে। তোমার মনস্কাম কি আছে তাহা স্পষ্ট বল। এই তিন জন ইতর লোক নয় তাহারা বিশিষ্ট আছে। আপনার স্তব করা বড় মন্দ। পাপেতে কত লোক নষ্ট হইয়াছে। এক্ষণ তোমার সব কাপড় লণ্ডভণ্ড হইয়া রহিয়াছে কোষাধ্যক্ষ কাহাকে বলা যায়? ভাণ্ডারী ভাণ্ডারি কাহাকে বলা যায়? যে পার করে। এই কাস্তিয়াতে আমি আমার হস্ত কাটিয়াছি। এই ফল ভাল নয় ভক্কা লাগে আমার অনেক ফোস্কা আছে। তাহাতে আমি অনেক ক্লেশ পাইতেছি। আর সহ্য করিতে পারি না। শীত কালের জন্যে কম্বল আবশ্যক। আমার পশ্চাৎ গমন কর। আমাদের জন্মদিন আমরা জানিতে পারি মরণ সময় কেহ নিশ্চয় জানিতে পারে না ফকীরের গলায় স্ফটিকের মালা।

১৬ পাঠ ।

উ ঊ

ু ূ

উকার উচিত উপায় উপকার

মু শু রু হু গু তু জু মু

ঊষা ঊয়ী ঊন ঊহা

শূ বূ দূ ন্থ পূ রূ য়ূ তূ

উপর বক ঊষা দূর পূর উদাসীন
কুলীন ঊয়ী দূত নূতন উদাহরণ
তুলনা দুই ঊন পূরণ পূজারী

শ শু রু রু হু রূ ব্ধ গু গু কু
ঙ্গ তু ত্ত স্ত স্তু কিন্তু বস্তু

চ্য স্থ্য ব্য স্থ্য চ্যুত ন্যূন ব্যুৎবাদ
স্থ্যতি

তপ্ত বায়ুতে এই সুন্দর পুষ্প শুষ্ক হইয়া গিয়াছে। হায়২ মনুষ্য এই পুষ্পের তুল্য। অদ্য পায় সুখ কল্য ম্লান মুখ! অদ্য সুখময় কল্য পায় ক্ষয়। মস্তকের উপরে যত চুল তত আমার মনের ভুল। যাহাতে কিছু নাই তাহা আমরা শূন্য বলি। কোন ভিক্ষুক যেন শূন্যহস্তে তোমাহইতে না ফিরে। যে জন বিবেক শূন্য তাহার নাই পুণ্য বাজারে কি কিনিয়াছ? তুষ কিনিয়াছি আমি নুন ও গুড় আর কিছু রুটী আনিয়াছি। এই মুচী ভাল পাদুকা করিয়াছে। এক যোড়ার মূল্য দুই টাকার ন্যূন নহে মুচীকে একেবারে অশুচি বলা ভাল নয় যেহেতু হস্তে অশুচি বস্তু লইলে মন অশুচি হইতে পারে না মুচীর জুতায় বহু উপকার রুচি দূরে গেলে গুড়ও ভাল লাগে না। এই বালকেরা অদ্য বড় হুড়াহুড়ী করিয়া সকল কপাটের হুড়কা হারাইয়া ফেলিয়াছে। এই বালিকার হস্তে কেমন সুন্দর চুড়ী আছে এই দুষ্ট মানুষের দুরূহ বাক্য শুনিয়া তাহারা হায় হুতাশকরত ভূমিতে গড়াগড়ি দিয়াছে। এই ভুতড়িয়া পুরুষ কিছু অদ্ভুত বাক্য কহে। এই রুগ্ন মানুষ দুই কুড়ি বড়ী খাইলেও আরাম পাইল না কারণ উহার খুড়া জল খাইতে বারণ করিলেও তবু সে অনেক খাইল। এই বালক দুই ছুরী চুরী করিয়াছে। এই বালক এক মুষ্টি বালুকা আমার চক্ষুতে ছুড়িয়া দিয়াছে। তোমার মুখ কেন এমন তুবড়াইয়া

গিয়াছে আর কেন তুমি এই রূপে চুপ করিয়া বসিয়া রহিয়াছ? আমার মন অতি শোকাকুল হইতেছে যেহেতু আমার মস্তকের উপরে যত চুল তত অনেক আমার পাপ। এত ছোট বালক হইয়া তুমি কি২ কুব্যবহার করিয়াছ? তুমি কি চুরী বা অন্য কোন দুষ্টাচরণ করিয়াছ? না বাহ্যেতে এমন কোন পাপ করি নাই কিন্তু অন্তরে আমার বহু২ পাপ। সকল মনুষ্য পাপে ডুবিয়া রহিয়াছে শিশুগণও পাপী হয় কিন্তু যেশু গুরুর নিকটে গেলে ক্ষমা ও শিক্ষা ও এক নূতন ভাল মন পাওয়া যায়।

শিশুগণ যেশুর গুণানুবাদ কর।
যেহেতুক তাহার গুণ অতিশয় হয়।
চিরকাল তোমরা সব যেন না মর।
এই হেতু করেন নিজ জীবনকে ব্যয়।
দয়ালু যেশু মোর স্নেহময় গুরু।
তোমারই করিব গুণানুবাদ।
কদাপি আমরা না হইব ভীরু।
তোমারি চরণে করি আহ্লাদ।

যেশু গুরুর কাছে যাও।
সব হিন্দু মুসলমান।
সরল ভাবে মন ফিরাও।
এই গুরু ক্ষমাবান।

লোকেরা সব ।
করিও স্তব ।
যেশুকে ।
হয়্যা এক মতি ।
করিও স্তুতি ।
যেশুকে ।

যে রূপে তোমরা পরিমাণ কর সে রূপে তোমরা পরিমিত হইবা । যে রূপে তোমরা বিচার কর সে রূপে তোমরা বিচারিত হইবা । চক্ষু খোল শিশুহে কর সুন্দর মনোযোগ । এই কুড়িয়া মেইয়ার চুল উস্ক খুস্ক আছে । তাহার মুখ ও পরিষ্কার নয় তাহার কাপড়ও মলিন আর তেমনি তাহার মন । আমরা তুলা কিনিয়া সুতা কাটিব ইহার পরে কাপড় বুনাইব । তুমি তুষ্ট আমি তুষ্ট আমার অন্তর হয় না সুন্দর । কু কি কখন সু হয় । যে সব বাক্য কুৎসিত তাহা কি বলিতে উচিত । কুলীন লোক কুৎসিত বাক্য কহে না ।

১৭ পাঠ ।

ট ট্ ঠ ড ড্ ঢ ড় ড়্ ঢ়

আট আঠ আড আঢ আড় আঢ়

ঈট ঈঠ ঈড ঈঢ ঈড় ঈঢ়

এট এঠ এড এঢ এড় এ

টা ঠা ডা ঢা ড়া ঢ়া

টি ঠি ডি ঢি ড়ি ঢ়ি

টে ঠে ডে ঢে ড়ে ঢ়ে

টো ঠো ডো ঢো ড়ো ঢ়ো

ষ্ট ষ্ঠ

টাকা ঠেক টোল পাঠশালা আটক পাঠক টিকী ঠিক মাটী মাঠ। কুটা মাঠা দুষ্ট ওষ্ঠ নষ্ট ষষ্ঠ যষ্টি কুষ্ঠী। ডেনা ঢেলা ডোল ঢোল ডোবা ঢোলন ডেড় ঢেউ ডিম ঢিবী আঢ়ি সাপুড়্যা মূঢ় ভেড়া পাড়া উঁচা বাড়ী গাঢ় বুড়া রূঢ় ভূতড়িয়া নিগূঢ়।

এই মূঢ় ভেড়া আমার উরুতে ঢু মারিয়াছে তুমি যদি তাহাকে তাড়াইতা না তবে সে তোমাকে ঢু মারিত না কারণ ভেড়া নিষ্ঠুর পশু নয়। এই আমড়

কাষ্ঠেতে গঠিত হইয়াছিল এই কারণ বন্যার ঢেউতে উঠিয়া পড়িয়াছে। অন্য লোকের সাক্ষাতে ঢেকুর ছাড়িলে বড় অসভ্য হয়। যেখানে লোকেরা ঢাক বাজায় ও ঢোল মারে সেখানে আমি বসিতে পারি না। এই মনুষ্য ঘরের ভিতরে বসিয়া ঢুলিতেছিল এমন সময় হঠাৎ এক সাপ ঢুকিয়া তাহাকে কামড়াইল। তাহাতে সে ভূমিষ্ঠ হইয়া মরিল। সাপ সকল পশু অপেক্ষা শঠ ও খল আছে। সাপুড়্যা ও ভুতড়িয়া লোকদিগকে মানিলে পাপ হয়। ঊঢ়া কাহাকে বলা যায়? নূতন বিবাহিতা বনিতা। বনিতা কি? নারী পাঠশালে কত পাঠকেরা আছে? আঠার জন। পাঠ করিবার সময় চক্ষু খুলিতে হয়। আর গান করিবার সময় ওষ্ঠ বিস্তার করিতে হয়। পাঠশালা হইতে ছুটী পাইলে আমরা মাঠে গিয়া কপাল ঠোকাঠুকি খেলা করিব। তোমরা গড়াগড়ি দিও না ও পরস্পরে ঠেলাঠেলি করিও না। কনিষ্ঠ ভাই জ্যেষ্ঠ ভাইকে মান্য করিবে। এই ডোবার অপরিষ্কার জলেতে স্নান করিলেই আমাদের পীড়া জন্মিবে। ভেড়ার লোমেতে সূতা হয় সে সূতাতে কম্বল হয়। কম্বল দিয়া শীতকালে শরীরকে ঢাকিয়া রাখি। মুড়কী আর মিঠাই ছেলিয়ারা অতিশয় ভাল বাসে। আরূঢ় কি? আরূঢ় আছে আরোহিত বা কোন বস্তুর উপরে উপবিষ্ট হওয়া যেমন শকটারূঢ়, ঘোটকারূঢ়, মেঘারূঢ় ইত্যাদি। টাকাতে আমরা কি পাপ ঢাকিয়া রাখিতে পারি?।

১৪ পাঠ।

ও ঔ ো ৌ । এ ঐ ে ৈ

ওম ঔম এক ঐক

ওম	মো	ঔম	মৌ	এক	কে	ঐক	কৈ
ওজ	জো	ঔজ	জৌ	এব	বে	ঐব	বৈ
ওদ	দো	ঔদ	দৌ	এন	নে	ঐন	নৈ
ওট	টো	ঔট	টৌ	এত	তে	ঐত	তৈ
ওগ	গো	ঔগ	গৌ	এখ	খে	ঐখ	খৈ

গৌড়ীয় লোকদের মুখ গৌর নয়। ঐ কৌটাতে চৌষট্টি কৌড়ি আছে। কৌমার কালে লোকেরা কৌতুক করিতে ভাল বাসে। কৌমার কাল কোন কাল? শৈশব কাল। সোণা ও রৌপ্য যেমন তৌল করা যায় তেমনি যেন আমরা আপনার বাক্য তৌল করি। তোমার শিক্ষক যদি তোমাকে ডাকেন তবে গৌণ না করিয়া দৌড়িয়া যাও। আর শিক্ষক যদি বৈ পড়ান তবে কেবল মৌখিক পাঠ করিও না কিন্তু মনোযোগ করিয়া পাঠ কর।

হে বালকেরা বৈস আমরা বৈ পাঠ করিব। কারণ শৈশব কালে যাহা তোমরা শিক্ষা না কর তাহা যৌবন কালে অতিশয় ক্লেশ পাইয়া শিক্ষা করিতে হয়। কৈলাস তুমি ঐ চৌকির উপরে বসিয়া বালকদিগকে চৌকি দেও যেন তাহারা পাঠ করিবার সময় কৌতুক না করে পাঠশালের পরে তোমরা গৌটীতে খেলা করিতে পার আর যাহারা পড়ায় সুন্দর মনোযোগ করে তাহারা বৈকালে আমার সহিত নৌকার উপরে চড়িতে পাইবে। কৈলাস তাহা শুনিয়া ডাকিল আমি ভাল রূপ মনোযোগ করিব। আর আমি আমি আমি আমিও মনোযোগ করিব এমন আরও অনেক বালকেরা ডাকিল। ঐহিক ও ঔদরিক লোকেরা পরকালের চিন্তা করে না। অভিমানী যে সে কেবল আপনার গৌরব করে। শয়তান সকল লোকের বৈরী। তুমি সুন্দর কৌতুকী তুমি কি কিনিয়াছ? ঐ তৈলিকের নিকটে চৌষটি কৌড়ির তৈল কিনিয়াছ। বৈশাখ মাসে অনেক লোক বসন্ত রোগেতে মরে। পৌষ মাস হেমন্ত কাল। বৈশ্য জাতি আপনার পৈতা কোমরে রাখে। বৈদ্যেরা চিকিৎসা করে যাজকেরা নৈবেদ্য করে।

১৯ পাঠ।

ং ঃ ঁ

আইস আঁচলা হা তাঁত ফাঁদ চাঁদ

পেচ ঠোঁট ভোঁদড় ছুঁচ

এবং বরং বংশ অহংকার হুংকার

মনঃ অতঃ দুঃ নিঃ

মনঃপীড়া দুঃখ নিঃশেষ

সকল পশু অপেক্ষা হস্তী অতি হিংসক। এই জন্যে তাহাকে কোন দুঃখ দিও না বা কোন রকমে হিংসা করিও না। তোমরা ইহার এক বিবরণ মনঃ সংযোগ করিয়া শুন। এক রাজার অনেক হস্তী ছিল পরে রাজার কোন চাকর এক হস্তিকে বড় দুঃখ দিল তাহাতে সে হুংকার করিয়া রব করিল। ঐ চাকর তাহা শুনিয়া পলাইল। অতঃপর অন্য সময়ে সেই চাকর এই হস্তিকে

আহার দিতে গেলে সে আপনার শুঁড়েতে তাহাকে দেমালেতে শুঁজড়িয়া শরীরে ঠেস দিয়া নিঃশেষে হত্যা করিল। ভোঁতা ছুঁচে সীলাই করিতে পারা যায় না। তুমি কেন এত দুঃখিত আছ? আমার মনঃপীড়া এবং শিরঃপীড়া উভয় আছে আর অন্য দুঃখের কথা কি বলিব দুঃখেতে আমার বক্ষঃ ফাটিয়া গেল। আর আমার অন্তঃকরণ দুঃসহ শোকে মগ্ন আছে। আহা আমার সোণার চাঁদ গেল রে। তাহা শুনিয়া কালাচাঁদ বলিল কেন এত কান্দিতেছ? তোমার ছেলো কি রেগুর নিকটে গেল না? সকল বাঁশেতে বংশলোচন হয় না এবং সকল মনুষ্য ও সরল হয় না। বাঁশেতে ঘরের খুঁটীও চাঁচ করা যায়। জল প্লাবনের আগে মনুষ্যেরা মাংস খাইত না। লোকের সময় মনুষ্য বংশের অন্তঃকরণ অত্যন্ত দুষ্ট ছিল এই জন্যে জগদীশ তাহাদিগকে সংহার করিলেন। তাহাদের পাপের অংশী যদি আমরা হই তবে তাহাদের শাস্তির অংশীও হইব। শরীরং ব্যাধিমন্দিরং। যোগ্যং যোগ্যেন যুজ্যতে। শঠে শাঠ্যং সমাচরেৎ।

২০ পাঠ।

ত ত্থ থ দ দ্দ ধ

আত	আথ	আদ	আধ
তা	থা	দা	ধা
তি	থি	দি	ধি
তে	থে	দে	ধে
তু	থু	দু	ধু
তূ	থূ	দূ	ধূ
তো	থো	দো	ধো
তৌ	থৌ	দৌ	ধৌ
তৈ	থৈ	দৈ	ধৈ

ধ্য ধ্যা ধ্যি ধ্যে ধ্যো
থ্য থ্যা থ্যি থ্যে থ্যো

ন্ধ ন্ধ ন্ধ ন্ধ ন্ধ

অন্ধ লব্ধ দুগ্ধ বদ্ধ
অন্ধা লব্ধা দগ্ধা যোদ্ধা
সন্ধি লব্ধি শুদ্ধি বুদ্ধি
বন্ধ্যা সন্ধ্যা বন্ধ্য

ধোপা কি করে? ধোপা কাপড় ধৌত করে। এই বালকের ধুতি অধৌত কেন? বোধ করি তাহার মনও অধৌত। ধরণীধর বলিল তাহা সত্য বটে কারণ এই বালক অতি অধম কথা বলে। তোমাকে ধিক্ থাকুক এই কথা তাহার শিক্ষক বলিলেন এবং আরও কহিলেন অদ্য অবধি এই বালক অন্য বালকদের কাছে বসিবে না। যে অধ্যয়ন করায় তাহাকে অধ্যাপক বলা যায়। ধারামত শিক্ষা না করিলে বিদ্যা হইতে পারে না।

মিথ্যা কহা নিষেধ হয়।

বিরোধ করা ভাল নয়।

শপথ করা অপরাধ।

হিংসা তোমরা দেও বাদ।

হে ছেলিয়ারা সাবধান, পাপ হইতে পলায়ন কর; কারণ সে ঠিক সাপের মত। পিতা মাতার অবাধ্য হওয়া বড় মন্দ। এক বড় অবাধ্য বালক ছিল সে পিতা মাতার কথা বা শিক্ষকের কথা কখন মানিত না, এবং অন্য বালকদের সহিত বিবাদ করিয়া তাহাদের মুখে থুথু ফেলিত। এবং পথে সাক্ষাৎ পাইলে তাহাদের মাথায় ধূলা ও পাথর নিক্ষেপ করিত। ইহাতে

সে বালক বড় অমানা হইল ও ভাল লোকদের সভার মধ্যে কখন থাকিতে পাইল না। অন্ধ মনুষ্যের সাক্ষাতে দীপ্তি এবং অন্ধকার সমান। যাজকেরা ভোরে এবং সন্ধ্যার সময়ে সুগন্ধি ধূপ দগ্ধ করিয়া নৈবেদ্য করিয়া থাকিল। দুগ্ধ ও মধু মিষ্ট বস্তু। থালাতে আমরা ভাত খাই। সকল ধনি মনুষ্য কি ধন্য আছে। যেখানে যুদ্ধ সেখানে থাকা ভাল নয়। আমি সকল লোকের সহিত সন্ধি রাখিব। কিন্তু সকলের সহিত বন্ধুতা রাখিব না। অন্ধকারে অনুসন্ধান করিলে নিষ্ফল। অধিক ঔষধ খাইলেও আমার মাথার ব্যথা ভাল হইল না। তাহার অদ্ভুত কথা শুনিয়া আমি স্তব্ধবুদ্ধি হইলাম। পাঠশালে যাইবার সময় তোমরা পথে দাড়াইও না।

২১ পাঠ।

ঌ ৡ

নৢ বৢ কৢ মৢ নৣ বৣ কৣ মৣ

ক্লৃপ্ত। লেখা পড়াতে আমি সদা ক্লৃপ্ত থাকি

ৃ

ঋণ ঋতু ঋষি ঋজু

মৃ শৃ নৃ বৃ ভৃ কৃ গৃ খৃ ঘৃ (হৃ) হৃ

মৃ শৃ নৃ বৃ ভৃ কৃ গৃ খৃ ঘৃ

কৃশ কৃষাণ দৃষ্টি সৃষ্টি বৃষ্টি ধৃষ্ট ঘৃণা
বৃদ্ধি ভৃতি তৃপ্ত তৃণ ভৃত্য বৃক্ষ গৃহ পৃষ্ট
পৃথক পৃষ্ঠ হৃষ্ট হৃদয় হৃত

অপব্যয়ি সন্তান পিতৃ গৃহে ফিরিয়া আইলে তাহার পিতা হৃষ্টমনা হইল এবং আপন ভৃত্যদিগকে অনুমতি দিলেন যে তোমরা এক হৃষ্ট পুষ্ট গোবৎস মার। ভোজন করিলে পর তাহারা হৃদয়ে হৃষ্ট হইয়া নৃত্য করিল।

মনুষ্য সকল পৃথিবীর তৃণের তুল্য। তৃণ অদ্য হৃষ্ট কল্য রুষ্ট অদ্য তেজোময় কল্য দগ্ধ হয়। যেমন নিশ্চয় আমাদের জন্ম হইয়াছে তেমনি নিশ্চয় আমাদের মৃত্যু হইবে। নিষিদ্ধ বস্তুর উপরে দৃষ্টি করিও না বরং তাহা ঘৃণা কর। কারণ নিষিদ্ধ বস্তু লইলে বা খাইলে মন কখন হৃষ্ট হইতে পারে না আর কখন তৃপ্ত হয় না। কেবা সদসৎ বৃক্ষের ফল খাইলে পরে কি তৃপ্ত হইল এবং তাহার মন কি হৃষ্ট হইল?। হৃত বস্তু আরবার ফিরিয়া দিতে হয়। শৃগাল অতি কুৎসিত পশু কারণ সে অন্য পশুর মৃত দেহ খায়। উদরে কৃমি থাকিলে লোকদের শরীর কৃশ হইয়া যায়। ধান্য বুনিবার সময়ে কৃষাণ লোকেরা বৃষ্টির জন্যে আকাশের পানে দৃষ্টি করে। কিন্তু যে কৃপানিধি বিধাতা পৃথিবীকে সৃষ্টি করিলেন তাঁহার পানে তাহারা দৃষ্টি করে না। পিতৃমাতৃহীন ছেলিয়ারা অতি দুঃখি লোক।

২২ পাঠ।

জ ষ্ণ ষ্ণ ঝ

জাল ঝাল জিত ঝাঁ ঝাপ ঝাড়ন
ঝুরী জোঁক ঝোপ ঝোল জেড় ঝড়
তৃষ্ণা কৃষ্ণ বিষ্ণু উষ্ণ কদুষ্ণ মৃগতৃষ্ণা।

যাহা শীতল নয় এবং উষ্ণও নয় তাহা কদুষ্ণ। যদ্যপি কাহারও তৃষ্ণা লাগে তথাপি সে কদুষ্ণ জল খাইবে না। মৃগতৃষ্ণা কি আছে তাহা কে বলিতে পারে? যদি পারিস রামকৃষ্ণ জানিস। কিরূপে তুমি জানিতে পারিয়াছ? পণ্ডিত মহাশয় আমাকে বুঝাইয়া দিলেন। তবে তুমি এই সকল বালকদিগকে বুঝাইয়া দেও। মধ্যাহ্নকালে মাঠে দৃষ্টি করিলে আতপ যেন ছোট ঢেউয়ের ন্যায় নড়ে চড়ে এমন দেখা যায় মৃগেরা দূর হইতে তাহা দেখিয়া নিশ্চয় শীতল জলাশয় বোধ করিয়া আপনাদের তৃষ্ণা নিবারণ করিবার জন্যে সেই মিথ্যা জলের নিকটে পোঁহুছিতে চাহে। কিন্তু যত দূরে তাহারা দৌড়িয়া যায় তত দূরে সেই মিথ্যাজল তাহাদের দৃষ্টিগোচর হয় পরিশেষে হরিণেরা তৃষ্ণায় ক্লান্ত হইয়া মাঠে পড়িয়া নষ্ট হয়। শৃগালেরা তাহাদের মাংস খাও

করিয়া খাইয়া ফেলে এই মিথ্যা জলকে আমরা মৃগতৃষ্ণা বা মরীচিকা বলি। শিক্ষক বলিলেন রামকৃষ্ণ ভাল বলিল। সাংসারিক বিষয় সকল মৃগতৃষ্ণার ন্যায় আর এই বিষয় মৃগ তৃষ্ণাতে পীড়িত হইয়া লোকেরা আপনাকে চিরকালের জন্যে নষ্ট করে। ঝড়ের সময় আমার ঘরের ঝাঁপ পড়িয়া গিয়াছে। কোষাধ্যক্ষ কাহাকে বলা যায়? ভাণ্ডারী। দুষ্ট লোকেরা আপনার দণ্ড পাইবে। আপন দোষ আচ্ছাদন করা ভাল নয়। যাহারা কৃষ্ণ বা বিষ্ণুকে সেবা করে তাহারা খ্রীষ্টকে তুচ্ছ করে। বিচার দিনে সকল লোকেরা যেশু খ্রীষ্টের সাক্ষাতে দাঁড়াইবে ও দণ্ডবৎ হইবে। অন্ধকারে থাকিয়া একবারে দীপ্তি দেখিলে চক্ষুতে ঝাপসা লাগে তোমরা যাহার বিষয় না বুঝ তাহার বিষয়ে চূড়ামি করিয়া কথা কহিতে যাইও না গরীব লোককে তুচ্ছ করা বড় মন্দ। ঐ [illegible] [illegible]োর কথা শুনিয়া আমি নিরুপম হইয়া গেলাম। ঐ [illegible] বাটিকা ছেড়ে খুলিয়া গেলে অধিক জল ভিতরে পড়ে তাহা আমি ঝাড়ন লইয়া পুঁছিয়া ফেলিব যে বালক বালিকা ঝকড়া করিয়া অন্য বালকদিগকে গালা গালি দেয়। তাহাদিগকে শিক্ষক ভাল বাসে না আর যে ছেলিয়ারা আপনাদের পাঠ অসহ্য বোঝা বোধ করে তাহারা কেবল শিক্ষককে দুঃখিত করে ও ক্লেশ দেয়।

২৩ পাঠ।

ম্ম ল্ল ম্ন ণ্ন ব্ব ব্ব জ্জ ত্ত ত্তু

ট্ট ট্টু চ্চ চ্চ ঞ্ছ ঙ্ক ঙ্গ খ্ব দ্দ দ্ধ

আত্মা মাল্ল অন্ন হাব্ব। তদ্ধ উদ্দেশ

লজ্জা উচ্চ ইচ্ছা তুচ্ছ দত্ত মত্ত

সম্মতি সম্মুখ সম্মুখাসম্মুখি উত্তীর্ণ্ন

পট্ট ঠাট্টা উচ্চারণ পিপ্পল পিপ্পলী

চিক্কণ কুক্কুর বঙ্ক ভট্ট অট্টালিকা হট্ট

সম্পত্তি বিপত্তি উত্থান উত্থাপন ছিন্ন ভিন্ন

কেন তোমরা ছিন্নভিন্ন হইয়া বসিতেছ? সম্মুখাসম্মুখি হই সারিতে বৈস আর স্পষ্ট করে উচ্চারণ কর। গরীব হওয়াতে লজ্জা নাই এবং পাপ ও নাই এই নিমিত্তে গরীব লোকদিগকে তুচ্ছ করাও ভাল নয়। অনেক সম্পত্তি থাকিলেও আমাদের ভূরি২ বিপত্তি ঘটিতে পারে। বড় অট্টালিকাতে বাস করিলেও আমাদের মৃত্যু হইবে। এই পট্ট বসন আমি হট্টে কিনিলাম। ছোট বালকেরা বড় ভারি কথার উত্থাপন করিতে পারে না। পিপ্পলী ফল খাইলে অতিশয় ঝাল লাগে না। তোমরা যদি চাহ তবে তোমাদিগকে দত্ত হইবে। খুঁজ তবে তোমরা উদ্দেশ পাইবা

আঘাত দিলে তোমরা খোলা পাইবা। পক্ষী আকাশে উড্ডীয়মান হইলে কে তাহাকে ধরিতে পারে? গলিয়াথ বীর দাবিদকে তুচ্ছ করিয়া বলিল আমি কি কুক্কুর যে তুই যষ্টি লইয়া আমার সম্মুখে আসিতেছিস কিন্তু দাবিদ এক চিক্কণ পাথর লইয়া তাহাকে হত্যা করিল।

২৪ পাঠ।

র্ণ র্প র্দ র্গ র্থ র্ধ র্ব্ব র্দ্দ র্ম্ম র্য র্শ

কর্ণ অনর্গল সর্প বর্ষ আকর্ষণ অর্থ

দর্শন চূর্ণ কর্ম্ম দুর্ম্মতি দুর্ম্মূল্য নির্ম্মাণ

সর্ব্ব পর্ব্ব মার্জ্জনা কীর্ত্তন বর্ত্তুল কীর্ত্তি

মূর্ত্তি কর্ত্তা গর্দ্দভ অর্দ্দন নির্দ্দোষ।

মার্ক নামে এক বালক সর্ব্বদা আলস্য করিয়া আপনার কর্ত্তব্য কর্ম্ম কখন করিল না। এই কারণ তাহার শিক্ষক এক দিন বলিলেন হে মার্ক তোমার কর্ত্তব্য কর্ম্ম করিলা না কেন? এই তোমার বড় অধর্ম্ম কর্ম্ম এবং বড় নির্বোধ ব্যবহার কারণ মৃত্যু পর্য্যন্ত তোমার সর্ব্বদা লজ্জা অনিবৃত্তি হইবে আর অলস লোকেরা কেবল নরকে যাইবে। তাহাতে মার্ক বলিল হায়২ এই কথা যথার্থ আমার বড় দুর্ম্মতি হইয়াছে আমার এই লজ্জা

কে মার্জ্জনা করিবে? অদ্যাবধি, আমি অন্য বালকদের সহিত হর্ষেতে শিখিব এবং পূর্ব্বে যেমন মূর্খতা ও অধর্ম্ম করিয়াছি তেমনি আর কখন করিব না বিশেষ রূপে ধর্ম্মপুস্তক পাঠ করিব। কর্ণেতে আমরা শুনিতে পাই আর চক্ষুতে আমরা দর্শন করি। য়েশু খৃষ্ট সর্ব্ব দেশের দেবমূর্ত্তি নির্দ্দয় রূপে চূর্ণ করিবেন কেননা তাহাদের অর্চ্চনা শয়তানের শিক্ষা। কেবল এক সৃষ্টিকর্ত্তা তিনিও জগৎকর্ত্তা ও বিচার কর্ত্তা এই নিমিত্তে মনুষ্য কর্ত্তৃক নির্ম্মিত মূর্ত্তিকে সেবা করা বড় মূর্খ কর্ম্ম আর বড় অধর্ম্ম কার্য্য আর য়েশু খ্রীষ্ট কোন দেবার্চ্চা কারী দিগকে নির্দ্দোষী করিবেন না। মূসা জল হইতে আকর্ষিত হইলেন গরীব লোকেরা দুর্ম্মূল্য বস্তু কিনিতে পারে না অনর্গল খাইলে ব্যামোহ জন্মে।

২৫ পাঠ।

ব শ্ব স্ব দ্ব ত্ব ন্ব ক্ব ধ্ব জ হ্ব
শ্বা স্বা দ্বা ত্বা ন্বা ক্বা ধ্বা জ্বা হ্বা
শ্বি স্বি দ্বি ত্বি ন্বি ক্বি ধ্বি জ্বি হ্বি

ম শ্ম স্ম ষ্ম দ্ম ত্ম ক্ষ্ম
শ্মা স্মা ষ্মা দ্মা ত্মা ক্ষ্মা
শ্মী দ্বে ত্বে ক্ষ্মী

নিশ্বাস শ্বেত আশ্বিন ঈশ্বর শ্বশুর বিশ্বাস অশ্ব শ্মশান স্বামী স্বীকার স্বভাব স্বর্গ স্বপ্ন সর্ব্বস্ব স্মরণ বিস্মৃত উষ্ম দ্বারা তদ্দ্বারা উর্দ্ধ্ব দ্বীপ দ্বেষ দ্বিজ পদ্মা পদ্ম ত্বরা কবিত্ব মনুষ্যত্ব ঈশ্বরত্ব তত্ত্ব সান্ত্বনা আত্মা মাহাত্ম্য অন্বিত রাগান্বিত ক্ষুধান্বিত পক্ব পরিপক্ব পাপ্মা ধ্বংস ধ্বজা ধ্বনি ধ্বান্ত জ্বালা জ্বর আহ্বান জিহ্বা লক্ষ্মী সূক্ষ্ম শ্লেষ্মা।

উৎ উৎবিগ্ন উদ্বিগ্ন উদ্বেগ উদ্বমন
উদ্বন্ধন উদ্বৃত্ত উদ্বর্ত্ত উদ্বাহ উদ্বোধ

তৎ তৎবিষয় তদ্বিষয় তদ্বিরুদ্ধ

যৎ যৎবিষয় যদ্বিষয়

সৎ সৎবিষয় সদ্বিষয় সদ্ব্যবহার সদ্বাক্য

ষ্যৎ ভবিষ্যৎবাক্য ভবিষ্যদ্বাক্য

পিতৃমাতৃ হীন ও বিধবাগণের তত্ত্বাবধারণ করা ঈশ্বরের সাক্ষাতে পুণ্য ও নির্ম্মল ধর্ম্ম হয়। হে ছেলিয়ারা ঈশ্বরের দয়া বিস্মৃত হইও না বরং স্বর্গীয় পিতার সকল কৃপা স্মরণ কর ও আপন জিহ্বাদ্বারা তাঁহার বিরুদ্ধে পাপ করিও না। যে মনুষ্য একবার মিথ্যা কহে তাহার কথায় কখনও বিশ্বাস হয় না। যে ছেলেরা পরস্পরে দ্বেষ করে তাহাদের স্বভাব বড় মন্দ। রাগান্বিত হইয়া তোমরা কথা কহিও না। তোমরা যদি কোন দোষ করিয়া থাক তবে ইহার বিষয়ে খেদান্বিত হইয়া তাহা স্বীকার কর। ধর্ম্মময় আত্মাকে দুঃখিত করিও ন বরং তিনি যাহা তোমাদিগকে শিক্ষা দেন এবং যাহা লওয়ান তাহা তোমরা ত্বরায় পালন কর না করিলে সেই উত্তম আত্মা খেদান্বিত হইয়া তোমাদের অন্তঃকরণ হইতে দূরে যাইবেন তাহাতে তোমাদের সান্ত্বনা ধ্বংস পাইবে।

হে ছেল্যেরা তোমরা ঈশ্বরকে স্তব করিয়া জয়ধ্বনি কর কারণ তাঁহার তত্ত্ব ও মাহাত্ম্য কে জানিতে পারে। বৈথেলে য়াকূব স্বপ্নেতে স্বর্গ সোপান দেখিলেন। হিন্দুলোকেরা শ্মশানে মৃতদিগকে দগ্ধ করে। অপরিপক্ব ফল উদরে পরিপাক পায় না। পদ্মফুল সূর্য্যের কিরণ পাইলে ফুটে। লক্ষ্মী নামে এক বালিকা ছিল সে পিতা মাতার অবাধ্যা হইল এবং শিক্ষকের অনুমতি ও সর্ব্বদা বিস্মৃতা হইল। এক দিন সে অপক্ব ফল খাইলে জ্বর ও শ্লেষ্মা রোগ পাইল তদ্দ্বারা তাহার শরীর অতি সূক্ষ্ম হইয়া গেল শেষে অতিশয় ক্লেশ পাইলে মরিল। য়েশু খ্রীষ্ট পুনরুত্থান করিলে পর আবার স্বর্গে ঊর্দ্ধ গমন করিয়া মাহাত্ম্য পাইলেন। জ্বরের আরম্ভেতে উদ্বমনের ঔষধ খাইলে ত্বরায় আরাম পায়। যিহুদা য়িস্কারিয়ৎ মনে উদ্বিগ্ন হইয়া আপনাকে উদ্বন্ধন করিল। যদ্বিষয় ঈশ্বর স্বীকার করিয়াছেন তদ্বিষয় তিনি অন্যথা করিবেন না। ধর্ম্মপুস্তকের মধ্যে যে ভবিষ্যদ্বাক্য লিখিত আছে তাহা সকল সিদ্ধ হইবে। শিক্ষকের অনুমতি বিস্মৃত হইও না এবং তদ্বিরুদ্ধে কোন কথা কহিও না। যাহারা বিলম্বে পাঠশালে পঁহুছিয়া থাকে কিম্বা আপনাদের পুস্তক ছিঁড়িয়া ফেলে এমন ছেলিয়াদ্দিগকে আমরা ভুল না করিয়া অলস বলিতে পারি। কাষ্ঠ দগ্ধ করিলে ভস্ম হয়। কেবল দুষ্ট লোকেরা দৌরাত্ম্য করে।

২৬ পাঠ।

ম্র গ্র প্র হ্র দ্র দ্রু দ্রূ শ্র শ্রু শ্রূ

ব্র ভ্র ভ্র ভ্রু ভ্রূ ত্র ত্র ত্র ক্র ক্র ক্র

খ্র ঘ্র স্ত্র ন্ত্র ন্দ্র

নম্র গ্রাহ্য গ্রীষ্ম প্রায় প্রাচীন প্রাতি প্রেক দ্রাক্ষা দ্রব দ্রুত উপদ্রব চন্দ্র পরিত্রাণ সূত্র পুত্র শত্রু ত্রুটি বিশ্রাম শ্রবণ শ্রুত হ্রদ ব্রত তীব্র ভ্রান্ত ভ্রষ্ট ভ্রম ভ্রমর ভ্রূ ভ্রূকুটি আক্রমণ চক্রবর্ত্তী বিক্রয় ক্রোধ ক্রুদ্ধ খ্রীষ্ট ঘ্রাণ শীঘ্র স্ত্রী মন্ত্র তন্ত্র তন্ত্রবায়

দস্যু লোকেরা উপদ্রব করিতে দ্রুত গমন করে। ক্রোধে ধীর লোক বলবান হইতেও উত্তম। ক্রুদ্ধ হইয়া লোকেরা ভ্রূকুটি করে। য়েশু প্রভু বলিলেন তোমার সর্ব্বস্ব বিক্রয় করিয়া দরিদ্রদিগকে বিতরণ কর তাহাতে স্বর্গেতে ধন পাইবা। পরিশ্রমের পরে বিশ্রাম অতি সুখ দায়ক। যে জন কর্ত্তব্য কর্ম্মে ত্রুটি করে সে বিশ্রাম পাইবার যোগ্য নহে। যে বালিকা সূত্র কাটিতে

না জানে সে কুড়িয়া স্ত্রী হইবে। তাহা শুনিয়া ক্ষান্ত বলিল আমি সূত্র কাটিতে শিখিব বস্ত্র হাটে ক্রয় করিলে আক্রা পাওয়া যায় কিন্তু আপনি সূত্র কাটিয়া তন্ত্রবায়কে বাণি দিয়া বস্ত্র বুনাইলে তাহা শস্তা মিলিবে। চন্দ্র ও শুক্র গ্রহ নক্ষত্রের মধ্যে। সূর্য্যের কিরণ তীব্র আর চন্দ্রের কিরণ হিমময়। মনুষ্যজাতি ঈশ্বরকে ত্যাগ করিয়া পাপরূপ অন্ধকারে ভ্রমণ করিয়া ভ্রষ্ট হইয়া গিয়াছে আর প্রায় কেহই প্রাচীন বা যুবা হউক আপন ত্রাণের বিষয় ভাবনা করে না উপকথাও গ্রাহ্য করে না। এই নিমিত্তে হে প্রিয় ছেলিয়ারা উপদেশ কথা নম্রৰূপে শ্রবণ কর এবং য়েশু প্রভুর প্রেমেতে প্রেমী হইয়া পুনর্ব্বার তাহাকে প্রেম কর। কেননা তিনি কত সহস্র যন্ত্রণা ভোগ করিয়া শেষে ক্রুশের উপরে শত্রু কর্ত্তৃক হস্ত পদ বিদ্ধ হইলে আপন প্রাণ ত্যাগ করিলেন দেখ এই সকল কেবল তোমাদের নিমিত্তে করিলেন। ঈশ্বর জগৎকে এমন স্নেহ করিলেন যে আপনার অদ্বিতীয় পুত্রকে প্রদান করিলেন তাহাতে যে কেহ বিশ্বাস করিবে সে নষ্ট না হইয়া অনন্ত পরমায়ুঃ পাইবে। ঈশ্বর যদি আপন প্রিয়তম পুত্রকে প্রেরণ না করিতেন তবে আমাদের চিরকাল নরকের অগ্নি হ্রদে যন্ত্রণা ভোগিতে হইত যে কেহ দরিদ্র ও ক্ষুদ্র লোককে বিদ্রূপ করে এমন প্রকার মনুষ্যকে আমরা কি ভদ্র বলিতে পারি। যাহারা অপরিষ্কৃত কথা বলে তাহাদিগকে আমরা কি পবিত্র বলিতে পারি

নাসিকা আমাদের ঘ্রাণেন্দ্রিয় নাসিকা থাকিলেও কিন্তু লোকেরা ময়লা দ্রব্য গ্রাস করে কর্ণ শ্রবণেন্দ্রিয় আছে যে বালকেরা শীঘ্র শ্রবণ না করে তাহাদিগকে চেতনা দিতে হয়। রুটি শ্রেষ্ঠ খাদ্য আর দ্রাক্ষারস শ্রেষ্ঠ পেয়। দুষ্ট লোকেরা দৌরাত্ম্য করে কিন্তু ধার্ম্মিক লোকেরা শত্রুকেও প্রেম করে।

২৭ পাঠ।

ভক্তি ভক্ত উক্ত বক্তা উক্তি শক্তি কাকুক্তি যুক্তি ভবিষ্যৎবক্তা ভবিষ্যৎবক্তৃগণ নিক্তী ব্রাহ্মণ ব্রহ্মা ব্রহ্মপুত্র প্রাহ্ণ মধ্যাহ্ণ অপরাহ্ণ চিহ্নিত আহ্নিক মন্থন কন্থা মন্থর আস্থা স্থান ব্যবস্থা প্রস্থান উপস্থিত স্থির সুস্থ স্বাস্থ্য কায়স্থ স্বর্গস্থ।

বিলেয়াম এক ভাক্ত ভবিষ্যৎবক্তা ছিল। মূসা ভবিষ্যৎবক্তা দ্বারা ঈশ্বর ব্যবস্থা দিলেন। সকল ভবিষ্যৎবক্তৃগণের মধ্যে মূসা এবং এলিয়া অগ্রগণ্য ছিল। যে কর্ম্মেতে আমরা নিযুক্ত থাকি তাহা আমাদের শক্তি অনুসারে করিতে হয়। যে স্থানে তোমরা অবস্থান বা গমন কর সে স্থানে প্রাহ্ণ মধ্যাহ্ণ অপরাহ্ণে কিম্বা

যে সময়েই বা হউক সর্ব্বদা তোমাদের স্বর্গস্থ পিতাকে স্মরণ করিয়া তাঁহাকে ভয় প্রেম ও আস্থা ভক্তি কর। সুস্থ থাকিলে তাঁহাকে স্তব কর আর অস্বাস্থ্য অবস্থা উপস্থিত হইলে তোমরা স্থিরচিত্ত হইয়া স্বর্গস্থ পিতার স্থানে ধৈর্য্যের নিমিত্তে প্রার্থনা কর। এবং নম্রমনা হইয়া যদি তোমরা সুস্থতার নিমিত্তে প্রার্থনা কর তবে তিনি অবশ্য তোমাদের কাকুক্তি শ্রবণ করিবেন। আর উপযুক্ত সময়ে তোমাদিগকে মুক্ত করিবেন। যাহারা ব্রহ্মকে জানে তাহাদিগকে ভারত বর্ষীয় লোকেরা ব্রাহ্মণ বলে। ব্রহ্মপুত্র ভারত বর্ষের এক নদ বিশেষ।

২৮ পাঠ।

ঙ ঙা ঝিঙা পাঙালবণ

কোঙর

ঙ্ক ঙ্ক ঙ্খ ঙ্গ ঙ্গ ঙ্ঘ

শঙ্কা অঙ্ক সঙ্খ্যা শঙ্খ

বাঙ্গা অঙ্গ জঙ্ঘা সঙ্ঘ

অঙ্কবিদ্যা বঙ্ক অঙ্গুলি সঙ্কেত গঙ্গা চিঙ্গড়ি মৎস্য সঙ্গ্রাম সঙ্ঘটনা সঙ্কট গোপাঙ্গনা ভৃঙ্গ তরঙ্গ রসভঙ্গ জঙ্গল পঙ্ক মঙ্গল লঙ্কা লঙ্ঘন

সঙ্ঘাতক সঙ্কীর্ত্তন সঙ্গতি সঙ্গী উল্লঙ্ঘনীয় কাঙ্গাল শৃঙ্খলা শৃঙ্গ অঙ্গার অহঙ্কার ভয়ঙ্কর পঙ্কজ পঙ্গপাল মঙ্গলবার টাঙ্গী আকাঙ্ক্ষা অঙ্কুর অঙ্কুশ অঙ্গুরী অঙ্গুষ্ঠ অঙ্ঘ্রি গোঙ্গা উলঙ্গ ফিঙ্গা পঙ্গ।

হে ছেলিয়ারা তোমরা এখন অনেক পর্য্যন্ত শিখিয়াছ তোমাদের পাঠ করা প্রায় সাঙ্গ হইয়াছে অতএব তোমাদের আর গোঙ্গাইয়া পাঠ করিতে হইবে না। তোমরা যখন সম্পূর্ণ পাঠ করিতে জ্ঞান তখন তোমাদের অঙ্কবিদ্যা শিখিতে হয়। বঙ্গদেশীয় স্ত্রীলোকেরা বহুসঙ্খ্যক অনুচিত অলঙ্কার পরিধান করে. অর্থাৎ অঙ্গুলিতে অঙ্গুরী হস্তে শঙ্খ ইত্যাদি চরণে মল নাসিকাতে নথ ও কর্ণেতে কুণ্ডল প্রভৃতি রাখে। ঝিঙ্গাফল ও চিঙ্গড়িমৎস্য ভাল খাদ্য দ্রব্য। ভৃঙ্গেরা পঙ্কজের মধু পান করে। ভয়ঙ্কর শিলা বৃষ্টি দ্বারা ঈশ্বর মিসর দেশের ক্ষেত্রের সকল শস্য নষ্ট করিলেন এবং যে কিছু অবশিষ্ট থাকিল অসঙ্খ্যক পঙ্গপাল আসিয়া তাহার অঙ্কুর পর্য্যন্ত খাইয়া ফেলিল। মুসা পিস্কা শৃঙ্গের উপরে মরিলেন। দাবিদ অতিধার্ম্মিক ও সাহসিক ছিলেন। তিনি অল্প বয়স্ক হইলেও অহ-ঙ্কারি ভয়ঙ্কর গোলিয়াথ্ বীরের সঙ্গে যুদ্ধ করিতে কিছু

মাত্র শঙ্কা করিলেন না। তিনি নিকটবর্ত্তি নালা হইতে পাঁচখান চিক্কন প্রস্তর বাচিয়া লইয়া আপন রাখালের ঝুলীতে রাখিয়া নিজ ফিঙ্গা ও যষ্টি হস্তে লইয়া ঐ অহঙ্কারি ভয়ঙ্কর বীরের সহিত সাক্ষাৎ করিতে গেলেন তাহা দেখিয়া ঐ বীর রাগান্বিত হইয়া দাবিদকে বলিল "তোর মাংস শূন্যের পক্ষি ও প্রান্তরের পশুদিগকে দি" পরে দাবিদকে মারিবার আকাঙ্ক্ষাতে দৌড়িয়া আইল কিন্তু দাবিদ শীঘ্র করিয়া ঝুলী হইতে এক প্রস্তর লইয়া ফিঙ্গায় পাক দিয়া ঐ পিলিষ্টিয়ের কপালে ফিঙ্গিয়া মারিল। তাহাতে সে ভুমিতে অধোমুখ হইয়া পড়িল। পরে দাবিদ দৌড়িয়া ঐ পিলিষ্টিয়ের খড়্গ লইয়া তাহার শিরশ্ছেদন করিলেন। হে ছেলিয়ারা দাবিদের এত বল কি প্রকারে হইল তাহা তোমরা কি জান? হাঁ, আমরা জানি কারণ দাবিদ কেবল ঈশ্বরেতে ভরসা রাখিলেন আর আপন শক্তি হেতু অহঙ্কার না করিয়া বরং সর্ব্বদা ঈশ্বরকে আস্থা ভক্তি করিতেন এবং আপনার সকল কর্ম্মেতে ঈশ্বরের মহিমা সংকীর্ত্তন করিতে আকাঙ্ক্ষিত ছিলেন। ঈশ্বর তৎকৃত কার্য্যেতেও মঙ্গল দিলেন। ঈশ্বরের অনুমতি লঙ্ঘন করা পাপ।

২৯ পাঠ।

ঞ ঞা ঞি যাচঞা গোসাঞি ঞ্চ ঞ্চ ঞ্ছ ঞ্ছ ঞ্জ ঞ্জ ঞ্ঝ ঞ্ঝ জ্ঞ জ্ঞ।

কাঞ্চন পঞ্চাশ কঞ্চী অকিঞ্চন বাঞ্ছা বাঞ্ছিত মঞ্চ চঞ্চল পঞ্চ পঞ্চানন অঞ্চল চাঞ্চল্য বঞ্চনা লাঞ্ছনা অঞ্জন জঞ্জাল পঞ্জিকা অঞ্জলি পিঞ্জর পঞ্জর ঝঞ্ঝনা ঝঞ্ঝাট কঞ্জর ব্যঞ্জন সঞ্চয় বঞ্চক চঞ্চু গুঞ্জ খঞ্জ গঞ্জনা উঞ্ছবৃত্তি প্রপঞ্চ কিঞ্চিৎ জ্ঞান জ্ঞাতি জ্ঞাত আজ্ঞা অজ্ঞ আজ্ঞাবহ বিজ্ঞ অজ্ঞান কৃতজ্ঞ জিজ্ঞাসা তত্ত্বজ্ঞান জ্ঞাপন দৈবজ্ঞ জ্ঞানারুণ ক্ষেত্রজ্ঞ অবজ্ঞাত অজ্ঞাত জ্ঞানান্ধ জ্ঞানাঞ্জন যজ্ঞবেদি।

তাহারা চঞ্চল হইয়া এই পৃথিবীর মধ্যে কাঞ্চন ও রৌপ্য সঞ্চয় করিতে চাহে তাহারা আপনাকে প্রবঞ্চনা করে। এবং যাহারা ধন থাকিলেও কৃপণ হইয়া অকিঞ্চন দরিদ্রদিগের নিমিত্তে ব্যঞ্জন না করে তাহারাও বড় অজ্ঞান। কারণ তাহারা পরকালে কিঞ্চিৎও সঙ্গে লইতে পারিবেনা এবং মৃত্যুর সময়ে অসংখ্যক কাঞ্চন ও রৌপ্য দিলেও নরক হইতে উর্ত্তীর্ণ হইবেনা। আমরা যদি জ্ঞান ও ধর্ম্ম স্বরূপ ধন সঞ্চয় করি তবে প্রবঞ্চিত হইব না কারণ এই প্রকার ধন কেহ কাড়িয়া লইতে পারে না এবং পরকালের নিমিত্তে পরম লাভ হয়। যদ্যপি শিক্ষক পঞ্চানন নামে এক বালককে অনেকবার লাঞ্ছনা করিয়া শাস্তি দিলেন তথাপি সে প্রায় কখন আপন পাঠ শিখিল না। তাহাতে শিক্ষক এক দিন বলিলেন হে পঞ্চানন যদি এখন আলস্য কর্ম্মেতে জলাঞ্জলি না দেও তবে আমি আর ধৈর্য্য না করিয়া তোমাকে পাঠশাল হইতে চ্যুত করিব। তাহাতে তুমি যাবজ্জীবন জ্ঞানান্ধ ও অবজ্ঞাত হইবা। হে ছেলিয়ারা তোমরা যদি জ্ঞানী হইতে বাঞ্ছা কর তবে যাহা না বুঝ তাহার বিষয় একেবারে জিজ্ঞাসা কর না করিলে অনেক বিষয়ে অজ্ঞান থাকিবা।

হে প্রিয় ছেলিয়ারা তোমরা আনন্দ কর কারণ এক্ষণে তোমাদের অক্ষর পরিচয় হইয়াছে। তোমরা যে অক্ষর না জান এমন কোন অক্ষর নাই ও যে বাক্য তোমরা পড়িতে না পার এমন কোন বাক্য নাই আর যে

পুস্তক তোমরা পাঠ করিতে না পার এমন কোন পুস্তক নাই এবং ধর্ম্ম পুস্তকের বচন বা গীতের শ্লোক তোমা-দিগকে মুখস্থ করাইতে পিতামাতার বা শিক্ষকের আর আবশ্যক নাই যেহেতুক তোমরা আপনারা বারম্বার পড়িলে মনে থাকিবে ও মুখস্থ হইবে আর তোমরা অনায়াসে তাহা অদেখা বলিতে পারিবা। কিন্তু এত অনুগ্রহ প্রাপ্ত হইয়া প্রিয়তম স্বর্গীয় পিতার প্রতি অতিশয় কৃতজ্ঞ হওয়াও তোমাদের কর্ত্তব্য,। কারণ যাহারা লেখা পড়া না জানে কখন ও শিক্ষিতে পাইবে না এমন লক্ষ ২ শিশু আছে, আর ধর্ম্মশাস্ত্র দেখিতে পায় না ও পরিত্রাণের বাক্য শুনিতে পায় না এবং উত্তম মেষ-পালকের মিষ্ট রব যাহাদের কর্ণে কখন ও প্রবেশ করে না এমন দুর্ভাগ্য শিশু কত না আছে। আর পশুতুল্য অজ্ঞান হইয়া মরিয়া যায় এমন কোটি ২ লোক। আহাঃ প্রিয় শিশুরা তোমাদের কেমন সৌভাগ্য। এই হেতু

পিতাকে স্তব স্তুতি কর মরণই পর্য্যন্ত
কারণ তাঁহার যত দয়া হয় না তাহার অন্ত
আঘ্রাণেন্দ্র শ্রবণ দর্শন আস্বাদ স্পর্শ জ্ঞান
দিলেন সেই পিতা প্রিয় এই পাঁচটি দান
হস্ত চরণ অন্ন বস্ত্র লেখা পড়ার জ্ঞান
এবং সকল অন্য বিষয় সবই তাহার দান
বিশেষতঃ দিলেন আপন ক্রোড়ের একটি ছেল্যে
এমন মহাশ্চর্য্য প্রেম কোথায় গেলে মিলে।

৩০ পাঠ ॥

হে প্রিয় শিশুরা তোমরা এখন পাঠ করিতে পার বটে কিন্তু অক্ষর সকলের নাম তোমরা এখন পর্য্যন্ত জান না। জানিতে আবশ্যক ও নাই কেননা অক্ষরের নাম না বলিয়া শুদ্ধ পাঠ করিলেই হয় অর্থাৎ অক্ষরের উচ্চারণ করিবা মাত্র পাঠ হয় ইহা তোমরা বিলক্ষণ রূপে দেখিয়াছ। তথাচ অক্ষরের নাম জানা ভাল।

অক্ষর দুই প্রকার অর্থাৎ হল ও স্বর তাহা তোমরা জান। স্বর অক্ষরের পাছে "কার" উচ্চারণ করিলে স্বর বর্ণের নাম হয় যথা

অ	এর	নাম		অ	কার
আ	এর	নাম		আ	কার
এ	এর	নাম		এ	কার
ই	এর	নাম	হ্রস্ব	ই	কার
ঈ	এর	নাম	দীর্ঘ	ঈ	কার
উ	এর	নাম	হ্রস্ব	উ	কার
ঊ	এর	নাম	দীর্ঘ	ঊ	কার
ও	এর	নাম		ও	কার
ঐ	এর	নাম		ঐ	কার
ঔ	এর	নাম		ঔ	কার
ঋ	এর	নাম	হ্রস্ব	রি	কার
ৠ	এর	নাম	দীর্ঘ	রী	কার
ঌ	এর	নাম	হ্রস্ব	লি	কার
ৡ	এর	নাম	দীর্ঘ	লী	কার

এবং প্রত্যেক হল অক্ষরের আছে "অ" উচ্চারণ করিলে হলবর্ণের নাম হয় যথা।

ক	এর	নাম	ক।
খ	এর	নাম	খ।
গ	এর	নাম	গ।
ঘ	এর	নাম	ঘ।
ঙ	এর	নাম	ঙ।
হ	এর	নাম	হ।
চ	এর	নাম	চ।
ছ	এর	নাম	ছ।
জ	এর	নাম	জ।
ঝ	এর	নাম	ঝ।
ঞ	এর	নাম	ঞ।
য	এর	নাম	য।
শ	এর	নাম	শ।
ট	এর	নাম	ট।
ঠ	এর	নাম	ঠ।
ড	এর	নাম	ড।
ঢ	এর	নাম	ঢ।
ণ	এর	নাম	ণ।
র	এর	নাম	র।
ষ	এর	নাম	ষ।

ত এর নাম ত।
থ এর নাম থ।
দ এর নাম দ।
ধ এর নাম ধ।
ন এর নাম ন।
ল এর নাম ল।
স এর নাম স।

প এর নাম প।
ফ এর নাম ফঁ।
ব এর নাম ব।
ভ এর নাম ভ।
ম এর নাম ম।
ব এর নাম ব।
ব এর নাম উঅ।
য এর নাম ইয়।

ক	খ	গ	ঘ	ঙ		হ্	কণ্ঠ্য
চ	ছ্	জ	ঝ	ঞ	য	শ	তালব্য
ট	ঠ	ড	ঢ	ণ	র	ষ	মূর্দ্ধন্য
ত	থ	দ	ধ	ন	ল	স	দন্ত্য
প	ফ	ব	ভ	ম		ব	ওষ্ঠ

অর্দ্ধহল

৩৩	১২	দ	দু
৩৬	৯	ম	মু
৩৯	১১	ঋ	ঋ
৩৯	৬	পষ্ট	স্পষ্ট
৩৯	৩	কর	করে
৪০	৩	দেড়িয়া	দৌড়িয়া
৪১	৭	তগু	তপ্ত
৪২	৮	হওয়াত	হওয়াতে
৪৩	৫	নর্ম্মিত	নির্ম্মিত
৪৫	৪	কারী	কারি
৪৫	৩	নির্দোষী	নির্দোষ
৪৫	১৪	জ	জ্ঞ
৪৬	৫	ন	না
৪৭	২	কব্যর্ত্ত	কর্ত্তব্য
৪৯	১০	হদ	হৃদ
৪৯	১৩	প্রাতি	প্রীতি
৪৯	৭	ভয়ঙ্কব	ভয়ঙ্কর
৫৩	৫	দান	সান
৫৭	১৮	অগ্রহুহ	অনুগ্রহ
৫৭	১৮	জান	জানা
৫৮	৯	ন	না
৫৯	২২	আছে	পাছে
৫৯			

বিজ্ঞাপন।

এই পুস্তক পাঠ করিলে বালকগণ প্রথম পিতা মাতা ভ্রাতা ভগিন্যাদি স্বজনগণের বিবরণ এবং ঐ সকল শব্দের তাৎপর্য্যার্থ, এক এক শব্দের পৃথক্ পৃথক্ নাম ও নানা অর্থ অবগত হইতে পারিবে। দ্বিতীয় কোন্ ধাতু হইতে কোন্ শব্দ উৎপন্ন তাহার অর্থ কিরূপে গ্রহ হয়, আর পিত্রাদির প্রতি কিরূপ ভক্তি শ্রদ্ধা করিতে হয় ও তাঁহাদের কিরূপে সেবা শুশ্রূষা করিতে হয়, ভ্রাতাদির প্রতি কিরূপ স্নেহ ও সদ্ভাব রাখিতে হয় এই সকল ও তদ্ভাবতের সহিত সহবাসের প্রথা পরিপাটীরূপে জানিতে পারিবে। সুতরাং তখন শিশু সন্তানগণের অসৎ স্বভাবের অনেক পরিবর্ত্তন হইবার সম্ভাবনা, এই উদ্দেশেই আমি এই পুস্তক রচনা করিলাম। যদিও আপাততঃ নিতান্ত বালকের পক্ষে ইহার অনেক স্থানের অর্থ বোধগম্য হওয়া সুকঠিন হইতে পারে বটে, তথাচ অভ্যাস থাকিলে পরে পরে সাধুভাষা শিক্ষা বিষয়ে বিশেষ উপকার দর্শাইতে পারিবে। এক্ষণ বিদ্যালয়াধ্যক্ষ ও ইনিস্পেক্টর মহোদয়গণের সমীপে আমার সবিনয় নিবেদন এই যে, আপনকারা অনুগ্রহ পূর্ব্বক এই পূর্ব্বভাগ পুস্তকের আদ্যোপান্ত একবার অবলোকন করিয়া যদ্যপি বালকব্যূহের পাঠোপযোগী হইয়া থাকে, তবে তাবৎ পাঠশালার পাঠ্য পুস্তক মধ্যে ইহাকেও গ্রহণ করিয়া আমার উৎসাহ বর্দ্ধন করিবেন, কিমধিকং বিজ্ঞবরেষু।

পারাজ .....
সন ১২৬৭ সাল।
২ আষাঢ়।

শ্রীব্রহ্মানন্দ চট্টোপাধ্যায়স্য।

ধাতু প্রদীপ।

শব্দের মূল ধাতু। প্রথমতঃ ধাতু দশ প্রকার, যথা ভ্বাদি, অদাদি, হ্বাদি, দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি, চুরাদি এই দশ। ইহারা আবার চারি প্রকার হয়, যথা ণ্যন্ত, সনন্ত, যঙন্ত, যঙলুগন্ত, এই চারি। এতদ্ভিন্ন আ-রও একপ্রকার ধাতু আছে, তাহার নাম "নামধাতু,,। প্র-থমে নাম (শব্দ) থাকে, পরে প্রত্যয় দ্বারা ধাতু করা হয়। ধাতুর অন্তে কৃৎ প্রত্যয় করিলে তাহাকেই কৃদন্ত কহে। ধা-তুর উত্তর বাচ্যানুসারে যে সমস্ত প্রত্যয় করা যায় তাহার নাম কৃৎ প্রত্যয়। ধাতুর উত্তর কৃৎপ্রত্যয় করণানন্তর যে সক-ল পদ নিষ্পন্ন হয় সেই সকল পদকে শব্দ কহে।

বাচ্য।

যাহা কথিত হয়, তাহাকেই বাচ্য কহা যায়। যখন যে কারক বিশেষ করিয়া বলা হইবে, তখন সেই কারক বাচ্য হইবে। কর্ত্তা কারক বাচ্য হইলে অর্থাৎ বিশেষরূপে কথিত হইলে কর্ত্তৃবাচ্য হইবেক। কর্ম্মকারক বাচ্য হইলে কর্ম্মবাচ্য হইবে। এইরূপ করণ বাচ্য, সম্প্রদান বাচ্য, অপাদান বাচ্য, অধিকরণ বাচ্য। এতদ্ব্যতিরিক্ত আরও একটি বাচ্য প্রচলিত আছে, তাহার নাম "ভাব বাচ্য,,। ধাতুর অর্থই ভাব, যখন ধাতুর অর্থ মাত্র বাচ্য হয়, তখন তাহাকে ভাব বাচ্য

কহে। ভাব বাচ্যের প্রত্যয় নিষ্পন্ন পদসমূহ কোন কারক পদের বাচক হয় না বলিয়া সংজ্ঞামাত্র হইয়া থাকে, কদাপি কাহার বিশেষণ হয় না। যেমন গম ধাতুর অর্থ গমন ভাব বাচ্যের অর্থ ধাত্বর্থ মাত্র বলিয়া ভাববাচ্যে গম ধাতুর উত্তর অনট করিয়া গমন, ক্তি করিয়া গতি ইত্যাদি সকল ভাব বাচ্য হওয়াতে সংজ্ঞা পদ হইল। ভাববাচ্যের সকল পদ-কেই ক্রিয়াবাচক সংজ্ঞা বলা যায়। সম্বন্ধ, সংস্কৃত ভাষায় কারক মধ্যে গণ্য নহে, এজন্য সম্বন্ধ বাচ্য নাই।

যাবদীয় কৃৎ প্রত্যয়ান্ত শব্দের মধ্যে অন, ক্যপ, এবং ঙ প্রত্যয়ান্ত শব্দসমূহের স্ত্রীলিঙ্গ শব্দের ন্যায় প্রায় আ যুক্ত হইয়া ব্যবহৃত হয়।

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
কৃ	করণ	অনট	ধাত্বর্থমাত্র	করণ	সাধন
জ্ঞা	বোধ	অনট	ঐ	জ্ঞান	চৈতন্য
শি	শয়ন	অনট	ঐ	শয়ন	নিদ্রা, শয্যা
দা	দান	অনট	ঐ	দান	অর্পণ
চি	চয়ন	অনট	ঐ	চয়ন	আহরণ
শ্রু	শ্রবণ	অনট	ঐ	শ্রবণ	কর্ণ, শুনন
ভূ	সত্তা	অনট	ঐ	ভবন	গৃহ
কৄ	করণ	অনট	ঐ	কিরণ	রশ্মি
স্থা	স্থিতি	অনট	ঐ	স্থাপন	রক্ষণ
গম	পাদবিহরণ	অনট	ঐ	গমন	প্রস্থান
ভক্ষ	আহার	অনট	ঐ	ভক্ষণ	ভোজন

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
দৃশ	অবলোকন	অনট	ধাত্বর্থমাত্র	দর্শন	অবলোকন
নন্দি	হর্ষ	অন	সি, কর্ত্তা, বি(১)	নন্দন	পুত্র, হর্ষজনক
তপ	তাপ	অন	ঐ	তপন	সূর্য্য, গ্রীষ্ম
রম	ক্রীড়া	অন	ঐ	রমণ	জঘন
গৈ	গান	অন	ঐ	গায়ন	গানোপজীবী
দুর্-যুধ	সমর	অন	ঐ	দুর্য্যোধন	কুরুবংশজাত রাজা
দুর্-শাস	শাসন	অন	ঐ	দুঃশাসন	যাহাকে কষ্টে শাসন করা যায়
সু-দৃশ	দর্শন	অন	ঐ	সুদর্শন	সুদৃশ্য, বিষ্ণুচক্র
ভূ (ণ্যন্ত)	সত্তা	অন	ঐ	ভাবনা	চিন্তা
বন্দ	স্তব	অন	ঐ	বন্দনা	স্তুতি
বিদ	জ্ঞান	অন	ঐ	বেদনা	ব্যথা
ভূ-ধৃ	ধারণ	অল্	সি, কর্ম্ম, বি(২)	ভূধর	পর্ব্বত
বিঘ্ন-হৃ	হরণ	অল্	ঐ	বিঘ্নহর	গণেশ
দিবা-কৃ	দিবাকরণ	অল্	ঐ	দিবাকর,	সূর্য্য
পুরস্-সৃ	অগ্রগমন	অল্	ঐ	পুরঃসর	অগ্রবর্ত্তী
জি	জয়	অল্	ধাত্বর্থমাত্র	জয়	পরাভব করা
লী	অদর্শন	অল্	ঐ	লয়	বিনাশ
ভিদ	ভেদ	অল	ঐ	ভেদ	বিচ্ছেদ, বিদারণ
হৃষ	সন্তোষ	অল্	ঐ	হর্ষ	আহ্লাদ
হন	হনন	অল্	ঐ	বধ	হত্যা

(১) সিদ্ধপদে কর্ত্তার বিশেষণ এবং সর্ব্বত্র।

(২) সিদ্ধপদে কর্ম্মের বিশেষণ এবং সর্ব্বত্র।

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
দা	দান	তৃন	সি,কর্ত্তা,বি	দাতা	দানকর্ত্তা
বচ	বাক্য	তৃন	ঐ	বক্তা	যে বাক্য বলে
নি-যম	নিরূপণ	তৃন	ঐ	নিয়ন্তা	নিয়মকর্ত্তা
ক্রী	ক্রয়	তৃন	ঐ	ক্রেতা	ক্রয় কর্ত্তা
কৃ	করণ	তৃন	ঐ	কর্ত্তা	যিনি করেন
যুধ	সংগ্রাম	তৃন	ঐ	যোদ্ধা	যুদ্ধকর্ত্তা
বুধ	বোধ	তৃন	ঐ	বোদ্ধা	বিবেচক
দুহ	দোহন	তৃন	ঐ	দোগ্ধা	দোহনকর্ত্তা
গ্রহ	গ্রহণ	তৃন	ঐ	গ্রহীতা	গ্রাহক
সৃজ	সৃজন	তৃন	ঐ	স্রষ্টা	সৃজনকর্ত্তা
দৃশ	দর্শন	তৃন	ঐ	দ্রষ্টা	দর্শনকর্ত্তা
পচ	পাক	ণক	সি,কর্ত্তা,বি	পাচক	পাক-কর্ত্তা
নী	অগ্রেগমন	ণক	ঐ	নায়ক	প্রদর্শক
পু	পবিত্র	ণক	ঐ	পাবক	পবিত্রকারক
শুষ	শোষণ	ণক	ঐ	শোষক	শোষণকর্ত্তা
বি-ধা	ব্যবস্থা	ণক	ঐ	বিধায়ক	ব্যবস্থাকারক
হন	বধ	ণক	ঐ	ঘাতক	হননকর্ত্তা
নৃত	নৃত্য	ণক	ঐ	নর্ত্তক	নৃত্যকারী
নৃত	নৃত্য	ণক	ঐস্ত্রী(১)	নর্ত্তকী	নৃত্যকারিণী
রন্‌জ	রাগ	অক	ঐ	রজক	পরিষ্কারকর্ত্তা
রন্‌জ	রাগ	ণক	ঐ(স্ত্রী)	রজকী	রজক পত্নী
তন্ত্র	তন্ত্রধারণ	ণক	ঐ	তন্ত্রধারক	শিবোক্তগ্রন্থধারণ কর্ত্তা
বুধ	বোধ	ণক	ঐ	বোধক	পণ্ডিত

(১) স্ত্রীলিঙ্গে

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
গ্রহ	গ্রহণ	ণিন্	সি,কর্ত্তা,বি	গ্রাহী	গ্রহণকর্ত্তা
বস	অবস্থান	ণিন্	ঐ	বাসী	বসতিকারী
দা	দান	ণিন্	ঐ	দায়ী	প্রতিভূ, ভারগ্রস্ত
স্থা	স্থিতি	ণিন্	ঐ	স্থায়ী	স্থিতিশীল
সংসৃজ	সংসর্গ	ণিন্	ঐ	সংসর্গী	একত্রবাসী
প্রতিযুজ	বিরোধ	ণিন্	ঐ	প্রতিযোগী	প্রতিপক্ষ, তুল্যতা কারী
পরিত্যজ	ত্যাগ	ণিন্	ঐ	পরিত্যাগী	বিবর্জ্জক
অনু-রঞ্জ	প্রীতি	ণিন্	ঐ	অনুরাগী	অনুরাগবিশিষ্ট
বি-বিচ	বিচার	ণিন্	ঐ	বিবেচী	বিবেকবিশিষ্ট
পরিশ্রম	ক্লান্তি	ণিন্	ঐ	পরিশ্রমী	পরিশ্রমকর্ত্তা
প্র-শম	উপশম	ণিন্	ঐ	প্রশমী	শমতাবিশিষ্ট
ভ্রম	ভুল	ণিন্	ঐ	ভ্রমী	ভ্রান্তিযুক্ত
বি ক্রী	বেচা	ণিন্	ঐ	বিক্রয়ী	বিক্রেতা
স্থা	স্থিতি	ণিন্	ভবিষ্যত	স্থায়ী	যাহা থাকিবে
ভূ	উৎপত্তি	ণিন্	ভবিষ্যত	ভাবী	যাহা হইবে
আ-গম	আগমন	ণিন্	ভবিষ্যত	আগামী	ভাবী গমনশীল
গৈ	গান	থক	সি,কর্ত্তা,বি	গাথক	গানকর্ত্তা
কুম্ভ-কৃ	কুম্ভকরণ	ষণ	ঐ	কুম্ভকার	কুলাল
মালা-কৃ	মালাক-রণ	ষণ	ঐ	মালাকার	পুষ্পজীবী
উপানৎকৃ	পাদুকা-করণ	ষণ	ঐ	উপানৎকার	জুতা কারক
ক্লেশ-কৃ	ক্লেশকরণ	ট	ঐ	ক্লেশকৃত	বস্ত্রবিশেষ
শত্রু-হন	শত্রুহনন	টক্	ঐ	শত্রুঘ্ন	শত্রুমর্দ্দন
কৃত-হন	কৃতহনন	টক্	ঐ	কৃতঘ্ন	কৃতহন্তা

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বন-চর	বনেচরণ	টক্	সি,কর্ত্তা,বি	বনচর	অরণ্যবাসী
জল-চর	জলেচরণ	টক্	সি,কর্ত্তা,বি	জলচর	জলজন্তু
নিশাচর	রাত্রিচরণ	টক্	সি,কর্ত্তা,বি	নিশাচর	রাক্ষস, চোরপ্রভৃতি
সু-দৃশ	দর্শন	টক্	সি,কর্ত্তা,বি	সুদর্শ	সুদৃশ্য
দুর-ধৃষ	ধর্ষণ	টক্	সি,কর্ত্তা,বি	দুর্দ্ধর্ষ	প্রগল্ভ
তদদৃশ	দর্শন	টক্	উপমান	তাদৃশ	তদ্রূপ
যদদৃশ	দর্শন	টক্	উপমান	যাদৃশ	যদ্রূপ
এতদদৃশ	দর্শন	টক্	উপমান	এতাদৃশ	এতদ্রূপ
সমানদৃশ	দর্শন	টক্	উপমান	সদৃশ	তুল্য
ইদমদৃশ	দর্শন	টক্	উপমান	ঈদৃশ	এইরূপ
কিমদৃশ	দর্শন	টক্	উপমান	কীদৃশ	কিরূপ
বুধ	বোধ	ক	সি,কর্ত্তা,বি	বুধ	পণ্ডিত
বিদ	জ্ঞান	ক	সি,কর্ত্তা,বি	বিদ	বিদ্বান্
প্রী	প্রীতি	ক	সি,কর্ত্তা,বি	প্রিয়	স্নেহপাত্র, স্বামী
ভু-রুহ	ভূমিতে জন্মান	ক	সি,কর্ত্তা,বি	ভূরুহ	বৃক্ষাদি উদ্ভিজ্জপদার্থ
অসূর্য্যদৃশ	সূর্য্যের অদর্শন	ক	সি,কর্ত্তা,বি	অসূর্য্যম্পশ্যা	যেজন কখন সূর্য্য দেখেন।
কৃতার্থমন	মান্যকৃ	খশ	সি,কর্ত্তা,বি	কৃতার্থম্মন্য	আপনাকে চরিতার্থ বোধকারী
পণ্ডিতমন	মান্যকৃ	খশ	সি,কর্ত্তা,বি	পণ্ডিতম্মন্য	পণ্ডিতাভিমানী
ধন্য-মন	মান্যকরণ	খশ	সি,কর্ত্তা,বি	ধন্যম্মন্য	কৃতকর্ম্মাভিমানী
সুভগমন	মান্যকরণ	খশ	সি,কর্ত্তা,বি	সুভগম্মন্য	ঐশ্বর্য্যাভিমানী

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বস-ধৃ	রত্নধারণ	খ	সি,কর্ত্তা,বি	বসুন্ধরা	পৃথিবী
প্রিয়-বদ	প্রিয়বাক্য	খ	সি,কর্ত্তা,বি	প্রিয়ম্বদ	প্রিয়বক্তা
বশ-বদ	মনোবাক্য	খ	সি,কর্ত্তা,বি	বশংবদ	বশীভূত
বিশ্ব-ভৃ	বিশ্বভরণ	খ	সি,কর্ত্তা,বি	বিশ্বম্ভর	বিষ্ণু
পুরং-দৃ	বিদারণ	খ	সি,কর্ত্তা,বি	পুরন্দর	ইন্দ্র
ধন-জি	জয়	খ	সি,কর্ত্তা,বি	ধনঞ্জয়	অর্জ্জুন
পর-তপ	তাপ	খ	সি,কর্ত্তা,বি	পরন্তপ	পরপীড়ক
স্বয়ং-বৃ	বরণ	খ	ঐ (স্ত্রী)	স্বয়ম্বরা	স্বেচ্ছাপূর্ব্বকবিবাহকারিণী
অরি-দম	দমন	খ	সি,কর্ত্তা,বি	অরিন্দম	শত্রুমর্দ্দক
ইর-মদ	হর্ষক্ষয়	খ	সি,কর্ত্তা,বি	ইরম্মদ	বিদ্যুদগ্নি
সর্ব্ব-সহ	সহন	খ	ঐ (স্ত্রী)	সর্ব্বংসহা	পৃথিবী
ভয়-কৃ	ভয়করণ	ট	সি,কর্ত্তা,বি	ভয়ঙ্কর	ভয়জনক
ক্ষেম-কৃ	মঙ্গলকৃ	ট	সি,কর্ত্তা,বি	ক্ষেমঙ্কর	শুভজনক
অগ্র-জন	উৎপত্তি	ড	সি,কর্ত্তা,বি	অগ্রজ	জ্যেষ্ঠভ্রাতা
শোক-অ.অপহ-প-হন	নন	ড	সি,কর্ত্তা,বি	শোকাপহ	শোকহন্তা
জল-দা	জলদান	ড	সি,কর্ত্তা,বি	জলদ	মেঘ
পার-গম	পারেগমন	ড	সি,কর্ত্তা,বি	পারগ	কর্ম্মদক্ষ
গিরি-শী	পর্ব্বতে শয়ন	ড	সি,কর্ত্তা,বি	গিরিশ	মহাদেব
পত-গম	পক্ষদ্বারাগমন	ড	সি,কর্ত্তা,বি	পতঙ্গ,পতঙ্গম,পতগ	পক্ষী
বিহায়-স-গম	আকাশেগমন	ড	সি,কর্ত্তা,বি	বিহঙ্গ,বিহঙ্গম, বিহগ	পক্ষী

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
ত্বরা-গম	শীঘ্রগমন	ড	সি,কর্ত্তা,বি	তুরঙ্গ,তুরঙ্গম,তুরগ	অশ্ব
ভুজ-গম	ক্ষেত্রেগমন	ড	সি,কর্ত্তা,বি	ভুজঙ্গ, ভুজঙ্গম,ভুজগ	সর্প
উরস্-গম	বক্ষেগমন	ড	সি,কর্ত্তা,বি	উরঙ্গ,উরঙ্গম, উরগ	সর্প
আত্ম-ভৃ	আত্মভরণ	খি	সি,কর্ত্তা,বি	আত্মম্ভরি	স্বার্থপর
উদর-ভৃ	উদরভরণ	খি	সি,কর্ত্তা,বি	উদরম্ভরি	পেটুক
কুক্ষি-ভৃ	উদরভরণ	খি	সি,কর্ত্তা,বি	কুক্ষিম্ভরি	খাদক
জল-ধা	ধারণ	কি	সি,কর্ত্তা,বি	জলধি	জলধারণ করে যে
বারি-ধা	ধারণ	কি	সি,কর্ত্তা,বি	বারিধি	জলধারণ করে যে
অম্বু-ধা	ধারণ	কি	সি,কর্ত্তা,বি	অম্বুধি	জলধারণ করে যে
নি-ধা	ধারণ	কি	সি,কর্ত্তা,বি	নিধি	রত্ন
সংধা	সংযোগকৃ	কি	সি,কর্ত্তা,বি	সন্ধি	মিলন
অন্তরধা	অদর্শন	কি	সি,কর্ত্তা,বি	অন্তর্দ্ধি	তিরোধান
বি-ধা	বিধান	কি	সি,কর্ত্তা,বি	বিধি	নিয়ম
বি-জ্ঞান	বিজ্ঞানজ্ঞ	ক্বিপ	সি,কর্ত্তা,বি	বিজ্ঞানবিৎ	বিজ্ঞানশাস্ত্রজ্ঞ
সংরাজ	দীপ্তি	ক্বিপ	সি,কর্ত্তা,বি	সম্রাট	স্বাধীনরাজা
ইন্দ্র-জি	ইন্দ্রকেজয়	ক্বিপ	সি,কর্ত্তা,বি	ইন্দ্রজিৎ	রাবণপুত্র
শ্রী-যু	যুক্ত	ক্বিপ	সি,কর্ত্তা,বি	শ্রীযুক্ত	শ্রীবিশিষ্ট
তদ-দৃশ	দর্শন	ক্বিপ	উপমান	তাদৃক	তদ্রূপ
যদ-দৃশ	দর্শন	ক্বিপ	উপমান	যাদৃক	যদ্রূপ
তৃষ	তৃষ্ণা	ক্বিপ	ধাত্বর্থমাত্র	তৃষা	পিপাসা

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
স্বয়ংভু	উৎপত্তি	ডু	সি,কর্ত্তা,বি	স্বয়ম্ভু	স্বয়ং উৎপত্তিশীল
শংভু	উৎপত্তি	ডু	ঐ	শম্ভু	শিব
বি-ভু	উৎপত্তি	ডু	ঐ	বিভু	প্রভু
প্র-ভু	উৎপত্তি	ডু	ঐ	প্রভু	স্বামী
সহ	সহ্য	ইষ্ণু	ঐ	সহিষ্ণু	সহনশীল
বৃধ	বর্দ্ধন	ইষ্ণু	ঐ	বর্দ্ধিষ্ণু	বর্দ্ধনশীত
চর	চরণ	ইষ্ণু	ঐ	চরিষ্ণু	চরণ শীল
জি	জয়	ষ্ণু	ঐ	জিষ্ণু	জয় শীল
গৃধ	লোভ-করণ	ক্নু	ঐ	গৃধ্নু	লোভশীল
কম	কামনা করণ	উক	ঐ	কামুক	কাম শীল
গম	গমন	উক	ঐ	গামুক	গন্তা
ভু	উৎপত্তি	উক	ঐ	ভাবুক	ভাবগ্রাহক
অভিলষ	ইচ্ছা	উক	ঐ	অভিলাষুক	সস্পৃহ
বৃষ	বর্ষণ	উক	ঐ	বর্ষুক	বর্ষণ-শীল
হন	বধ	উক	ঐ	ঘাতুক	হিংস্র
দয়	দয়া	আলু	ঐ	দয়ালু	দয়াশীল
নি-দ্রা	নিদ্রা	আলু	ঐ	নিদ্রালু	নিদ্রাশীল
শ্রদ্ধ	ভক্তি	আলু	ঐ	শ্রদ্ধালু	শ্রদ্ধাশীল
শী	শয়ন	আলু	ঐ	শয়ালু	শয়ন শীল
স্পৃহি	ইচ্ছা	আলু	ঐ	স্পৃহয়ালু	লোলুপ
ভঞ্জ	ভাঙ্গা	উর	ঐ	ভঙ্গুর	ভঙ্গশীল
ভাস	প্রকাশ	উর	ঐ	ভাসুর	দীপ্তিশীল
ভিদ	ভেদ	কুর	ঐ	ভিদুর	ভেদশীল
ছিদ	ছেদ	কুর	ঐ	ছিদুর	ছেদশীল

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বিদ	জ্ঞান	কুর	সি,কর্ত্তা,বি	বিদুর	শান্তস্বভাব
নশ	নাশ	বর	ঐ	নশ্বর	নাশশীল
জি	জয়	বর	ঐ	জিত্বর	জয়শীল
ঈশ	পতি	বর	ঐ	ঈশ্বর	প্রভুত্বশীল
ভাস	দীপ্তি	বর	ঐ	ভাস্কর	সূর্য্য
স্থা	স্থিতি	বর	ঐ	স্থাবর	অচলপদার্থ
কস	বিকাশ	বর	ঐ	কস্বর	বিকাসিত
হিংস	পরানিষ্ট	র	ঐ	হিংস্র	হিংসাশীল
নম	নমন	র	ঐ	নম্র	নম্রশীল
অজস্	অবিশ্রাম	র	ঐ	অজস্র	নিরন্তর
দীপ	দীপ্তি	র	ঐ	দীপ্র	দীপ্তিশীল
চন্দি	দীপ্তি	র	ঐ	চন্দ্র	শশাঙ্ক
পিপাস	পানেচ্ছা	উ	ঐ	পিপাসু	পিপাসাশীল
জ্ঞা	জিজ্ঞাসা	উ	ঐ	জিজ্ঞাসু	জানিতেইচ্ছুক
আ-শংস	ইচ্ছা	উ	ঐ	আশংসু	অভিলাষযুক্ত
জাগৃ	নিদ্রাক্ষয়	উক	ঐ	জাগরূক	জাগরণশীল
বদ	অতিবল	উক	ঐ	বাবদূক	পুনঃপুনবক্তা
দনশ	দংশন	উক	ঐ	দন্দশূক	সর্প, রাক্ষস
যজ	দেবার্চ্চা	উক	ঐ	যাজজূক	পুরোহিত
জপ	দেবনাম-স্মরণ	উক	ঐ	জংজপূক	সদা জাপক
ভী	ভয়	ক্রু	ঐ	ভীরু	ভয়শীল
শৎ	অনিষ্ট	ক্রু	ঐ	শত্রু	বিপক্ষ
বিদ	জ্ঞান	বসু	ঐ	বিদ্বস্	বিদ্বান্

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
ভূ	উৎপত্তি	স্যতৃ	ভবিষ্যৎ	ভবিষ্যৎ	যাহা হইবে
চল	চলা	শতৃ	সি, কর্ত্তৃ, বি,	চলৎ	অস্থায়ী
জ্বল	জ্বলন	শতৃ	ঐ	জ্বলৎ	প্রজ্বলিত
গল	গলা	শতৃ	ঐ	গলৎ	গলনশীল
জীব	চেতনবস্তু	শতৃ	ঐ	জীবৎ	বর্ত্তমান
শী	শয়ন	শান	ঐ	শয়ান	শয়ন
বৃত	বর্ত্তন	শান	ঐ	বর্ত্তমান	যাহা চলিতেছে
বৃধ	বর্দ্ধন	শান	ঐ	বর্দ্ধমান	বৃদ্ধিশীল
সহ	সহন	শান	ঐ	সহমান	সৌজন্য
আস	আসন	শান	ঐ	আসীন	উপবিষ্ট
দীপ	অগ্নিশিখা	শান	ঐ	দীপ্যমান	প্রত্যক্ষ
বিদ	জ্ঞান	শান	ঐ	বিদ্যমান	বর্ত্তমান
মৃ	মরণ	শান	ঐ	ম্রিয়মান	অবসন্ন
দৃশ	দর্শন	শান	ঐ	দৃশ্যমান	যাহা দেখিতেছে
সেব	সেবা	শান	ঐ	সেব্যমান	যাহাকে সেবিতেছে
গ্রহ	গ্রহণ	শান	ঐ	গৃহ্যমান	যাহা গ্রহণ করিতেছে
দা	দান	শান	ঐ	দীয়মান	যাহা দিতেছে
পা	পান	শান	ঐ	পীয়মান	যাহা পান করিতেছে

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বচ	কথন	স্যমান	ভবিষ্যৎ	বক্ষ্যমান	বলিব যাহা
কৃ	করা	স্যমান	ভবিষ্যৎ	করিষ্যমান	করিব যাহা
গম	গমন	স্যমান	ভবিষ্যৎ	গমিষ্যমান	যাইব যেখানে
কৃ	করণ	ত্রিমক্	সি, কর্ম্ম, বি,	কৃত্রিম	কাল্পনিক
স্মৃ	স্মরণ	তব্য	ঐ	স্মর্ত্তব্য	স্মরণ যোগ্য
গম	গমন	তব্য	ঐ	গন্তব্য	সুগম

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
ভূ	উৎপত্তি	তব্য	ধাত্বর্থ	ভবিতব্য	ঈশ্বরাধীন কর্ম্ম
বিদ	জ্ঞান	তব্য	সি,কর্ম্ম,বি	বেদিতব্য	জানিবার বিষয়
জ্ঞা	বোধ	তব্য	ঐ	জ্ঞাতব্য	জানিবার যোগ্য
পূজ	পূজন	তব্য	ঐ	পূজিতব্য	পূজার যোগ্য
সৃজ	সৃজন	তব্য	ঐ	স্রষ্টব্য	সৃজনোপযুক্ত
দৃশ	দর্শন	তব্য	ঐ	দ্রষ্টব্য	দর্শনোপযুক্ত
স্পৃশ	স্পর্শন	তব্য	ঐ	স্পৃষ্টব্য	স্পর্শন যোগ্য
স্মৃ	স্মরণ	অনীয়	ঐ	স্মরণীয়	স্মৃতি যোগ্য
গম	গমন	অনীয়	ঐ	গমনীয়	গমনোচিত
পূজ	পূজন	অনীয়	ঐ	পূজনীয়	পূজোপযুক্ত

ক্রি	ক্রয়	য	ঐ	ক্রেয়	ক্রেতব্য
শ্রু	শ্রবণ	য	ঐ	শ্রব্য	শ্রবণযোগ্য
শক	শক্তি	য	ঐ	শক্য	যোগ্যতাপন্ন
সহ	সহন	য	ঐ	সহ্য	ক্ষমা, সহনীয়
লভ	লাভ	য	ঐ	লভ্য	লাভ
গম	গমন	য	ঐ	গম্য	গমনোপযুক্ত
নম	নমন	য	ঐ	নম্য	নমনীয়
রম	ক্রীড়া	য	ঐ	রম্য	রমণীয়
গদ	কথন	য	ঐ	গদ্য	ছন্দোরহিতবাক্য
মদ	মত্ততা	য	ঐ	মদ্য	সুরা
চর	আচরণ	য	ঐ	চর্য্য	ব্যবহার্য্য
খন	খনন	য	ঐ	খেয়	খাত, পরিখা
পা	পান	য	ঐ	পেয়	পানোপযুক্ত
দা	দান	য	ঐ	দেয়	দানযোগ্য

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বি-ধা	বিধান	য	সি, কর্ম্ম, বি	বিধেয়	উচিত
গম	গমন	ক্ত	অতীত	গত	অতীত
মৃ	মরণ	ক্ত	অতীত	মৃত	গতপ্রাণ
জি	জয়	ক্ত	অতীত	জিত	জয়যুক্ত
যা	গমন	ক্ত	অতীত	যাত	গত
আ-যা	আগমন	ক্ত	অতীত	আগাত	আগত
কৃ	করণ	ক্ত	অতীত	কৃত	করা হইয়াছে
শ্রু	শ্রবণ	ক্ত	অতীত	শ্রুত	শুনা গিয়াছে
ক্রুধ	ক্রোধ	ক্ত	অতীত	ক্রুদ্ধ	রাগান্বিত
মুহ	মোহ	ক্ত	অতীত	মুগ্ধ	মোহযুক্ত
দৃশ	দর্শন	ক্ত	অতীত	দৃষ্ট	দেখা গিয়াছে
সৃজ	সৃজন	ক্ত	অতীত	সৃষ্ট	সৃজন হইয়াছে
গাহ	প্রবেশ	ক্ত	অতীত	গাঢ়	অতিশয়
লিহ	লেহন	ক্ত	অতীত	লীঢ়	চাটে
গুহ	গোপন	ক্ত	অতীত	গূঢ়	গুপ্ত
মুহ	মোহ	ক্ত	অতীত	মূঢ	মূর্খ
দুহ	দোহন	ক্ত	অতীত	দুগ্ধ	গোরস
সং-দিহ	সন্দেহ	ক্ত	অতীত	সন্দিগ্ধ	সংশয়াপন্ন
খন	খনন	ক্ত	অতীত	খাত	জলাশয়
জন	জন্মান	ক্ত	অতীত	জাত	উৎপন্ন
ছিদ	ছেদ	ক্ত	অতীত	ছিন্ন	ছেদ হইয়াছে
ভিদ	ভেদ	ক্ত	অতীত	ভিন্ন	ভেদ হইয়াছে
বি-পদ	বিপদ	ক্ত	অতীত	বিপন্ন	বিপদ গ্রস্ত
আ-সদ	গমন	ক্ত	অতীত	আসন্ন	নিকট

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
আ-ছদ	ছাদ	ক্ত	অতীত	আচ্ছন্ন	আবৃত
ক্ষুদ	ক্ষুধা	ক্ত	অতীত	ক্ষুণ্ণ	ক্ষুধিত, দুঃখিত
রুজ	রোগ	ক্ত	অতীত	রুগ্ন	রোগগ্রস্ত
ভুজ	ভোজন	ক্ত	অতীত	ভুগ্ন	ভুক্ত
মস্জ	ডোবা	ক্ত	অতীত	মগ্ন	প্রবিষ্ট
দী	অভাব	ক্ত	অতীত	দীন	দরিদ্র
উৎ ডী	উড়ন	ক্ত	অতীত	উড্ডীন	উড়িয়াছে
ক্ষি	ক্ষয়	ক্ত	অতীত	ক্ষীণ	ক্ষয়যুক্ত
বি-স্তৃ	তরণ	ক্ত	অতীত	বিস্তীর্ণ	প্রসারিত
আ-কৄ	করণ	ক্ত	অতীত	আকীর্ণ	ব্যাপ্ত
শৄ	তনুকরণ	ক্ত	অতীত	শীর্ণ	কৃশ
জৄ	জরণ	ক্ত	অতীত	জীর্ণ	পুরাতন
পৄ	সম্পাদন	ক্ত	অতীত	পূর্ণ	পূরিত, শেষ
চুর	ভঙ্গন	ক্ত	অতীত	চূর্ণ	গুঁড়া
গ্লৈ	হর্ষক্ষয়	ক্ত	অতীত	গ্লান	রোগী
ম্লৈ	বিষাদ	ক্ত	অতীত	ম্লান	বিরস, বিষণ্ণ
হ্রী	লজ্জা	ক্ত	অতীত	হ্রীণ, হ্রীত	লজ্জিত
ঘ্রা	গন্ধগ্রাণ	ক্ত	অতীত	ঘ্রাণ, ঘ্রাত	গন্ধ
ত্রৈ	ত্রাণ	ক্ত	অতীত	ত্রাণ, ত্রাত	রক্ষা
ক্লিশ	কষ্ট	ক্ত	অতীত	ক্লিশিত, ক্লিষ্ট	ক্লেশযুক্ত
হৃষ	হরণ	ক্ত	অতীত	হৃষিত, হৃষ্ট	আহ্লাদিত
ক্রুধ	ক্রোধ	ক্ত	অতীত	ক্রুধিত, ক্রুদ্ধ	ক্রোধিত
বি-শ্বস	প্রত্যয়	ক্ত	অতীত	বিশ্বসিত	বিশ্বাস যোগ্য
স্ফায়	বৃদ্ধি	ক্ত	অতীত	স্ফীত	ফোলা
প্যায়	বৃদ্ধি	ক্ত	অতীত	পীন	মাংসল

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
লভ	লাভ	ক্ত	অতীত	লব্ধ	প্রাপ্ত
লুভ	লোভ	ক্ত	অতীত	লুব্ধ	লোভী
ক্ষুভ	ক্ষোভ	ক্ত	অতীত	ক্ষুব্ধ	ক্ষোভবিশিষ্ট
দন্‌শ	দংশন	ক্ত	অতীত	দষ্ট	দংশনবিশিষ্ট
অনু-রঞ্জ	অনুরাগ	ক্ত	অতীত	অনুরক্ত	আসক্ত, রত
আ-সন্‌জ	সঙ্গ	ক্ত	অতীত	আসক্ত	তৎপর
স্তন্‌ভ	স্তম্ভন	ক্ত	অতীত	স্তব্ধ	স্পন্দরহিত
ভ্রন্‌শ	অধঃপতন	ক্ত	অতীত	ভ্রষ্ট	নষ্ট, চ্যুত
ধ্বন্‌শ	নাশ	ক্ত	অতীত	ধ্বস্ত	হত
প্রশন্‌স	যশঃকীর্ত্তন	ক্ত	অতীত	প্রশস্ত	প্রশংসনীয়
গ্রন্থ	গ্রন্থন	ক্ত	অতীত	গ্রথিত	গাঁথা
মন্থ	মন্থন	ক্ত	অতীত	মথিত	বিলোড়িত
যজ	দেবার্চ্চা	ক্ত	অতীত	ইষ্ট	বাঞ্ছিত
বচ	বাক্য	ক্ত	অতীত	উক্ত	কথিত
স্বপ	শয়ন	ক্ত	অতীত	সুপ্ত	নিদ্রিত
বপ	কেশমুণ্ডন	ক্ত	অতীত	উপ্ত	বীজবপন
বহ	বহন	ক্ত	অতীত	ঊঢ়	পরিণীত
গ্রহ	গ্রহণ	ক্ত	অতীত	গৃহীত	প্রাপ্ত
প্রচ্ছ	জিজ্ঞাসা	ক্ত	অতীত	পৃষ্ট	জিজ্ঞাসিত
নি যম	রীতিপালন	ক্ত	অতীত	নিয়ত	সর্ব্বদা
রম	ক্রীড়া	ক্ত	অতীত	রত	আসক্ত
নম	নমন	ক্ত	অতীত	নত	নম্র
হন	হনন	ক্ত	অতীত	হত	বিনাশিত
মন	মনন	ক্ত	অতীত	মত	সদৃশ

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
ক্ষণ	নাশ	ক্ত	অতীত	ক্ষত	ঘা, ব্রণ
তন	বিস্তার	ক্ত	অতীত	তত	বিস্তৃত
আ-ক্রম	পাদবি-ক্ষেপ	ক্ত	অতীত	আক্রান্ত	আক্রমণ বিশিষ্ট
ক্লম	ক্লান্তি	ক্ত	অতীত	ক্লান্ত	ক্লান্তিযুক্ত
ভ্রম	ভ্রান্তি	ক্ত	অতীত	ভ্রান্ত	ভ্রমযুক্ত
শ্রম	শ্রান্তি	ক্ত	অতীত	শ্রান্ত	শ্রমযুক্ত
দম	দমন	ক্ত	অতীত	দান্ত	সুশাসিত
শম	শান্তি	ক্ত	অতীত	শান্ত	শিষ্ট
ক্ষম	ক্ষমা	ক্ত	অতীত	ক্ষান্ত	সহনশীল
দিব	ক্রীড়া	ক্ত	অতীত	দ্যূত	ক্রীড়া বিশেষ
পরি-মা	পরিমাণ	ক্ত	অতীত	পরিমিত	পরিমাণ বিশিষ্ট
স্থা	গতি	ক্ত	অতীত	স্থিত	স্থায়ী
প্র-দা	দান	ক্ত	অতীত	প্রদত্ত	সমর্পিত
বি-ধা	বিধান	ক্ত	অতীত	বিহিত	বিধেয়
আ-হ্বে	আহ্বান	ক্ত	অতীত	আহূত	নিমন্ত্রিত
পা	পান	ক্ত	অতীত	পীত	পানকৃত
গৈ	গান	ক্ত	অতীত	গীত	গান
হা	ত্যাগ	ক্ত	অতীত	হীন	রহিত
ক্ষৈ	ক্ষয়	ক্ত	অতীত	ক্ষাম	দুর্ব্বল
শুষ	শোষণ	ক্ত	অতীত	শুষ্ক	নীরস
পচ	পাক	ক্ত	অতীত	পক্ক	পাক

বিত্ত, ফুল্ল, তূর্ণ, প্রভৃতি কতকগুলি পদ নিপাতনে সিদ্ধ।

জি	জয়	ক্তবতু	ভবিষ্যৎ	জিতবান	জয়শীল
কৃ	করণ	ক্তবতু	ভবিষ্যৎ	কৃতবান	কার্য্যশীল

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
কৃ	করণ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি.	কার্য্য	কর্ম্ম
হৃ	হরণ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি.	হার্য্য	হরণীয়
ভিদ	ভেদ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি,	ভেদ্য	ভেদোপযুক্ত
বুধ	বোধ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	বোধ্য	বোধোপযুক্ত
মন	মান	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	মান্য	মাননীয়
বহ	বহন	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	বাহ্য	বহনযোগ্য
সিচ	সেচন	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	সেচ্য	সেচনীয়
পচ	পাক	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	পাচ্য	পাকযোগ্য
ত্যজ	ত্যাগ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	ত্যাজ্য	ত্যাগার্হ
যজ	দেবার্চ্চা	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	যাজ্য	যাজনোপযুক্ত
বচ	কথা	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	বাক্য,বাচ্য	বলিবার যোগ্য
ভজ	ভাগ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	ভাগ্য,ভাজ্য	ভজনীয়
ভুজ	অশন	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	ভোগ্য,ভোজ্য	ভোগোপযুক্ত
যুজ	যোগ	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	যোগ্য,যোজ্য	উপযুক্ত
রাজন্-সূ	প্রসব(মি-পাতন)	ঘ্যণ	সি,কর্ম্ম,বি	রাজসূয়	যজ্ঞবিশেষ
অমা-বস	বাস	ঘ্যণ	সি,কর্ম্ম.বি	অমাবস্যা	তিথিবিশেষ

ভৃ	ভরণ	ক্যপ্	সি,কর্ম্ম,বি	ভৃত্য	দাস
প্রাতর-কৃ	করা	ক্যপ্	সি,কর্ম্ম,বি	প্রাতঃকৃত্য	প্রাতঃক্রিয়া
নৃত	নর্ত্তক	ক্যপ্	সি,কর্ম্ম,বি	নৃত্য	নাচন
শাস	শাসন	ক্যপ্	সি,কর্ম্ম,বি	শিষ্য	উপদেশার্হ
গো-হন	হনন	ক্যপ্	সি,কর্ম্ম,বি	গোহত্যা	গো বধ
স্ত্রী-হন	হনন	ক্যপ্	সি,কর্ম্ম,বি	স্ত্রীহত্যা	স্ত্রীবধ
ব্রহ্ম-হন	হনন	ক্যপ্	সি,কর্ম্ম,বি	ব্রহ্মহত্যা	ব্রাহ্মণবধ

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
পরি-চর	আচরণ	ক্যপ্	ধাত্বর্থমাত্র	পরিচর্য্যা	সেবা
বিদ	জ্ঞান	ক্যপ্	ধাত্বর্থ	বিদ্যা	জ্ঞান
মৃগ	অন্বেষণ	ক্যপ্	ধাত্বর্থ	মৃগয়া	বন্যপশু বধ চেষ্টা
কৃ	করণ	ক্যপ্	ধাত্বর্থ	ক্রিয়া, কৃত্যা	কর্ম্ম
শী	শয়ন	ক্যপ্	ধাত্বর্থ	শয্যা	বিছেনা
হন	হনন	ক্যপ্	ধাত্বর্থ	হত্যা	বধ
পিপাস	পানেচ্ছা	অ	ধাত্বর্থ	পিপাসা	তৃষ্ণা
জিজ্ঞাস	জ্ঞানেচ্ছা	অ	ধাত্বর্থ	জিজ্ঞাসা	প্রশ্ন
তপস্য	কষ্টগ্রহণ	অ	ধাত্বর্থ	তপস্যা	ঈশ্বরারাধনা
সেব	সেবন	ঙ	ধাত্বর্থ	সেবা	শুশ্রূষা
রক্ষ	রক্ষা	ঙ	ধাত্বর্থ	রক্ষা	পরিত্রাণ
শঙ্ক	ভয়	ঙ	ধাত্বর্থ	শঙ্কা	ভয়
ক্রীড়	ক্রীড়া	ঙ	ধাত্বর্থ	ক্রীড়া	খেলা
নিন্দ	নিন্দা	ঙ	ধাত্বর্থ	নিন্দা	কুৎসা
চিন্ত	ভাবনা	ঙ	ধাত্বর্থ	চিন্তা	ভাবনা
পূজ	পূজন	ঙ	ধাত্বর্থ	পূজা	অর্চ্চনা
শোভ	শোভন	ঙ	ধাত্বর্থ	শোভা	কান্তি
পীড়	পীড়ন	ঙ	ধাত্বর্থ	পীড়া	ব্যামোহ
আ-জ্ঞা	জ্ঞাপন	ঙ	ধাত্বর্থ	আজ্ঞা	অনুমতি
উপ-মা	দৃষ্টান্ত	ঙ	ধাত্বর্থ	উপমা	দৃষ্টান্ত
প্র-ভা	দীপ্তি	ঙ	ধাত্বর্থ	প্রভা	দীপ্তি
আ-খ্যা	খ্যাতি	ঙ	ধাত্বর্থ	আখ্যা	নাম
অব-স্থা	গতি	ঙ	ধাত্বর্থ	অবস্থা	দশা
কৃপ	করুণ	ঙ	ধাত্বর্থ	কৃপা	দয়া
ক্ষম	ক্ষমাকরা	ঙ	ধাত্বর্থ	ক্ষমা	তিতিক্ষা

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
দয়	অনুকম্প	ঙ	ধাত্বর্থমাত্র	দয়া	কৃপা
ইষ	বাঞ্ছা	ঙ	ধাত্বর্থ	ইচ্ছা	অভিলাষ
জ্বর	পীড়া	ঙ	ধাত্বর্থ	জ্বরা	রোগাক্রান্ত
ত্বর	দ্রুত	ঙ	ধাত্বর্থ	ত্বরা	শীঘ্র
ত্রপ	লজ্জা	ঙ	ধাত্বর্থ	ত্রপা	লজ্জা
ব্যথ	ক্লেশ	ঙ	ধাত্বর্থ	ব্যথা	বেদনা
স্বপ	শয়ন	ন	ধাত্বর্থ	স্বপ্ন	নিদ্রাবস্থায় দেখা
যত	যত্ন	ন	ধাত্বর্থ	যত্ন	চেষ্টা
যজ	দেবার্চ্চা	ন	ধাত্বর্থ	যজ্ঞ	যাগ
প্রচ্ছ	জিজ্ঞাসা	ন	ধাত্বর্থ	প্রশ্ন	অন্বেষণ
যাচ	ভিক্ষা	ন	ধাত্বর্থ	যাচ্ঞা	প্রার্থনা
শপ	আক্রোশ	ঘঞ	ধাত্বর্থ	শাপ	অভিশম্পাত
নশ	নাশ	ঘঞ	ধাত্বর্থ	নাশ	ধ্বংস
পচ	পাক	ঘঞ	ধাত্বর্থ	পাক	পক্ক
যুজ	একত্রিক-রণ	ঘঞ	ধাত্বর্থ	যোগ	মিলন
ভূ	উৎপত্তি	ঘঞ	ধাত্বর্থ	ভাব	অভিপ্রায়
দা	দান	ঘঞ	ধাত্বর্থ	দায়	বিপত্তি
স্মৃ	স্মরণ	ক্তি	ধাত্বর্থ	স্মৃতি	স্মরণ
শ্রু	শ্রবণ	ক্তি	ধাত্বর্থ	শ্রুতি	বেদ, শ্রবণ
দৃশ	ঈক্ষণ	ক্তি	ধাত্বর্থ	দৃষ্টি	নিরীক্ষণ
মন	অনুমান	ক্তি	ধাত্বর্থ	মতি	বুদ্ধি

ধাতু	ধাত্বর্থ	প্রত্যয়	প্রত্যয়ার্থ	সিদ্ধপদ	অর্থ
বুধ	জ্ঞান	ক্তি	ধাত্বর্থ	বুদ্ধি	প্রজ্ঞা
শ্রম	ক্লম	ক্তি	ধাত্বর্থ	শ্রান্তি	ক্লেশ
গ্লৈ	হর্ষক্ষয়	ক্তি	ধাত্বর্থ	গ্লানি	শ্রান্তি
ম্লৈ	বিষাদ	ক্তি	ধাত্বর্থ	ম্লানি	মলিনতা
হা	ত্যাগ	ক্তি	ধাত্বর্থ	হানি	ক্ষতি

পূ	শোধন	ইত্র	ধাত্বর্থমাত্র	পবিত্র	শুদ্ধ
চর	গমন	ইত্র	ধাত্বর্থ	চরিত্র	ব্যবহার
বস	আচ্ছাদন	ত্র	সি, কর্ম্ম, বি,	বস্ত্র	কাপড়
সৃপ	গতি	ইস্	সি, কর্ত্তা, বি,	সর্পিঃ	ঘৃত
নী	প্রাপণ	ত্র	সি, করণ, বি,	নেত্র	চক্ষু
মন	অনুমান	অস্	সি, করণ, বি,	মনঃ	বুদ্ধিস্থান
চক্ষ	দর্শন	উস	সি, করণ, বি,	চক্ষুঃ	নেত্র

প্রত্যয়ান্ত ধাতু।

ধাতুর পর ণিঙ, সন, যঙ, এবং শব্দের পর ক্য, ণ্ডা প্রভৃতি প্রত্যয় করিয়া যাহা নিষ্পন্ন হয়, তাহাদিগকে প্রত্যয়ান্ত ধাতু বলা যায়। প্রত্যয়ান্ত ধাতুর পর কৃৎ প্রত্যয় হইলে, তাহা বাঙ্গালা ভাষায় ব্যবহৃত হইয়া থাকে।

প্রত্যয়ান্ত ধাতু পাঁচ প্রকার, চুরাদি, ণ্যন্ত, সনন্ত, যঙন্ত, লিধু অর্থাৎ নাম ধাতু। কতকগুলি প্রত্যয়ান্ত ধাতুর উদাহরণ নিম্নে প্রদর্শিত হইল। বিদ্যার্থি সমূহ ইহা অভিনিবেশ

পূর্ব্বক পর্য্যালোচনা করিলে অন্যান্য সমস্ত অনায়াসেই হৃদয়ঙ্গম করিতে পারিবেন।

চুরাদি।

মুল ধাতু	চুরাদি ধাতু	কৃৎপ্রত্যয়ান্ত পদ	অর্থ
ঘট	ঘটি	ঘটনা	যোজনা
স্থা	স্থাপি	স্থাপন	স্থিতিকরণ
ব্যথ	ব্যথি	ব্যথা	বেদনা
কথ	কথি	কথা	উক্তি
ঘট	ঘটি	ঘটিত	সংশ্লিষ্ট
ব্যথ	ব্যথি	ব্যথিত	পীড়িত
কথ	কথি	কথিত	উক্ত
বৃধ	বৰ্দ্ধি	বর্দ্ধিত	উন্নত
কৃ	কারি	কারিত	করা
চল	চালি	চালিত	চলিত
বি-জ্ঞা	বিজ্ঞাপি	বিজ্ঞাপ্য	বিজ্ঞাপ্তি যোগ্য
যা	যাপি	যাপিত	যাপন করা

ণ্যন্ত।

ভী	ভীষি	ভীষণ	ভয়ঙ্কর
পা (রক্ষা)	পালি	পালন	ভরণ পোষণ
পা (পান)	পায়ি	পায়িত	পীত
রুহ	রোহি	রোহণ	বপন, পোতন
রুহ	রোপি	রোপণ	বপন, পোতন
অধি-ইঙ	অধ্যাপি	অধ্যাপন	শিখান
দুষ	দোষি, দুষি,	দোষণ, দুষণ	নিন্দা, দোষ

মূল ধাতু	ণিজন্ত ধাতু	কৃৎপ্রত্যয়ান্ত পদ	অর্থ
হন	ঘাতি	ঘাতন	বধ, মারণ
ঋ	অর্পি	অর্পণ	প্রদান

সনন্ত ধাতু।

মূলধাতু	সনন্তধাতু	কৃৎপ্রত্যয়ান্তপদ	অর্থ
পা	পিপাস্	পিপাসা	পান করিবার ইচ্ছা
জ্ঞা	জিজ্ঞাস্	জিজ্ঞাসা	জানিবার ইচ্ছা
জীব	জিজীবিষ্	জিজীবিষা	বাঁচিবার ইচ্ছা
শ্রু	শুশ্রূষ্	শুশ্রূষা	শ্রবণেচ্ছা
ভুজ	বুভুক্ষ	বুভুক্ষা	ভোজনেচ্ছা
দৃশ	দিদৃক্ষ	দিদৃক্ষু	দর্শনেচ্ছু
হৃ	জিহীর্ষ	জিহীর্ষু	হরণেচ্ছু
স্বপ	সুষুপ্‌স	সুষুপ্‌সা	শয়নেচ্ছা
উপ-কৃ	উপচিকীর্ষ	উপচিকীর্ষা	উপকারেচ্ছা
জি	জিগিষ্	জিগীষু	জয়েচ্ছু
হন	জিঘাংস	জিঘাংসা	হননেচ্ছা
অধি ইঙ	অধিজিগাংস্	অধিজিগাংসু	অধ্যয়নেচ্ছু
নির্-মা	নির্ম্মিৎস	নির্ম্মিৎসা	নির্ম্মাণেচ্ছা
দা	দিৎস	দিৎসা	দানেচ্ছা
প্রতি-বি-ধা	প্রতিবিধিৎস	প্রতিবিধিৎসা	প্রতিবিধানেচ্ছা
লভ	লিপ্‌স্	লিপ্‌সা	লাভেচ্ছা
শক	শিক্ষ	শিক্ষা	শক্তির ইচ্ছা
পত	পিৎস্	পিৎসা	পতনেচ্ছা
স্থা	তিষ্ঠাস্	তিষ্ঠাসা	স্থিতির ইচ্ছা
মৃ	মুমূর্ষ্	মুমূর্ষা	মৃত্যু ইচ্ছা

মূল ধাতু	সনন্তধাতু	কৃৎপ্রত্যয়ান্ত পদ	অর্থ
জ্ঞা	জ্ঞীপ্স্	জ্ঞীপ্সা	জ্ঞাপনেচ্ছা
মান	মীমাংস্	মীমাংসা	সিদ্ধান্ত
কিত	চিকিৎস্	চিকিৎসা	রোগ দূর করা
তিজ	তিতিক্ষ	তিতিক্ষা	ক্ষমা
গুপ	জুগুপ্স্	জুগুপ্সা	নিন্দা

যঙন্ত ধাতু ।

মূলধাতু	যঙন্তধাতু	শানপ্রত্যয়ান্তপদ	অর্থ
দীপ	দেদীপ্য	দেদীপ্যমান	অতিশয় দীপ্তি পাইতেছে যাহা
জ্বল	জাজ্বল্য	জাজ্বল্যমান	অত্যন্তজ্বলিতেছে যাহা
পা	পেপীয়	পেপীয়মান	বারম্বার পান করিতেছে যাহা
দা	দেদীয়	দেদীয়মান	পুনঃপুন দিতেছেযাহা
স্মৃ	সাস্মর্য্য	সাস্মর্য্যমাণ	পুনঃপুন স্মরণ করিতেছে যাহে
দন্শ	দন্দশ্য	দন্দশ্যমান	বারম্বার দংশন করিতেছে যাকে
গৈ	জেগীয়	জেগীয়মান	পুনঃপুন গান করিতেছে যাহা
বদ	বাবদ্য	বাবদ্যমান	অত্যন্ত বলিতেছে যাহা
দৃশ	দরীদৃশ্য	দরীদৃশ্যমান	পুনঃপুন দেখিতেছে যাহা

নাম ধাতু ।

শব্দের পর প্রত্যয় যোগে যে ধাতু উৎপন্ন হয় তাহার

নাম নামধাতু। শব্দ ণ্ড্য প্রত্যয়—শব্দায়, তৎপরে শান প্রত্যয়— শব্দায়মান। এইরূপ ধূমায়মান। অমৃতায়মান। সুখায়মান। দণ্ডায়মান। খেদায়মান। ইত্যাদি।

ধাতু মালা।

পাঠকদিগের আশু বোধার্থ কতকগুলি ব্যবহার্য্য প্রয়োজনীয় নানাবিধ ধাতু নিম্নে প্রদর্শিত হইল। ইহা দ্বারা ধাতু পরিচয় বিষয়ে অনেক উপকার দর্শিতে পারিবে।

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধ পদ
লুচ	ঈক্ষণ	অনট	লোচন
বচ	বলা	অনট	বচন
উপ-অর্জ্জ	অর্জ্জন	অনট	উপার্জ্জন
গর্জ্জ	গর্জ্জন	অনট	গর্জ্জন
মার্জ্জ	মার্জ্জন	অনট	মার্জ্জন
বৃজ	ত্যাগ	অনট	বর্জ্জন
ত্রৈ	রক্ষা	অনট	ত্রাণ
ধ্যৈ	চিন্তন	অনট	ধ্যান
শো	তীক্ষ্ণ করণ	অনট	শান
বি-লোক	দর্শন	অনট	বিলোকন
লিখ	লেখন	অনট	লেখন
দোল	ঝুলন	অনট	দোলন
আ-ছদ	আবরণ	অনট	আচ্ছাদন
বীজ	ব্যজন	অনট	বীজন
আ-ঘ্রা	গন্ধ গ্রহণ	অনট	আঘ্রাণ
জ্ঞা	বিদিত হওয়া	অনট	জ্ঞান
দা	দান	অনট	দান

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
পা	পান	অনট	পান
পরি-মা	পরিমাণ	অনট	পরিমাণ
যা	গমন	অনট	যান
অধি-ই	পাঠকরা	অনট	অধ্যয়ন
চি	চয়ন	অনট	চয়ন
নী	প্রাপণ	অনট	নয়ন
শ্রু	শুনন	অনট	শ্রবণ
ঋ (ণিচ)	প্রাপণ	অনট	অর্পণ
আ-বৃ	আচ্ছাদন	অনট	আবরণ
কৄ	বিক্ষেপ	অনট	কিরণ
আ-হ্বে	আহ্বান	অনট	আহ্বান
শিঞ্জ	অব্যক্ত ধ্বনি	অনট	শিঞ্জন
পরি-অট	গমন	অনট	পর্য্যটন
প্র-কট	বিবরণ	অনট	প্রকটন
ঘট	যোজন	অনট	ঘটন
বণ্ট	বণ্টন	অনট	বণ্টন
লুণ্ঠ	চৌর্য্য	অনট	লুণ্ঠন
আ-লুড়	মন্থন	অনট	আলোড়ন
বি-লুড়	মন্থন	অনট	বিলোড়ন
ঘূর্ণ	ভ্রমণ	অনট	ঘূর্ণন
চূর্ণ	পেষণ	অনট	চূর্ণন
কৃত	ছেদন	অনট	কর্ত্তন
কৃত	সংশব্দ	অনট	কীর্ত্তন
পত	পতন	অনট	পতন
গ্রথ	গাঁথন	অনট	গ্রন্থন

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
মথ	মন্থন	অনট	মন্থন
কুর্দ্দ	ক্রীড়া	অনট	কুর্দ্দন
বদ	বলা	অনট	বদন
আ-স্বদ	আস্বাদ	অনট	আস্বাদন
স্পন্দ	ঈষৎকম্পন	অনট	স্পন্দন
স্যন্দ	ক্ষরণ	অনট	স্যন্দন
শুধ	শুদ্ধি	অনট	শোধন
সাধ	সিদ্ধি	অনট	সাধন
খন	খনন	অনট	খনন
মন	বোধ	অনট	মনন
হন	বধ	অনট	হনন
ক্ষিপ	ক্ষেপ	অনট	ক্ষেপণ
তৃপ	তৃপ্তি	অনট	তর্পণ
সৃপ	গতি	অনট	সর্পণ
চুম্ব	চুম্বন	অনট	চুম্বন
অব-লম্ব	আশ্রয়	অনট	অবলম্বন
রম	ক্রীড়া	অনট	রমণ
বম	উদ্গিরণ	অনট	বমন
অয়	গতি	অনট	পলায়ন
বি-চর	গমন	অনট	বিচরণ
স্ফুর	স্ফূর্ত্তি	অনট	স্ফুরণ
চল	গতি	অনট	চলন
উৎ-মীল	নিমেষ	অনট	উন্মীলন
জীব	বাঁচন	অনট	জীবন
ধাব	দ্রুতগতি	অনট	ধাবন

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
ষ্ঠিব	থুথু	অনট	নিষ্ঠিবন
অশ	ভোজন	অনট	অশন
দন্‌শ	দংশন	অনট	দংশন
দৃশ	ঈক্ষণ	অনট	দর্শন
ঈক্ষ	দর্শন	অনট	ঈক্ষণ
আ-কৃষ	আকর্ষণ	অনট	আকর্ষণ
ঘৃষ	ঘর্ষণ	অনট	ঘর্ষণ
পিষ	চূর্ণন	অনট	পেষণ
ভক্ষ	ভোজন	অনট	ভক্ষণ
মৃষ	ক্ষমা	অনট	মর্ষণ
মৃক্ষ	ম্রক্ষণ	অনট	ম্রক্ষণ
রক্ষ	পালন	অনট	রক্ষণ
অব-গাহ	বিলোড়ন	অনট	অবগাহন
ভূষ	ভূষণ	অনট	ভূষণ
লিহ	স্বাদ	অনট	লেহন
বহ	বহন	অনট	বহন

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
তুল	পরিমাণ	অন	তুলনা
অনু-শুচ	শোক	অন	অনু-শোচনা
অর্চ্চ	পূজন	অন	অর্চ্চনা
রুচ	রুচি	অন	রোচন
রুচ	রুচি	অন	রোচনা
প্র-অর্থ	যাচ্ঞা	অন	প্রার্থনা
গণ	সংখ্যা	অন	গণনা
রস	স্বাদ	অন	রসনা

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
রচ	রচনা	অন	রচনা
বর্ণ	বর্ণন	অন	বর্ণনা
স্বান্ত্ব	স্বান্তনা	অন	স্বান্ত্বনা
ভু (ণিচ)	চিন্ত	অন	ভাবনা
জন-অর্দ্দ	যাতনা	অন	জনার্দ্দন
মদ	হর্ষ	অন	মদন
আ-রাধ	সিদ্ধি	অন	আরাধনা
কৃপ	কম্পন	অন	কম্পনা
পরি দিব	দেবন	অন	পরিদেবনা
ঘুষ	ঘোষণ	অন	ঘোষণা
ভর্ৎস	ভর্ৎসন	অন	ভর্ৎসনা।

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
লস্‌জ	লজ্জা	ও	লজ্জা।
নি-দ্রৈ	নিদ্রা	ও	নিদ্রা
শঙ্ক	ত্রাস	ও	শঙ্কা
কথ	বলা	ও	কথা
কৃপ	দয়া	ও	কৃপা
স্পৃহ	বাঞ্ছা	ও	স্পৃহা
নি-দ্রা	ঘুমান	ও	নিদ্রা
আ-ভা	দীপ্তি	ও	আভা
ক্রীড়	খেলন	ও	ক্রীড়া
পীড়	পীড়ন	ও	পীড়া
ব্রীড়	লজ্জা	ও	ব্রীড়া
অব-হেল	অনাদর	ও	অবহেলা
ব্যথ	দুঃখ	ও	ব্যথা

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
বাধ	প্রতিরোধ	ঙ	বাধা
স্পর্দ্ধ	সংঘর্ষ	ঙ	স্পর্দ্ধা
ত্রপ	লজ্জা	ঙ	ত্রপা
ক্ষম	মর্ষণ	ঙ	ক্ষমা
জ্বর	রোগ	ঙ	জ্বরা
ত্বর	বেগ	ঙ	ত্বরা
হিংস	হিংসন	ঙ	হিংসা

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
অভি-সিচ	সেচন	ঘঞ	অভিষেক
যুজ	সমাধি	ঘঞ	যোগ
অনু-রন্জ	রাগ	ঘঞ	অনুরাগ
উৎ-বিজ	ভয়	ঘঞ	উদ্বেগ
মহৎ-অর্ঘ	মূল্য	ঘঞ	মহার্ঘ
পচ	পচন	ঘঞ	পাক
দৄ	বিদারণ	ঘঞ	বিদার
পরি-ষ্বন্জ	আলিঙ্গন	ঘঞ	পরিষ্বঙ্গ
নদ	শব্দ	ঘঞ	নাদ
নি-সদ	গতি	ঘঞ	নিষাদ
আ-লপ	ভাষণ	ঘঞ	আলাপ
লভ	প্রাপ্তি	ঘঞ	লাভ
প্র-নম	নমন	ঘঞ	প্রণাম
প্র কাশ	দ্যুতি	ঘঞ	প্রকাশ
অভি-লষ	স্পৃহা	ঘঞ	অভিলাষ
ত্রস	ভয়	ঘঞ	ত্রাস
শ্বস	শ্বাস	ঘঞ	শ্বাস

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
দহ	দহন	ঘঞ	দাহ
আ হ্লাদ	মোদন	ঘঞ	আহ্লাদ
প্রচ্ছ	জিজ্ঞাসা	ন	প্রশ্ন
যজ	দেবার্চ্চা	ন	যজ্ঞ
যাচ	যাচন	ন	যাচ্ঞা
যত	যত্ন	ন	যত্ন
স্বপ	শয়ন	ন	স্বপ্ন
আ-লোক	দীপ্তি	অল্	আলোক
সংকুচ	সঙ্কোচ	অল্	সঙ্কোচ
ক্ষি	ক্ষয়	অল্	ক্ষয়
ক্রী	ক্রয়	অল্	ক্রয়
ভী	ভয়	অল্	ভয়
দ্রু	গমন	অল্	দ্রব
রু	ধ্বনি	অল্	রব
প্র-সূ	প্রসব	অল্	প্রসব
স্তু	স্তুতি	অল্	স্তব
প্র-মুদ	হর্ষ	অল্	প্রমোদ
ক্রুধ	কোপ	অল্	কোপ
বুধ	জ্ঞান	অল্	বোধ
কুপ	ক্রোধ	অল্	কোপ
জপ	জপ	অল্	জপ
দৃপ	গর্ব্ব	অল্	দর্প
লিপ্	লেপন	অল	লেপ

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
দম্ভ	গর্ব্ব	অল্	দম্ভ
উপ-ক্রম	পাদবিক্ষেপ	অল্	উপক্রম
সংযম	বিরতি	অল্	সংযম
দুল	দোলন	অল্	দোল
ক্লিশ	উপতাপ	অল্	ক্লেশ
ভ্রংশ	অধঃপতন	অল্	ভ্রংশ
প্র-বিশ	প্রবেশ	অল্	প্রবেশ
পরা-মৃশ	মর্শন	অল্	পরামর্শ
দুষ	বিকৃতি	অল্	দোষ
দ্বিষ	বৈর	অল্	দ্বেষ
রুষ	ক্রোধ	অল্	রোষ
ধ্বন্স	নাশ	অল্	ধ্বংস
আ-ভাস	দীপ্তি	অল্	আভাস
দ্রুহ	জিঘাংসা	অল্	দ্রোহ
মুহ	বৈচিত্ত্য	অল্	মোহ
নট	নৃত্য	ণক	নাটক
দ্যুত	দীপ্তি	ণক	দ্যোতক
নৃত	নাচন	ণক	নর্ত্তক
খাদ	ভক্ষণ	ণক	খাদক
পুষ	পোষণ	ণক	পোষক
ভিদ	ভেদন	ণক	ভেদক
মদ	মত্ততা	ণক	মাদক
ভক্ষ	আহার	ণক	ভক্ষক
পচ	পাক	ণক	পাচক

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
প্রতি-পা	রক্ষা	ণক	প্রতিপালক
প্র-তর	প্রতারণ	ণক	প্রতারক
প্র-বন্চ	বঞ্চনা	ণক	প্রবঞ্চক
অনু-গ্রহ	অনুগ্রহ	ণক	অনুগ্রাহক

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
মুর্চ্ছ	মোহ	ক্ত	মূর্চ্ছিত
লাঞ্ছ	লাঞ্ছন	ক্ত	লাঞ্ছিত
বিষ-অন্জ	ম্রক্ষণ	ক্ত	বিষাক্ত
ভন্জ	ভাঙ্গন	ক্ত	ভগ্ন
মস্জ	নিমজ্জন	ক্ত	মগ্ন
রুজ	রোগ	ক্ত	রুগ্ন
ম্লৈ	কান্তিক্ষয়	ক্ত	ম্লান
বি-তর্ক	বিতর্ক	ক্ত	বিতর্কিত
শক	শক্তি	ক্ত	শক্ত
কুণ্ঠ	সঙ্কোচ	ক্ত	কুণ্ঠিত
সংপৃচ	সম্পার্ক	ক্ত	সংপৃক্ত
রিচ	বিয়োগ	ক্ত	রিক্ত
গর্ব্ব	দর্প	ক্ত	গর্ব্বিত
দণ্ড	শাসন	ক্ত	দণ্ডিত
বি-চিত্র	চিত্রকরা	ক্ত	বিচিত্রিত
মিশ্র	সংযোগ	ক্ত	মিশ্রিত
রহ	ত্যাগ	ক্ত	রহিত
বি-খ্যা	খ্যাতি	ক্ত	বিখ্যাত
অঙ্ক	চিহ্ন	ক্ত	অঙ্কিত
অব-ধীর	তুচ্ছ	ক্ত	অবধীরিত

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
আ-শ্রি	সেবা	ক্ত	আশ্রিত
স্মি	প্রকাশ	ক্ত	স্মিত
বি—স্মিত	আশ্চর্য্য	ক্ত	বিস্মিত
ডী	উড়ন	ক্ত	উড্‌ডীন
দী	ক্ষয়	ক্ত	দীন
প্রী	তৃপ্তি	ক্ত	প্রীত
লী	লগ	ক্ত	লীন
প্লু	সলক্ষগতি	ক্ত	প্লুত
যু	মিশ্রণ	ক্ত	যুত
ভূ	সত্তা	ক্ত	ভূত
বি—লূ	ছেদন	ক্ত	বিলূন
জাগৃ	জাগরণ	ক্ত	জাগৃত
আ—দৃ	আদর	ক্ত	আদৃত
ধৃ	ধরা	ক্ত	ধৃত
মৃ	মরণ	ক্ত	মৃত
উৎ—গৄ	নিগরণ	ক্ত	উদ্গীর্ণ
জৄ	জীর্ণতা	ক্ত	জীর্ণ
উৎ—তৄ	উত্তরণ	ক্ত	উত্তীর্ণ
পৄ	পূর্ত্তি	ক্ত	পূর্ণ
বি—স্তৄ	বিস্তার	ক্ত	বিস্তীর্ণ
গৈ	গান	ক্ত	গীত
চেষ্ট	চেষ্টা	ক্ত	চেষ্টিত
স্ফুট	প্রকাশ	ক্ত	স্ফুটিত
পঠ	পঠন	ক্ত	পঠিত
ভণ	কথন	ক্ত	ভণিত

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
বর্ণ	বর্ণন	ক্ত	বর্ণিত
গ্রথ	খ্যাতি	ক্ত	গ্রথিত
অদ	ভক্ষণ	ক্ত	অন্ন
গদ	ভাষণ	ক্ত	গদিত
ছিদ	ছেদ	ক্ত	ছিন্ন
প্র—নুদ	প্রেরণ	ক্ত	প্রণোদিত
ভিদ	ভেদ	ক্ত	ভিন্ন
ক্ষু	ক্ষুধা	ক্ত	ক্ষুধিত
বন্ধ	বন্ধন	ক্ত	বদ্ধ
যুধ	যোধন	ক্ত	যুদ্ধ
ক্রুধ	ক্রোধ	ক্ত	ক্রুদ্ধ
বিধ	বেধন	ক্ত	বিদ্ধ
বৃধ	বৃদ্ধি	ক্ত	বৃদ্ধ
সিধ	সিদ্ধি	ক্ত	সিদ্ধ
জন	জনন	ক্ত	জাত
গুপ	গোপন	ক্ত	গুপ্ত
পুষ্প	বিকশন	ক্ত	পুষ্পিত
লুপ	লোপ	ক্ত	লুপ্ত
শপ	শাপ	ক্ত	শপ্ত
গুম্ফ	গ্রন্থন	ক্ত	গুম্ফিত
ক্ষুভ	ক্ষোভ	ক্ত	ক্ষুব্ধ
বি—জৃম্ভ	জৃম্ভণ	ক্ত	বিজৃম্ভিত
আ—রভ	আরম্ভ	ক্ত	আরব্ধ
লুভ	লোভ	ক্ত	লুব্ধ
স্রন্ভ্	বিশ্বাস	ক্ত	বিস্রব্ধ

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
দম	দমন	ক্ত	দান্ত
শম	শান্তি	ক্ত	শান্ত
আ—কুল	কাতর	ক্ত	আকুলিত
বেষ্ট	বেষ্টন	ক্ত	বেষ্টিত
প্রফুল	বিকাশ	ক্ত	প্রফুল্ল
মিল	মিলন	ক্ত	মিলিত
উৎ-মূল	উৎপাটন	ক্ত	উন্মূলিত
স্খল	স্খলন	ক্ত	স্খলিত
গর্ব্ব	মদ	ক্ত	গর্ব্বিত
নশ	নাশ	ক্ত	নষ্ট
ইষ	বাঞ্ছা	ক্ত	ইষ্ট
আ-কাঙ্ক্ষ	আকাঙ্ক্ষা	ক্ত	আকাঙ্ক্ষিত
ধৃষ	প্রাগল্ভ	ক্ত	ধৃষ্ট
লক্ষ	দর্শন	ক্ত	লক্ষিত
শ্লিষ	শ্লেষ	ক্ত	শ্লিষ্ট
শিক্ষ	শিক্ষণ	ক্ত	শিক্ষিত
হৃষ	হর্ষ	ক্ত	হৃষ্ট
গ্রস	গ্রাস	ক্ত	গ্রস্ত
গ্রহ	গ্রহণ	ক্ত	গৃহীত
গর্হ	কুৎসন	ক্ত	গর্হিত
গুহ	সংবৃতি	ক্ত	গূঢ়
দুহ	দোহন	ক্ত	দুগ্ধ
স্নিহ	স্নেহ	ক্ত	স্নিগ্ধ

রাজ	দীপ্তি	শান	বিরাজমান

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
শী	[illegible]	শান	শয়ান
বি-ধূ	কম্পন	শান	বিধূয়মান
বৃত	বর্ত্তন	শান	বর্ত্তমান
বিদ	সত্তা	শান	বিদ্যমান
প্র-কাশ	প্রকাশ	শান	প্রকাশমান
মৃ	মরণ	শান	ম্রিয়মাণ
খিদ	খেদ	শান	খিদ্যমান

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
মুচ	মোচন	ক্তি	মুক্তি
হা	ত্যাগ	ক্তি	হানি
প্রতি-ই	গমন	ক্তি	প্রতীতি
আ-হু	হোম	ক্তি	আহুতি
বি-স্তৃ	বিস্তার	ক্তি	বিস্তৃতি
স্মৃ	স্মরণ	ক্তি	স্মৃতি
গ্লৈ	গ্লানি	ক্তি	গ্লানি
আ-সন্জ	অনুরাগ	ক্তি	আসক্তি
সৃজ	রচন	ক্তি	সৃষ্টি
উৎ-পদ	উৎপন্ন	ক্তি	উৎপত্তি
বি-আপ	ব্যাপন	ক্তি	ব্যাপ্তি
দীপ	দীপ্তি	ক্তি	দীপ্তি
ক্লম	গ্লানি	ক্তি	ক্লান্তি
গম	গমন	ক্তি	গতি
শ্রম	শ্রম	ক্তি	শ্রান্তি
তুষ	তোষণ	ক্তি	তুষ্টি
পুষ	পোষণ	ক্তি	পুষ্টি

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
বৃষ	বর্ষণ	ক্তি	বৃষ্টি
শাম	শামন	ক্তি	শান্তি
জল-ধা	ধারণ	কি	জলধি
পা	রক্ষা	তৃন	পাতা
কৃ	করণ	তৃন	কর্ত্তা
ভৃ	ভরণ	তৃন	ভর্ত্তা
পুষ	পোষণ	তৃন	পোষ্টা
অভি-যুজ	অভিযোগ	তৃন	অভিযোক্তা
হন	হনন	তৃন	হন্তা
গম	গমন	তৃন	গন্তা
হৃ	হরণ	তৃন	হর্ত্তা
বি-ধা	বিধান	তৃন	বিধাতা
ভুজ	অশন	তৃন	ভোক্তা
যুধ	সংগ্রাম	তৃন	যোদ্ধা
দ্বিষ	দ্বেষ	তৃন	দ্বেষ্টা
গ্রহ	গ্রহণ	তৃন	গ্রহীতা
হ্রী	লজ্জা	ক্বিপ্	হ্রী
প্র-সূ	প্রসব	ক্বিপ্	প্রসূ
পূ	শোধন	ইত্র	পবিত্র
চর	চরণ	ইত্র	চরিত্র
খন	খনন	ইত্র	খনিত্র
ভৃ	পোষণ	ক্যপ	ভৃত্য
বিদ	জ্ঞান	ক্যপ	বিদ্য

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
অগ্র সৃ	গমন	ট	অগ্রসর
কিত	রোগাপনয়ন	সন	চিকিৎসা
মান	বিচার	সন	মীমাংসা
গুপ	কুৎসা	সন	জুগুপ্সা
চদ	দীপ্তি	র	চন্দ্র
গৃধ	লিপ্সা	ক্রু	গৃধ্নু
প্র-গল্‌ভ	ধৃষ্টত্ব	অ	প্রগল্‌ভ
চুর	অপহরণ	অ	চোর

গল	গলন	শতৃ	গলৎ
জ্বল	দীপ্তি	শতৃ	জ্বলৎ
ঈশ	ঐশ্বর্য্য	বর	ঈশ্বর
ভূ-রুহ	জনন	ক	ভূরুহ
পা	পান	তব্য	পাতব্য
জিজ্ঞাস	জিজ্ঞাসা	তব্য	জিজ্ঞাসিতব্য
পা	রক্ষা	তব্য	পালিতব্য
দা	দান	তব্য	দাতব্য
মন	মনন	তব্য	মন্তব্য
জি	জয়	তব্য	জেতব্য
ভী	ভয়	তব্য	ভেতব্য
চি	চয়ন	তব্য	চেতব্য
নী	প্রাপণ	তব্য	নেতব্য
শী	শয়ন	তব্য	শয়িতব্য
স্তু	স্তব	তব্য	স্তোতব্য
শ্রু	শ্রবণ	তব্য	শ্রোতব্য

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
স্মৃ	স্মরণ	তব্য	স্মর্ত্তব্য
গ্রহ	গ্রহণ	তব্য	গ্রহীতব্য
মিহ	মেহন	তব্য	মেঢ়ব্য
দহ	দহন	তব্য	দগ্ধব্য
সহ	সহন	তব্য	সোঢ়ব্য
ভ্রস্জ	নষ্ট	তব্য	ভ্রষ্টব্য
মৃজ	মার্জ্জন	অনীয়	মার্জ্জনীয়
মান	অর্চ্চন	অনীয়	মাননীয়
পা	পান	অনীয়	পানীয়
কম	স্পৃহা	অনীয়	কমনীয়
অর্হ	যোগ্যত্ব	অনীয়	অর্হনীয়
দন্শ	দংশন	অনীয়	দংশনীয়
কথ	কথা	অনীয়	কথনীয়
বহ	বহন	ঘ্যণ	বাহ্য
কৃ	করা	ঘ্যণ	কার্য্য
হৃ	হরণ	ঘ্যণ	হার্য্য
পূর	পূর্ত্তি	ঘ্যণ	পূর্য্য
চুষ	চোষণ	ঘ্যণ	চোষ্য
বি-শিষ	বিশেষ	ঘ্যণ	বিশেষ্য
দুহ	দোহন	ঘ্যণ	দোহ্য
ভূ	উৎপত্তি	ঘ্যণ	ভাব্য
পচ	পাক	ঘ্যণ	পাক্য, পাচ্য
অর্চ্চ	অর্চ্চনা	ঘ্যণ	অর্চ্চ্য
পূজ	পূজন	ঘ্যণ	পূজ্য

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
ত্যজ	ত্যাগ	ঘ্যণ্	ত্যাজ্য
যজ	দেবার্চ্চা	ঘ্যণ	যাজ্য
ভুজ	ভোজন	ঘ্যণ	ভোজ্য
যুজ	যোজন	ঘ্যণ	যোগ্য, যোজ্য
বচ	বাক্য	ঘ্যণ	বাক্য, বাচ্য.
আ। চর	আচরণ	ঘ্যণ	আচার্য্য
সৃজ	সৃজন	ঘ্যণ্	সর্গ্য

ধাতু	অর্থ	প্রত্যয়	সিদ্ধপদ
শক	শক্তি	য	শক্য
শস	শস্য	য	শস্য
নম	নমন	য	নম্য
লভ	লাভ	য	লভ্য
দা	দান	য	দেয়
গৈ	গান	য	গেয়
ধ্যৈ	চিন্তা	য	ধেয়
সেব	সেবন	য	সেব্য
সহ	সহন	য	সহ্য
প্রতিপাল	রক্ষা	য	প্রতিপাল্য
পা	পান	য	পেয়
পাপ-হন	হনন	টক	পাপঘ্ন
ভূ	সত্তা	ঞুক	ভাবুক
কম	কাম	ঞুক	কামুক
হন	হনন	ঞুক	ঘাতুক

উল্লিখিত ধাতু মালাতে যদিও এক একটি প্রত্যয় যোগ করিয়া কতকগুলি সিদ্ধপদের উদাহরণ প্রদর্শিত হইল, তথাপি শিক্ষার্থীগণ নিবিষ্টমনা হইয়া ইহা বিলক্ষণ অভ্যাস করিলেই অন্যান্য প্রত্যয় যোগ করিয়া কি কি পদ সিদ্ধ হইবেক অনায়াসেই তাহার নির্দ্ধারণ করিতে সক্ষম হইবেন।

উপসর্গ পরিচয়।

প্র-আদি যে বিংশতি অব্যয় শব্দ, অন্য কোন পদের সঙ্গে না বসিয়া পৃথক থাকিয়া আপন আপন অর্থ প্রকাশ করিতে পারে না, তাহাদের নাম উপসর্গ।

যথা প্র পরা অপ সং নি অব অনু নির্ দুর্ বি অধি সু উৎ পরি প্রতি অভি অতি অপি উপ আঙ এই বিংশতি শব্দ উপসর্গ আখ্যায় বিখ্যাত।

উপসর্গ সতত প্রায় ধাতুপদের সহিত যুক্ত থাকে। যথা প্রদান, পরাক্রম, অপবাদ, সংগ্রহ, নিবাস, অবগত, অনুষ্ঠান নির্ণয়, দুর্গতি, বিভাগ, অধিকার, সুবোধ উৎপাত, পরিতাপ, প্রতিকার, অভিমান, অতিক্রম, অপিধান, উপভোগ, আমোদ ইত্যাদি।

কৃচিৎ সমাসরূপে ধাতুর সহিত মিলিত না হইয়াও প্রকাশ পায়। যথা উপবন, আ-সমুদ্র, আ-জন্ম, নিরুত্তর, প্রতিগ্রাম, প্রতিনিধি ইত্যাদি।

উপসর্গ তিন প্রকারে বিভক্ত।

১ম। কোন কোন স্থানে উপসর্গ ধাতুর অর্থের অনুবর্ত্তী

হয়। যথা সব—প্রসব। গাঢ়—প্রগাঢ়। স্বাদ—আস্বাদ। ঘ্রাণ--আঘ্রাণ। হ্লাদ--আহ্লাদ। পক্ব--পরিপক্ব। ইত্যাদি

২য়। কোন কোন স্থলে উপসর্গ ধাত্বর্থের কিঞ্চিৎ কিঞ্চিৎ বিশেষ করিয়া অর্থ বোধ হয়। যথা প্রণত। সংমান। প্রদান বিনাশ। নিবাস বিগত। সুদৃশ্য। নিপাত। সুনিদ্রা। সুস্বাদ ইত্যাতি।

৩য়। কোন কোন স্থলে ধাত্বর্থের অন্যথা অর্থ বোধ করায়। যথা স্থান. প্রস্থান। দান, আদান। বাস, উপবাস। গমন, আগমন। চিন্ত, নিশ্চিন্ত। তরণ, বিতরণ। হার, প্রহার আহার সংহার বিহার অপহার প্রতীহার নীহার পরিহার। চয়, অপচয়। বাদ, প্রতিবাদ। শৃঙ্খলা, বিশৃঙ্খলা। কূল, প্রতিকূল। কার, প্রতিকার। রূপ, বিরূপ ইত্যাদি।

তদ্ধিত।

